মাকদিসী সমগ্র

শায়েখ আবু মুহাম্মাদ আসেম আল-মাকদিসী হাফিঃ

মাকদিসী সমগ্র

শায়েখ আবু মুহাম্মাদ আসেম আল-মাকদিসী হাফিঃ

- এখানে যা যা আছে -

শাইখ আবু মহাম্মাদ আল মাকদিসি(হাঃ) এর এক বিশেষ সাক্ষাৎকার (আলরুইয়া চ্যানেলের সাথে)

প্রশ্নকর্তাঃ ভদ্র মহিলা ও মহোদয় গণ। আপনাদেরকে স্বাগত জানাচ্ছি এই বিশেষ সাক্ষাতকারে, আমাদের সাথে উপস্থিত আছেন সালাফি জিহাদি আন্দোলনের একজন তাত্ত্বিক শাইখ আবু মুহাম্মাদ আল-মাকদিসি।
শাইখ মুহাম্মাদ, আপনাকে স্বাগতম!
আমি প্রথম প্রশ্নটি করছি চলমান পরিস্থিতি নিয়ে, শহীদ(!) পাইলট "মুয়ায কাসাবেহ" এর সম্পর্কে, আপনি কি এই বিষয়ে মধ্যস্ততার পদক্ষেপ নিয়েছিলেন?
শাইখ আল মাকদিসিঃ সকল প্রশংসা আল্লাহ্* রাব্বুল আলামিনের যিনি সমগ্র সৃষ্টি জগতের পালন কর্তা। দুরুদ ও সালাম বর্ষিত হোক আমাদের নবি মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহে ওয়াসাল্লাম), তাঁর বংশধর এবং তাঁর সাহাবিগণের ওপর।
হ্যাঁ। যখনই দাওলা সংগঠনটির হাতে জরডানিয়ান পাইলটের বন্দী হওয়ার খবরটি আমার কাছে এসেছে, তখন থেকেই আমি তাদের সাথে যোগাযোগের চেষ্টা চালিয়েছি, যাতে এর থেকে একটি শরয়ী সুবিধা অর্জন করা যায়; আমি তাদের মধ্য থেকে বিচক্ষণদের বোঝানোর চেষ্টা করি, আদৌ তাদের মধ্যে যদি বিচক্ষণ কেউ থেকে থাকে, যাতে করে জরডানের পাইলটের বিনিময়ে বন্দি সাজিদা রিশাওয়ীকে হস্তান্তর করতে তারা সম্মত হয়। এবং হ্যাঁ। আমি সেজন্যেই তাদের সাথে যোগাযোগ করেছিলাম।

প্রশ্নকর্তাঃ আপনি দাঈশ (আই এস আই এস) এর সাথে এজন্যেই যোগাযোগ করেছিলেন... দাঈশ এই ব্যপারে কী ধরনের প্রতিক্রিয়া জানিয়েছিল? আদৌ কি তাদের কোন প্রতিক্রিয়া ছিল?
শাইখ আল মাকদিসিঃ তাদের সাথে যোগাযোগের পূর্বে আমি ইয়েমেন এবং সিরিয়া, ইসলামিক মাগরিব (মরোক্কো), এবং পুরো পৃথিবীর পূর্ব এবং পশ্চিমে যত মুজাহিদিন রয়েছেন তাদের মধ্য থেকে বিশেষ কিছু ভাইদের সাথে যোগাযোগের উদ্যোগ নেই। এবং আমি যোগাযোগের চেষ্টা করি কুয়েত ও বাহরাইনের বিশেষ কিছু ভাইদের সাথেও। এবং

আমি তাদের কাছ থেকে এই বিষয়ে সহযোগিতা কামনা করি, এবং তারা আমাকে সাহায্য করেন। আল্লাহ্* তাদেরকে উত্তম প্রতিদান দিন এবং আমি তাদেরকে ধন্যবাদ জানাচ্ছি। তারা আমাকে সহোযগিতা করেন চিঠিগুলোর ব্যপারে, যাতে ‘দাওলা’ সংগঠনটির বিচক্ষণ ব্যক্তিদেরকে স্মরণ করিয়ে দেয়া যায় যে পাইলটের বিনিময়ে সাজিদাকে মুক্ত করার এটি একটি সুবর্ণ সুযোগ। ... তারা আমাকে এই বিষয়ে সহায়তা করেন এবং বিভিন্ন ব্যক্তির নাম প্রদান করেও সাহায্য করেন।
তারা আমাকে বিভিন্ন সক্রিয় ব্যক্তির নাম এবং ঠিকানা দিয়ে সাহায্য করেন যা আমার জন্যে বেশ উপকারী বলে প্রমাণিত হয়, এবং আমি ঐগুলোর অনুসরণে তাদের সাথে যোগাযোগ করা শুরু করি। আমি তানজিমুদ্দাওলার প্রভাবশালী ব্যক্তিদের সাথে যোগাযোগ স্থাপন করি। আমি যোগাযোগ করি আবু মুহাম্মাদ আল আদনানির সাথে, বার্তা বিনিময় করি আল বাগদাদির সাথে, শাইখ তুর্কি বানালি এবং অন্যান্য শারিয়া বিশেষজ্ঞদের সাথে... এবং আমি তাদেরকে রাজি করানোর মাধ্যমে এই শর’য়ী সুবিধাটি অর্জন করতে জোর প্রচেষ্টা চালাই।

প্রশ্ন কর্তাঃ দাঈশ এই ব্যপারটিতে কতটুকু গুরুত্ব আরোপ করেছিল? এই সকল প্রচেষ্টা এবং যোগাযোগের ব্যাপারে তাদের প্রতিক্রিয়া কেমন ছিল? তারা কি আপনাকে কোন সাড়া দিয়েছিল? আপনার এবং তাদের মাঝে দৃষ্টান্তমূলক কোন মত বিনিময় হয়েছিল কি?
শাইখ আল মাকদিসিঃ অত্যন্ত পরিতাপের বিষয়, আমি ভেবেছিলাম তারা তাদের বোনের মুক্তি এবং এই ধরনের শর’য়ী সুবিধা আর্জনের জন্যে উদগ্রিব হয়ে থাকবে, কিন্তু দুঃখের বিষয় এই ব্যপারে তাদের কোন প্রতিক্রিয়া তো ছিলই না বরং তাদের অবস্থান ছিল এর বিপরীত। তাদের মধ্যে কেউ কেউ আমার পাঠানো অডিও বার্তাগুলোকে আমলে নেয়নি। আর কেউ কেউ এই বিষয়টিকে গুরুত্বই দেয় নি... এর ব্যপ্তি এমনই ছিল যে, তাদের একজন, যে আমার সাথে যোগাযোগ রক্ষা করছিল সে আমাকে মিথ্যা বলেছিল... তারা পাইলট মুয়ায কে হত্যা করে ফেলেছিল, এবং সে আমাকে মিথ্যা বলেছিল এবং দৃঢ় প্রতিজ্ঞ হয়ে বলেছিল “আমরা আন্তরিক, এবং আমরা চাই ... এবং আমরা আপনার সাথে সত্যনিষ্ঠ ... এবং আপনি দেখবেন আমরা সত্যবাদি।” আর এর পরই এটা পরিষ্কার হয়ে গিয়েছে যে সে একজন মিথ্যাবাদী। এবং আল্লাহ্* বলেনঃ
“হে ঈমানদারগণ, আল্লাহ্*কে ভয় কর এবং সত্যবাদীদের সাথে থাক।”
এই আয়াতটি জিহাদ এবং মুজাহিদিনদের উল্লেখ করেই নাযিল হয়েছিল। আর জিহাদের সাথে সম্পৃক্ত কোন ব্যক্তির জন্যে এটা কখনই সমীচীন নয় যে সে মিথ্যাবাদী

হবে।

প্রশ্নকর্তাঃ সেই ‘শহীদ’ পাইলটকে পুড়িয়ে হত্যা করা হয়েছে, এই কাজটির বিষয়ে আপনার মতামত কী? এবং এই কদর্য পদ্ধতিটি অবলম্বনের পেছনে কী কারণ রয়েছে এবং এই দলটির লক্ষ্য কী?
শাইখ আল মাকদিসিঃ তারা অনেক কুপ্রথার প্রচলন ঘটিয়েছে।
প্রথম যে প্রথাটি তারা চালু করেছে এবং যাকে তারা নবি করিম (সাঃ) এর সুন্নাহ হিসেবে দাবি করছে, সেটি হল জবাই করে হত্যা যা তারা সাধারণ মানুষের সামনে বাস্তবায়ন করে।
তারা তাদের প্রতিপক্ষকে জবাই করে হত্যা করে, তারা জবাই করেছে দলনেতাদের এবং সিরিয়ার মুজাহিদিনদের- যতক্ষণ পর্যন্ত না মানুষ ভেবে নিয়েছে যে জবাই করে হত্যা ছিল রাসুলুল্লাহ (সাঃ) এর সুন্নাহ। এবং তারা এর সপক্ষের দলিল হিসেবে নবি করিম (সাঃ) এর এই হাদিসটিকে ব্যবহার করেঃ “হে কুরাইশ! আমি তোমাদের কাছে এসেছি জবাই সাথে নিয়ে।”
যখন তারা (কুরাইশ) রাসুলুল্লাহ (সাঃ) কে উপহাস করেছিল তখন তিনি এই শব্দগুলো ব্যবহার করেছিলেন। কিন্তু তারা (দাওলা) রাসুলুল্লাহ (সাঃ) এর আচরণকে সম্পূর্নরূপে উপেক্ষা করল যা তিনি মক্কা বিজয়ের বছরে তাঁর অধিনস্ত কুরাইশদের প্রতি করেছিলেন। তারা ভুলে গেছে তিনি(সাঃ) তাদের প্রতি কী আচরণ করেছিলেন... তিনি কি তাদের শত সহস্র লোকদের বলেননি- “যাও, তোমরা স্বাধীন” এবং এই কারণেই তারা শত্রু থেকে দীনের অনুসারীতে পরিণত হয়।
তারা এই উদাহরণটিকে বিবেচনা করে না... তারা সেই কথাগুলো গ্রহণ করে যা রাসুলুল্লাহ (সাঃ) বলেছিলেন যখন তাকে উপহাস করা হয়েছিল... এবং তারা জবাইকে একটি প্রথায় পরিণত করেছে... তারা দীন এবং জিহাদের আন্দোলনকে রক্তের রঙে রঞ্জিত করেছে।
তারা এবং তাদের সকলেই, মনে করে যে জবাই এবং হত্যা ছাড়া জিহাদকে টিকিয়ে রাখা সম্ভব নয়। কিন্তু রাসুলুল্লাহ (সাঃ) মুতা’আর যুদ্ধে খালিদ বিন ওয়ালিদের (রা) সৈন্য বহরের জীবন রক্ষা ও নিরাপত্তার লক্ষ্যে যুদ্ধের ময়দান থেকে ফিরে আসার বিষয়ে বলেছেনঃ আল্লাহ্* তাকে বিজয় দান করেছেন।” এবং তিনি (সাঃ) এটিকে বিজয় হিসেবে আখ্যায়িত করেছেন। এবং সর্বশক্তিমান আল্লাহ্* হুদায়বিয়ার সন্ধি কে “একটি বিজয়” বলে উল্লেখ করেছেন।
“নিশ্চয় আমি আপনার জন্যে এমন একটা বিজয় দান করেছি, যা সুস্পষ্ট।“

অথচ জবাই আর হত্যা ছাড়াও বিজয় এবং অধিগ্রহণ যে সম্ভব তা তারা বুঝতে পারে না। তারা উপলব্ধি করে না যে বৃহত্তর স্বার্থ অর্জনে এই পদ্ধতিগুলো বিজয় এবং এইগুলোও শরয়ী সুবিধা আর এইগুলোও জিহাদেরই অংশ।

এবং এই কারণেই যখন তারা প্রথম জবাই করে হত্যার প্রচলন করে তখন তারা তাদের বিরোধী দলের অসংখ্য ব্যক্তিকে জবাই করল এবং তা টেলিভিশনের পর্দায় প্রচার করতে শুরু করল যতক্ষণ পর্যন্ত না সাধারণ মানুষ আতংকিত হয়ে প্রশ্ন করল, “এটাই কি ইসলাম?”

আর আমাদের বাধ্য করা হল ইসলামের আদর্শ রক্ষা করতে এবং পরিষ্কার করে বুঝিয়ে দিতে যে এগুলো দীনের অংশ নয়।

তারা মুজাহিদিনদের জবাই করেছে এবং জবাই করেছে অসংখ্য মানুষ... ফুলের মত যুবকদের...

তারা যাদেরকে হত্যা করেছিল সেই মানুষগুলো কারা এবং কেন তাদেরকে হত্যা করা হল এর প্রকৃত কারণ জনগণের কাছে স্পষ্ট রূপে প্রকাশ করা হয় নি।

জনগণ শুধু দেখতে পায় জবাই করে নৃশংস ভাবে হত্যা এবং তারা (দাওলা) বলে “এরা তো মুরতাদীন”।

মানুষের সামনে কোন বিচার কার্য সম্পাদিত হয় না এমনকি তারা কাউকে অপরাধী সাব্যস্ত হতেও দেখে না, তারা শুধু জবাই করে হত্যাকান্ডই অবলোকন করে।

আর তারা এই কুপ্রথা প্রতিষ্ঠা করে এবং ঠিক এরপরই আমাদেরকে বিস্মিত করে আগুনে পুড়িয়ে শাস্তি দেয়ার প্রথাটি চালু করে... এবং এখন থেকে পুড়িয়ে হত্যা করে মানুষ তাদেরকে অনুসরণ করা শুরু করবে অথচ রাসুলুল্লাহ (সাঃ) বলেছেনঃ

“আগুনের স্রষ্টা ছাড়া আর কেউ আগুন দ্বারা শাস্তি দেবে না।“

তারা দলিল হিসেবে শাইখুল ইসলাম ইবনে তাইমিয়্যা (রঃ) এর একটি বক্তব্যের কিয়দাংশ তুলে ধরে এবং সেই অংশের পূর্বের এবং পরের কথাগুলো ছুড়ে ফেলে দেয়। তারা শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া (রঃ) এর বক্তব্যকে রাসুলুল্লাহ (সাঃ) এর হাদিসের ওপর প্রাধান্য দেয়।

এটাই কি সালাফিয়্যা? তারা নিজেদের বলে সালাফি জিহাদি... সালাফি জিহাদিরা এই ধরনের আচরণ থেকে মুক্ত... আগুনে পুড়ানো... রাসুলুল্লাহ (সাঃ) এই কাজ নিষেধ করেছেন এবং তিনি বলেছেনঃ “আগুনের স্রষ্টা ছাড়া আর কেউ আগুন দ্বারা শাস্তি দেবে না।“ ... এবং তারা কী অর্জন করছে? ... তাদের এই কাজ তাদের কী উপকারে আসছে?

তারা কি ভেবেছিল যে এই পাইলটকে পুড়িয়ে হত্যা করলেই বম্বিং থেমে যাবে এবং যুদ্ধ

বন্ধ হয়ে যাবে?
আমি নিশ্চিত যে জরডানে আমাদের সাথে অবস্থানরত তাদের বিচক্ষণ অনুসারীরা এখন খুব ভালোভাবে জানতে পারবে যে তাদের নির্বোধের ন্যায় এহেন কার্যকলাপ কতটা ক্ষতি করেছে।
আর যখন, সাজিদা আর আল-কারবুলির মৃত্যু দন্ড দেয়া হল বলে জানলাম, আমি বলতে চাই, এর সম্পূর্ণ দায় দায়িত্ব তানজিমুদ্দাওলার ওপরই বর্তায়। কারণ তারা সাজিদার নাম ভাঙ্গিয়ে এবং তাকে মুক্ত করার দাবি জানিয়ে বিভিন্ন চুক্তি করতে চাইছিল অথচ তারা এই ব্যপারে একদমই আন্তরিক ছিল না।
তারা আমার কাছে মিথ্যা বলেছিল এবং মিথ্যা প্রতিজ্ঞা করেছিল অথচ ইতিমধ্যে এটা পরিষ্কার হয়ে যায় যে তারা আগেই পাইলটকে হত্যা করে ফেলেছিল।
তোমরা কেন মিথ্যা বল যখন আল্লাহ্* বলেনঃ “হে ঈমানদারগণ, আল্লাহকে ভয় কর এবং সত্যবাদীদের সাথে থাকো।”
তোমরা কেন আমার সাথে যোগাযোগের সময় সততা রক্ষা করলে না?

প্রশ্নকর্তাঃ অনুমতি চাইছি পরবর্তী প্রশ্নের... দাঈশ দাবি করে তারা ইসলামের প্রতিনিধি এবং তারা একটি খিলাফা রাষ্ট্র... এই ব্যপারে সালাফি জিহাদি আন্দোলনের দৃষ্টিভঙ্গি কী... তারা কি এটাকে খিলাফা হিসেবে স্বীকৃতি দেয়?
শাইখ আল মাকদিসিঃ আমরা তাদের সীমা লঙ্ঘন এবং তাদের ভ্রান্তির ব্যপারে বহু বার কথা বলেছি... আমরা শুরুর দিকে তাদেরকে সতর্ক করেছিলাম এবং তাদের প্রতি আমাদের সহানুভূতির মাত্রা এতটাই প্রকট ছিল যে এক পর্যায়ে লোকজন নানা কথা বলতে শুরু করল... তারা মুহাম্মাদের (আমার) ওপর ক্ষোভ প্রকাশ করে বলেছিলঃ “আপনি তো দাওলার ওকালতি করছেন”... এটি সেই সব ভাইদের কথা যারা তানজিমুদ্দাওলার বিপথগামিতা আর ভ্রান্তির বিষয়ে অবগত ছিল।
এবং আমার কিছু বক্তব্যে আমি নমনীয় ছিলাম কারণ আমি জানি অসংখ্য তরুণ যারা নিজের দেশ ছেড়ে নিদারুন কষ্ট স্বীকার করে সীমানার ওপারে পাড়ি জমিয়েছে... খিলাফা এবং ইসলামিক রাষ্ট্র এই ধরনের শব্দগুলো ব্যবহার করে তাদেরকে প্রতারিত করা হয়েছে... এবং তারা খিলাফা নামধারী যে কোন কিছুতেই যোগদানে বা তার সমর্থনে মরিয়া হয়ে ওঠে।
খিলাফার জন্যে অধীর আগ্রহে অপেক্ষা করছে সাধারণ মানুষ, অপেক্ষা করছে জিহাদি আন্দোলনের সন্তানেরা । তারা ব্যকুল হয়ে রয়েছে একটি ইসলামিক রাষ্ট্রের জন্য আর তাই তরুণেরা পৃথিবীর আনাচে কানাচে থেকে এসেও তাদের সাথে যোগদান করছে।

আমি এই অসহায় তরুণদের আন্তরিকতা নিয়ে কোন প্রশ্ন তুলছি না, যারা প্রতারিত হচ্ছে এবং তাদের সাথে যোগদান করছে... কিন্তু যখন তাদেরকে জোর পূর্বক অন্য মুজাহিদ ভাইদের বিরুদ্ধে লড়াই করতে বাধ্য করা হয়... তখন যারা পালানোর সুযোগ পায় তারা পালিয়ে যায়... এবং তাদের মধ্যে যারা সত্য উদ্ঘাটন করতে সমর্থ হয় তাদেরকে নৃশংস ভাবে হত্যা করা হয়।

আমরা আগেই বলেছি যে এটি খিলাফার প্রকৃত চিত্র নয়।

কারণ খিলাফার প্রকৃত লক্ষ্য হল মুসলিম উম্মাহকে ঐক্যবদ্ধ করা।

যখন রাসুলুল্লাহ (সাঃ) মুয়ায এবং আবু মুসা আল আশারিকে ইয়েমেনে প্রেরণ করলেন, তখন তিনি তাদেরকে কী বলেছিলেন?

তারা ছিলেন দুই জন এবং দুজনের মধ্য থেকে একজনকে দলনেতা নির্বাচন করা অপরিহার্য নয়। দলনেতা নির্বাচন করা আবশ্যক হয় তখনই যখন এর সংখ্যা তিন বা তিনের অধিক হয়... যদিও তাদের জন্য নেতা নির্বাচন করা অপরিহার্য ছিল না তারপরও তিনি তাদের পরামর্শ দিয়েছিলেন নেতৃত্বের সুফল ভোগ করার। তিনি তাদের উদ্দেশ্যে বলেছিলেনঃ “একতাবদ্ধ হয়ে কাজ কর, এবং নিজেদের মধ্যে বিভেদ সৃষ্টি কোর না, উৎসাহিত করো , নিরুৎসাহিত কোর না।”

রাসুলুল্লাহ(সাঃ) এর উপদেশের দিকে লক্ষ্য করুন... তাদের মধ্যে একজন নেতা নির্বাচন করা তাদের জন্যে আবশ্যক ছিল না। তবুও তিনি (সাঃ) তাদেরকে উপদেশ দিয়েছিলেন যাতে তারা নেতৃত্বের সুফল উপলব্ধি করতে পারে। বস্তুত নেতৃত্বের মাধ্যমে অর্জিত সুফল নেতৃত্ব প্রদানের থেকে গুরুত্বপূর্ণ। অর্থাৎ নেতৃত্ব দেয়া আবশ্যক নয় যদি না এর মাধ্যমে নেতৃত্বের প্রকৃত উদ্দেশ্য অর্জন করা যায়, নেতৃত্বের সুফল বলতে ঐক্যবদ্ধ করা, পরস্পরের মাঝে বিভেদ সৃষ্টি করা নয়; সহজ করা এবং জটিল করা নয়; উৎসাহিত করা, নিরুৎসাহিত করা নয়... হাদিসে এভাবেই বর্ণিত হয়েছে।

এখন এই যে নেতৃত্বের সুফল... যখন আমি দাবি করছি যে আমি খিলাফা অথবা একটি ইসলামিক রাষ্ট্র প্রতিষ্ঠা করেছি অথচ এই নেতৃত্বের মাধ্যমে আমি কোন সুফল বয়ে আনছি না। আমি মুসলিম উম্মাহকে বিভক্ত করছি এবং জবাই ও আগুনে পুড়িয়ে হত্যা করাকে ইসলামের চরিত্র রূপে উপস্থাপন করছি এবং সত্যিকার অর্থে এর দ্বারা কোন সুফল অর্জন করতে পারিনি অথচ আমি চাইছি যে মানুষ আমাকে বায়াহ্* দেক। এবং আমি পূর্ব ও পশ্চিমের মুসলমানদের নেতৃত্বের বিন্যাসকে ভেঙে দিয়েছি এবং আমি চাইছি তারা আমাকে বায়াহ প্রদান করুক অথচ খেলাফার সুফল অর্জনের দিকে আমি ভ্রুক্ষেপও করছি না। যদিও আমি মুসলিম উম্মাহর জন্যে খিলাফার কোন সুফলই বয়ে আনছি না।

আপনি মুসলিমদের নেতৃত্বের বিন্যাসকে ভেঙে দিচ্ছেন এবং দীনের ক্ষতি সাধন করছেন আপনার এই জবাই, এই আগুনে পোড়ানো এবং সর্বোপরি এই ভূমিকার মাধ্যমে।
আমি বিস্মিত!! তাদের মধ্য থেকে একজন আমার সাথে যোগাযোগ করেছিল, সে “আমার শাইখ, আমার শাইখ” বলে আমাকে সম্বধন করছিল এবং বলছিল “আমরা এই ব্যপারে আন্তরিক” অথচ সে আমার সাথে মিথ্যে বলেছিল। তারা পাইলট মুয়াযকে প্রথম সপ্তাহেই হত্যা করে অথচ সে কসম করে বলেছিল যে তারা এ ব্যপারে আন্তরিক কিন্তু তারপরই আমার কাছে পরিষ্কার হয়ে গেল যে সে মিথ্যে বলছিল। সুস্পষ্ট মিথ্যে...
তুমি আমাকে “আমার শাইখ” বলে আন্তরিক ভাবে সম্বোধন করলে আর ঠিক তারপরই বললে যে তুমি মিথ্যে বলছিলে জরডান রাষ্ট্রের কাছে। কিন্তু সেটা তো আমি ছিলাম যার সাথে তোমরা যোগাযোগ করছিলে... আমি মুহাম্মাদ। তোমরা তো রাষ্ট্রের সাথে যোগাযোগ করছিলে না... তোমরা যোগাযোগ করছিলে আমার সাথে আর তোমরা আমাকে মিথ্যে বলেছ। আর এরপর আমি প্রচন্ড ধাক্কা খেলাম পাইলটকে পুড়িয়ে হত্যা করার খবরে।... পুড়িয়ে হত্যা?! এটা কি সুন্নাহ? রাসুলুল্লাহ(সাঃ) এটাকে নিষেধ করেছেন। এবং তোমরা শাইখুল ইসলামের ফাতওয়াকে রাসুলুল্লাহ (সাঃ) এর ওপর প্রাধান্য দিয়েছ।
আমি তাদেরকে লেখা আমার চিঠিতে উল্লেখ করেছি যে শাইখুল ইসলাম ইবনে তাইমিয়্যা (রঃ) বলেছেন লাভ ক্ষতির হিসেব কষা আলেমদের কাজ নয়, বরং একজন আলেম একাধিক লাভের মধ্যে থেকে আসল লাভটি বের করে আনে আর একাধিক ক্ষতির মধ্য থেকে কোনগুলোকে নিশ্চিহ্ন করে ফেলতে হবে তা পরিমাপ করেন ... এবং এটাই একজন সত্যিকার আলেমের কাজ যেমনটা শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া বলেছিলেন।
এটিকে তারা আমলে নেয় নি, তারা শাইখুল ইসলামের বক্তব্যের ততটুকুই গ্রহন করেছে যতটুকু তাদের মনঃপুত হয়েছে। তারা শাইখুল ইসলাম ইবনে তাইমিয়্যার বক্তব্য থেকে এটাই নিয়েছে যে, আগ্রাসন প্রতিরোধের জন্যে পুড়িয়ে হত্যা করা অনুমদিত... তারা কি সত্যিই আগ্রাসনকে প্রতিরোধ করতে সক্ষম হয়েছে? ... এই যে তারা মুয়ায আল কাসাবাহ কে পুড়িয়ে হত্যা করল, এটা কি সেই আগ্রাসনকে প্রতিরোধ করতে পেরেছে যা তারা প্রতিরোধ করতে চেয়েছিল?
শত্রুজোট এখন তাদের আক্রমণের মাত্রা আরও বাড়িয়ে দিয়েছে, জরডানের জনগণ এখন বম্বিং আরও বৃদ্ধি করার জন্যে চাপ প্রয়োগ করছে, কারণ তারা এমন একটা বিষয় দেখছে যা না শারিয়া দিয়ে আর না যুক্তি দিয়ে বিচার করা যায়... এই আগুনে পোড়ানো... কেন তোমরা পুড়িয়ে দিচ্ছ? ... এবং সেই আলেমরা যাদেরকে তোমরা

শাইখ ডাকতে... তোমরা আমাদের প্রত্যাশাকেও পুড়িয়ে ফেলেছ। সাজিদাকে মুক্ত করার আমাদের যে আশা ছিল তোমরা তাতে আগুন ধরিয়ে দিয়েছ ... এবং তোমরাই তার মৃত্যুর জন্যে দায়ী।

প্রশ্নকর্তাঃ যদি দায়েশ ইসলামের আদর্শ থেকে বিচ্যুত হয়ে থাকে তাহলে এই দলটির চিন্তাধারা কীসের ওপর নির্ভর করে আছে?
শাইখ আল মাকদিসিঃ দুঃখের বিষয়, তাদের নেতৃত্বের প্রকৃতির দিকে দৃষ্টি দিলে দেখা যায় যে তাদের বেশির ভাগ নেতাই তরুণ এবং তারা ইসলামে নতুন দীক্ষিত হয়েছে। এই তো সেই দিন পর্যন্ত তারা ছিল বাথিস্ট- দায়েশে যারা জ্যেষ্ঠ, কিছু কাল আগেও তারা ছিল বাথিস্ট।
অবশ্য তারা বলবে, “ হে ভাইয়েরা, আল্লাহর তরবারি (খালিদ বিন ওয়ালিদ) রাসুলুল্লাহ (সাঃ) এর সাথে ছিলেন এবং তিনি ছিলেন জিহাদের দলনেতাদের মধ্যে অন্যতম। যদিও কিছুকাল আগেও তিনি কুরাইশদের পক্ষেরই যোদ্ধা ছিলেন।”
আমরা বলি, তিনি ইসলামে পুরোপুরি দীক্ষিত না হওয়া পর্যন্ত এবং তার ইসলাম পরিপূর্ণ না হওয়া পর্যন্ত তিনি আল্লাহর তরবারির মর্যাদা লাভ করেন নি। এবং তার ব্যপারে স্বয়ং রাসুলুল্লাহ (সাঃ) সাক্ষ্য দিয়েছিলেন যে, তিনি আল্লাহর কোষমুক্ত তরবারি।

এই তো সেই দিন তোমরা ছিলে বাথিস্ট যারা মুসলমানদের ওপর অত্যাচার করছিলে তাদেরকে হত্যা করছিলে আর আজকে তোমরা “খিলাফা রাষ্ট্রের” নেতা বনে গেছ। এটা কেমন খিলাফা??
আর যেমনটা আমি আপনাকে বলছিলাম, খিলাফার মূল লক্ষ্য হল মুসলমানদের ঐক্যবদ্ধ করা; পরস্পরে বিভেদ সৃষ্টি করা নয়; সহজকরা এবং জটিল করা নয়; উৎসাহিত করা, নিরুৎসাহিত করা নয়। তারা ঠিক এর উল্টোটা করছে। অতএব এই ব্যপারটি শুধু নামের ব্যপার নয়, এটি বাস্তবিক প্রয়োগের সাথে সম্পৃক্ত।
আমি নিজেকে খিলাফা নাম দিলাম। অথচ এরপর খিলাফা প্রতিষ্ঠার জন্যে নেয়া সব পদক্ষেপকে ধ্বংস করে দিলাম...?
তারা তরুণদের অনুভূতির সাথে খেলা করছে, এ ব্যপারে কোন সন্দেহ নেই যে তরুণেরা তাদের প্রতারণার জালে আটকা পড়ে পৃথিবীর আনাচে কানাচে থেকে এসে তাদের সাথে যোগদান করছে। মুলত এদের কথাই মাথায় রেখে কিছু সময় আমি তাদের উদ্দেশ্যে নমনীয় বক্তব্য রেখেছিলাম এবং আমি বলেছিলাম যে আমি এই প্রতারিত হওয়া তরুণদের ব্যপারেই চিন্তিত।

এই কারণেই আমি বলি যে বাস্তবিক অর্থেই এরা জিহাদের এই আন্দলনকে বিনষ্ট করছে এবং এর ব্যাপক ক্ষতি সাধন করছে। এবং প্রায় প্রতিদিনই তারা আমাদের সামনে নতুন কোন বিদ'আ এনে হাজির করছে। তারা শুরু করেছিল জবাই দিয়ে এবং এখন আগুনে পোড়াচ্ছে।

আমি বলতে চাই যে বাস্তবিক অর্থেই এর সাথে ইসলামের কোন প্রকার সম্পর্ক নেই এবং এর সাথে সালাফি জিহাদি আন্দলোনেরও কোন সম্পর্ক নেই। এদের এই সকল দায় থেকে সালাফি জিহাদিরা মুক্ত।

এবং একজন মুজাহিদের মিথ্যাবাদী হওয়া কখনওই সম্ভব না। এবং আমি সাক্ষ্য দিচ্ছি যে তারা আমার সাথে মিথ্যা বলেছিল এবং সব কাজ পিছিয়ে দিচ্ছিল আর এই শরয়ী সুবিধাটি নেয়ার ক্ষেত্রে যখন আমি তাদের সাথে যোগাযোগ করছিলাম, তারা আমার সাথে চাতুরতার আশ্রয় নিয়েছিল, তারা এমন ভান করছিল যে তারা এ ব্যাপারে অত্যন্ত আন্তরিক, অথচ আল্লাহর শপথ করে বলছি, তারা মোটেও আন্তরিক ছিল না।

আল্লাহর শপথ! তারা যে সাজিদার ব্যাপারে অবিবেচক ছিল এবং মোটেও আন্তরিক ছিল না তার বিস্তারিত তথ্য আমার কাছে রয়েছে, আমি চাইলেই তা উপস্থাপন করতে পারব। এবং শেষের দিকে, তারা এমন ভান করল যে তারা আন্তরিক অথচ ইতিমধ্যে তারা পাইলটকে হত্যা করে ফেলেছে এবং তারা মিথ্যা বলছিল।

প্রশ্নকর্তাঃ শাইখ মুহাম্মাদ এই সাক্ষাতকার শেষ করার আগে আপনি কি এর সাথে আর কিছু যোগ করতে চান?

শাইখ আল মাকদিসিঃ হ্যাঁ। আমাকে এই সাক্ষাতকারে আমন্ত্রণ জানানোর জন্যে আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। আপনার আমন্ত্রণ পেয়ে আমি সাথে সাথে তা গ্রহন করেছি কারণ এটা একটি জরডানিয়ান চ্যানেল এবং আমি চাই যে আমার এই কথাগুলো জরডানের সকল জনগণের কাছে পৌছে যাক। এর কারণ, তারা যেই চিত্রটি দেখেছে এবং যে সকল জিনিস তাদের চক্ষু গোচর হয়েছে... এর কারণেই তাদের পক্ষ থেকে বর্তমানে মিশ্র প্রতিক্রিয়া লক্ষ্য করা যাচ্ছে। সুতরাং তারা যেন এটা অনুধাবন করতে পারে যে, তানজিমুদ্দাওলা সালাফি জিহাদিদের প্রতিনিধিত্ব করে না এবং সালাফি জিহাদি আন্দোলন এদের কার্যকলাপ থেকে সম্পূর্ণ মুক্ত।

আমি নিশ্চিত করছি যে দুনিয়ার পূর্ব এবং পশ্চিমের মুজাহিদ, ফুকাহা এবং জিহাদের নেতাদের মধ্য থেকে সকল বিজ্ঞজন এই বন্দী বিনিময়ের ব্যাপারে অত্যন্ত আন্তরিক

ছিলেন এবং তারা আমাকে দাওলা সংগঠনটির সাথে যোগাযোগ করতে সহায়তা করেছিল কিন্তু দাওলা সেটি চায় নি। কারণ তারা অনেক আগেই পাইলটকে হত্যা করে ফেলেছিল এবং তারা যখন আমার সাথে যোগাযোগ করছিল তখন মিথ্যে বলছিল।

আর এ কারণেই আমি বলি যে, মানুষ এই দলটি দ্বারা প্রতারিত হচ্ছে এবং এর কারণ হল মুসলমানরা আকাঙ্ক্ষা করে বসে আছে একটি জিনিসের জন্যে যার নাম খিলাফা এবং ইসলামিক রাষ্ট্র। এবং দাওলা এই দুটি মহান পরিভাষা ব্যবহারে খুবই সিদ্ধহস্ত, যা বস্তুত প্রত্যেক মুসলমানের অন্তরেই গেঁথে রয়েছে। তারা এটিকে ব্যবহার করছে তরুণদের প্রতারিত করতে যা মূলত বিদ্রুপ ছাড়া কিছুই নয়। এবং আমি আমার বক্তব্য শেষ করব একটি উদাহরণ দিয়ে।

যখন অন্ধকার প্রলম্বিত হয়... এবং নিঃসন্দেহে সমগ্র পৃথিবীর মুসলমানরা এখন অন্ধকারে নিমজ্জিত এবং তাদের শত্রুদের দ্বারা তারা যুলুমে নিষ্পেষিত ...আর এই প্রলম্বিত অন্ধকার তৈরি করছে হতাশা... মানুষ অনেক দিন ধরে অপেক্ষা করে আছে একটি নতুন ভোরের। এবং যে মানুষটির বসবাস অন্ধকারে সে যে কোন আলোক রশ্মি দেখলে তাকেই ভোরের আলো ভেবে ভুল করে।

এবং রাসুলুল্লাহ (সাঃ) বলেছেন যে, ভোর দুই রকম- মিথ্যে ভোর (সুব্*হে কাযিব) এবং সত্য ভোর (সুব্*হে সদিক)। আর মিথ্যে ভোরের সময় সালাত আদায় করা নিষেধ।

আর এই মানুষগুলো মনে করছে যে এরাই সুবহে সাদিক এবং তারা মনে করছে যে তারাই খিলাফা এবং তাই এরা তাদের সাথে যোগদান করছে।

এবং সূক্ষ্ম ভাবে বিবেচনা করলে তারা অনুধাবন করতে পারবে যে বাস্তবিকই এটা ফজরে সদিকান বা সত্য ভোর নয় বরং এটা ফজরে কাযিবান মিথ্যে ভোর,

এবং যারা সঠিক সময় উপনীত হওয়ার আগে কোন লক্ষ্য অর্জনে ব্যতিব্যস্ত হয়, শাস্তি হিসেবে তারা সেই লক্ষ্য হতে বঞ্চিত হয়।

আর আমরা এতটুকুও হতাশ নই এবং আমরা অপেক্ষা করছি সত্যিকারের সেই ভোরের যার আগমন ঘটবে আল্লাহ্* রাব্বুল আলামিনের নির্দেশে। কিন্তু এদের মত একরোখাদের মাধ্যমে নয়। বরং তাদের মাধ্যমে যারা রাসুলুল্লাহ (সাঃ) এর হাদিস সম্পর্কে অবগত এবং যারা এর সম্মান করতে জানে। এবং মানুষের বক্তব্যকে এর ওপরে প্রাধান্য দেয় না।

প্রশ্ন কর্তাঃ শাইখ আবু মুহাম্মাদ আল মাকদিসি , সালাফি জিহাদি আন্দোলনের তাত্ত্বিক, এই সাক্ষাতকারে অংশগ্রহণ করার জন্যে আপনাকে ধন্যবাদ জানাচ্ছি।

সুত্রঃ Monthly Risalah Shaban 1436 A.H. (jun , 2014)

শাইখ আবু মুহাম্মদ আসিম আল-মাকদিসীর (আল্লাহ তাঁকে হেফাজত করুন) লিখা "তাদের চক্ষুকে শীতল করা যারা প্রত্যেক ঘাঁটিস্থলে অবস্থান করছে" সিরিজের প্রথম প্রবন্ধ

"ইবাদত" এর ব্যাপারে নসীহত

(কারাগারের চার দেয়ালের মাঝে বন্দীরত অবস্থায় লিখিত এবং প্রিয় ভাইদের প্রতি স্মরণিকা, উপদেশ ও সমর্থন হিসেবে প্রেরিত)

লেখক: শাইখ আবু মুহাম্মদ আসিম আল-মাকদিসী

ইংরেজি অনুবাদ: আত-তিবইয়ান পাবলিকেশন্স (রবিউল আউয়াল, ১৪২৬)

বাংলা অনুবাদ: বালাকোট মিডিয়া (রবিউল আউয়াল, ১৪৩৫)

"আওরাক মিন দফতর সাজীন" এর ৬ষ্ঠ পত্র হতে গৃহীত

ইমাম ইবনুল কাইয়্যুম (রঃ) এর কিতাব **"আল ওয়াবিল আস সাইয়্যিব"** এবং **"ইগাসাত আল লাহফান"** এর কিছু বক্তব্যের ব্যাখ্যা স্বরূপ রচিত

فَاقْتُلُوا الْمُشْرِكِينَ حَيْثُ وَجَدْتُمُوهُمْ وَخُذُوهُمْ وَاحْصُرُوهُمْ وَاقْعُدُوا لَهُمْ كُلَّ مَرْصَدٍ

...মুশরিকদেরকে যেখানে পাও (বধ) হত্যা করো, তাদেরকে গ্রেফতার করো, তাদেরকে অবরোধ করে রাখো এবং প্রত্যেক ঘাঁটিস্থলে তাদের সন্ধানে অবস্থান করো...[১]

---

[১] সূরা তাওবা, আয়াত: ৫

সকল প্রশংসা একমাত্র আল্লাহ তাআলার জন্য এবং সালাম ও সালাত বর্ষিত হোক রাসূলুল্লাহ, তাঁর পরিবার ও তাঁর সাহাবীগণের প্রতি এবং যারা তাঁদেরকে বন্ধু হিসেবে নিয়েছেন তাদের প্রতি।

আমি আল্লাহ আল আলিয়্যুল কাদীর (মহাভিজাত্যে সমুন্নত, সর্বশক্তিমান) এর কাছে দোয়া করি যেন তিনি আপনাদেরকে তাদের দলভুক্ত করেন যাদের উপর অনুগ্রহ করা হলে তারা কৃতজ্ঞ থাকে, দুঃখ–কষ্টের মাধ্যমে পরীক্ষা করা হলে যারা ধৈর্যের সাথে সহ্য করে এবং যারা মন্দকাজ করে ফেললে তাওবা করে।

অবশ্যই এই তিনটি বিষয় আল্লাহর বান্দাদের জন্য আনন্দ ও প্রশান্তির চাবিকাঠি এবং এগুলো দুনিয়া ও আখিরাতে সাফল্যের চিহ্নস্বরূপ।

আল্লাহর বান্দারা সব সময় এই তিনটি বিষয়ের মধ্যে থাকে:

প্রথমত:

আল্লাহর অনুগ্রহসমূহ, যা তিনি তাঁর বান্দাদের প্রতি বর্ষণ করেন।

আর এজন্য বান্দার উপর যা অবধারিত তা হলো "শোকর" (ধন্যবাদপূর্ণতা, কৃতজ্ঞতা, স্বীকৃতি)। এবং এটা তিনটি ভিত্তির উপর স্থাপিত:

১। অন্তর থেকে অনুগ্রহসমূহ স্বীকার করা

২। প্রকাশ্যে এগুলোর ব্যাপারে কথা বলা

৩। যিনি এগুলোর অধিকারী এবং যিনি এগুলো প্রদান করেছেন তাঁকে সন্তুষ্ট করার জন্য এগুলো সঠিকভাবে ব্যবহার করা[২]

---

[২] উলামাগণ "হামদ" (আল্লাহর প্রশংসা) ও "শোকর" (আল্লাহর প্রতি কৃতজ্ঞতাজ্ঞাপন) এর মাঝে পার্থক্য উল্লেখ করেছেন, আর তা হলো,

"হামদ" কথার মাধ্যমে হয়ে থাকে। আল্লাহ তাআলা বলেন,

وَقُلِ ٱلْحَمْدُ لِلَّهِ ٱلَّذِى لَمْ يَتَّخِذْ وَلَدًا وَلَمْ يَكُن لَّهُۥ شَرِيكٌ فِى ٱلْمُلْكِ وَلَمْ يَكُن لَّهُۥ وَلِىٌّ مِّنَ ٱلذُّلِّ ۖ وَكَبِّرْهُ تَكْبِيرًۢا ﴿١١١﴾

বলো, প্রশংসা আল্লাহরই, যিনি সন্তান গ্রহণ করেন নি, তাঁর সার্বভৌমত্বে কোনো অংশীদার নেই এবং যিনি দুর্দশাগ্রস্ত হন না, যে কারণে তাঁর অভিভাবকের প্রয়োজন হতে পারে। সুতরাং সম্ভ্রমে তাঁর মহত্ত্ব ঘোষণা করো। (সূরা বনী ইসরাঈল, আয়াত: ১১১)

অন্যদিকে "শোকর" এর ব্যাপারে আল্লাহ তাআলা বলেন,

يَعْمَلُونَ لَهُۥ مَا يَشَآءُ مِن مَّحَٰرِيبَ وَتَمَٰثِيلَ وَجِفَانٍ كَٱلْجَوَابِ وَقُدُورٍ رَّاسِيَٰتٍ ۚ ٱعْمَلُوٓا۟ ءَالَ دَاوُۥدَ شُكْرًا ۚ وَقَلِيلٌ مِّنْ عِبَادِىَ ٱلشَّكُورُ ﴿١٣﴾

হে দাঊদ পরিবার! কৃতজ্ঞতার সাথে তোমরা কাজ করতে থাকো। আমার বান্দাদের মধ্যে অল্পই কৃতজ্ঞ। (সূরা সাবা, আয়াত: ১৩)

সুতরাং, আল্লাহর (দ্বীনের) জন্যই আল্লাহর দেয়া অনুগ্রহ ও নেয়ামত সমূহকে কাজে লাগানো হলো মহান প্রতিপালকের অনুগ্রহ ও উদারতার প্রতি কৃতজ্ঞতাজ্ঞাপন করা। আর সেগুলোকে আল্লাহর সন্তুষ্টির কাজে ব্যবহার না করে তার বিপরীতে আল্লাহর অবাধ্যতায় ব্যবহার করা হলো "কুফর" (অকৃতজ্ঞতা, অনুগ্রহসমূহকে অস্বীকার করা)।

আল্লাহ তাআলা সুলাইমান (আলাইহিস সালাম) সম্পর্কে বলেন,

قَالَ ٱلَّذِى عِندَهُۥ عِلْمٌ مِّنَ ٱلْكِتَٰبِ أَنَا۠ ءَاتِيكَ بِهِۦ قَبْلَ أَن يَرْتَدَّ إِلَيْكَ طَرْفُكَ ۚ فَلَمَّا رَءَاهُ مُسْتَقِرًّا عِندَهُۥ قَالَ هَٰذَا مِن فَضْلِ رَبِّى لِيَبْلُوَنِىٓ ءَأَشْكُرُ أَمْ أَكْفُرُ ۖ وَمَن شَكَرَ فَإِنَّمَا يَشْكُرُ لِنَفْسِهِۦ ۖ وَمَن كَفَرَ فَإِنَّ رَبِّى غَنِىٌّ كَرِيمٌ ﴿٤٠﴾

সুলাইমান যখন ওটা সামনে রক্ষিত অবস্থায় দেখলেন তখন তিনি বললেন, "এটা আমার প্রতিপালকের অনুগ্রহ, যাতে তিনি আমাকে পরীক্ষা করতে পারেন, আমি কৃতজ্ঞ নাকি অকৃতজ্ঞ; যে কৃতজ্ঞতা প্রকাশ করে, সে তা করে নিজের কল্যাণের জন্য এবং যে অকৃতজ্ঞ হয়, সে জেনে রাখুক যে, আমার প্রতিপালক অভাবমুক্ত, মহানুভব।" (সূরা নামল, আয়াত: ৪০)

এবং আল্লাহ তাআলা ইবরাহীম (আলাইহিস সালাম) সম্পর্কে বলেন,

إِنَّ إِبْرَٰهِيمَ كَانَ أُمَّةً قَانِتًا لِّلَّهِ حَنِيفًا وَلَمْ يَكُ مِنَ ٱلْمُشْرِكِينَ ﴿١٢٠﴾

شَاكِرًا لِّأَنْعُمِهِ ۚ ٱجْتَبَىٰهُ وَهَدَىٰهُ إِلَىٰ صِرَٰطٍ مُّسْتَقِيمٍ ﴿١٢١﴾

দ্বিতীয়ত:

দুঃখ-কষ্ট, যার মাধ্যমে আল্লাহ তাঁর বান্দাকে পরীক্ষা করেন।

এক্ষেত্রে যা আবশ্যক তা হলো "সবর" (ধৈর্য, সহিষ্ণুতা)। আর এটাও তিনটি মূলভিত্তির উপর স্থাপিত:

১। নিজ ভাগ্যে যা লিখা ছিল, তার ব্যাপারে অসন্তুষ্ট না হওয়া

২। অভিযোগ করা থেকে জিহ্বাকে সংযত রাখা

৩। অঙ্গ-প্রত্যঙ্গকে আল্লাহর অবাধ্যতায় ব্যবহার না করা

তাই বান্দা যখন এই মূল বিষয়গুলো পালন করবে, তখন দুঃখ-কষ্ট তার জন্য সুমিষ্ট মধুর রূপ নেবে, কঠিন পরীক্ষা তখন রূপ নেবে আশীর্বাদে, আর অপ্রিয় বস্তু হয়ে যাবে প্রিয়।

এটা মনে রাখতে হবে যে, নিশ্চয়ই আল্লাহ তাআলা তাঁর বান্দাকে ধ্বংস করার জন্য তাকে দুঃখ-কষ্টে আপতিত করেন না। বরং, তিনি তাকে এজন্য দুঃখ-কষ্টে আপতিত করেন যাতে তিনি তার "সবর" (ধৈর্য, সহিষ্ণুতা) ও "ইবাদত" (দাসত্ব, আনুগত্য, বন্দেগী) এর পরীক্ষা করতে পারেন।

নিশ্চয়ই ইবরাহীম ছিলেন (একাই) এক উম্মত, (একটি জাতির জীবন্ত প্রতীক) আল্লাহর অনুগত, একনিষ্ঠ এবং তিনি মুশরিকদের অন্তর্ভুক্ত ছিলেন না। তিনি ছিলেন আল্লাহর অনুগ্রহের প্রতি কৃতজ্ঞ; আল্লাহ তাঁকে মনোনীত করেছিলেন এবং তাঁকে পরিচালিত করেছিলেন সরল পথে। (সূরা নাহল: ১২০, ১২১)

আল্লাহর প্রতি সম্পূর্ণ আত্মসমর্পণ ও দাসত্ব বরণ করাই হলো শোকর, যেমনটি আল্লাহ তাআলা বলেছেন,

بَلِ ٱللَّهَ فَٱعْبُدْ وَكُن مِّنَ ٱلشَّٰكِرِينَ ﴿٦٦﴾

অতএব তুমি আল্লাহরই ইবাদত করো এবং কৃতজ্ঞদের অন্তর্ভুক্ত হও। (সূরা যুমার, আয়াত: ৬৬)

এবং আমাদের মহান প্রতিপালকের ওয়াদা,

وَإِذْ تَأَذَّنَ رَبُّكُمْ لَئِن شَكَرْتُمْ لَأَزِيدَنَّكُمْ ۖ وَلَئِن كَفَرْتُمْ إِنَّ عَذَابِى لَشَدِيدٌ ﴿٧﴾

যখন তোমাদের প্রতিপালক ঘোষণা করেন, তোমরা কৃতজ্ঞ হলে তোমাদেরকে অবশ্যই অধিক দিবো, আর তোমরা অকৃতজ্ঞ হলে অবশ্যই আমার শাস্তি হবে কঠোর। (সূরা ইবরাহীম, আয়াত: ৭)

কারণ এটা স্পষ্ট যে, আল্লাহর প্রতি কৃতজ্ঞ বান্দার ইবাদত দুই প্রকারের, দাররা (দুঃখ, দুর্দশা) এর সময় ইবাদত এবং সাররা (সুখ, সমৃদ্ধি) এর সময় ইবাদত।

যেসব বিষয়ে বান্দা অসন্তুষ্ট ও অতৃপ্ত সেখানেও অবশ্যই তাকে আল্লাহর প্রতি ইবাদত (দাসত্ব, আনুগত্য, বন্দেগী) পূর্ণমাত্রায় পালন করতে হবে, ঠিক যেমন তাকে তা পূর্ণ করতে হবে তার সন্তুষ্টি ও স্বাচ্ছন্দ্যের বিষয়ের ক্ষেত্রে।

কিন্তু অধিকাংশ মানুষ শুধুমাত্র সেসব বিষয়েই ইবাদত (দাসত্ব, আনুগত্য, বন্দেগী) পূর্ণ করে থাকে যেসব বিষয়ে তারা সন্তুষ্ট...... কিন্তু প্রকৃত পরীক্ষা হলো সেই সকল বিষয়ে পূর্ণ কৃতজ্ঞতার সাথে ইবাদত (দাসত্ব, আনুগত্য, বন্দেগী) পালন করা যেসব বিষয়ে সে অস্বাচ্ছন্দ্য বোধ করে।

প্রচন্ড গরমের সময় ঠান্ডা পানি দিয়ে ওযু করা - এটা ইবাদত,

এবং আপনার সুন্দরী স্ত্রীর সাথে অন্তরঙ্গ সম্পর্ক রাখা - এটা ইবাদত,

এবং তার প্রয়োজন পূরণে খরচ করাও ইবাদত।

অপরদিকে... প্রচন্ড ঠান্ডার সময় ঠান্ডা পানি দিয়ে ওযু করা – সেটা ইবাদত,

এবং যখন নিজের নফসের আকাঙ্ক্ষা মনকে এমন নারীর প্রতি প্রলুব্ধ করে যে নারী তার জন্য বৈধ নয়, তখন – অবশ্যই মানুষের ভয়ে নয়, বরং আল্লাহকে ভয় করে – এমন কাজকে পরিত্যাগ করা, সেটা ইবাদত।

এবং নিজের অভাব ও দারিদ্রের সময় দরিদ্রকে দান করা – সেটা ইবাদত।

কিন্তু এই দুই ধরনের ইবাদতের মধ্যে পার্থক্য অনেক ব্যাপক। আর সেক্ষেত্রে, বান্দাদের একে অপরের মধ্যে পার্থক্য স্পষ্ট হয় – আর এর দ্বারা তাদের প্রতিপালকের দৃষ্টিতে তাদের মর্যাদা স্থির হয়।

আল্লাহর যে বান্দা উভয় অবস্থাতেই (স্বাচ্ছন্দ্য ও অস্বাচ্ছন্দ্য) আল্লাহর অধিকারসমূহ পূর্ণ করে, তবে সেই হলো এমন বান্দা যে আল্লাহর এই বাণীর সত্যতায় উপনীত হয়েছে,

أَلَيْسَ ٱللَّهُ بِكَافٍ عَبْدَهُۥ

আল্লাহ কি তাঁর বান্দার জন্য যথেষ্ট নন?...[৩]

আর আল্লাহ তখনই তাঁর বান্দার জন্য সম্পূর্ণরূপে যথেষ্ট হন যখন বান্দা পূর্ণ দাসত্ব, আনুগত্য ও বন্দেগী সহকারে তার রবের দরবারে হাজির হয়; আর বান্দার এই ইবাদত যদি পূর্ণতা লাভ না করে তাহলে আল্লাহর যথেষ্ট হওয়াও অপূর্ণ রয়ে যায়।

সুতরাং, কেউ যদি কল্যাণ লাভ করে তবে সে যেন আল্লাহর প্রশংসা করে এবং তাঁর প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করে; আর কেউ যদি কল্যাণ ব্যতীত অন্য কিছু লাভ করে তবে সে যেন এর জন্য নিজেকেই দোষী সাব্যস্ত করে।

আর এরাই হলো আল্লাহর সেই সকল বান্দা যাদের উপর তাদের শত্রুদের কোনো কর্তৃত্ব বিরাজ করতে পারে না। আল্লাহ তাআলা ঘোষণা দেন (শয়তানের প্রতি),

إِنَّ عِبَادِى لَيْسَ لَكَ عَلَيْهِمْ سُلْطَٰنٌ

"নিশ্চয়ই আমার বান্দাদের উপর তোমার কোনো ক্ষমতা বা কর্তৃত্ব থাকবে না..."[৪]

এবং আল্লাহ তাআলা তাঁর দ্বীন, তাঁর হিজ্‌ব (দল), এবং তাঁর আউলিয়াদের (যারা ইল্‌ম বা জ্ঞান এবং আমল বা কর্ম – উভয়ের সমন্বয়ে আল্লাহর দ্বীন প্রতিষ্ঠা করতে উঠে দাঁড়ায়) কে সাহায্য ও বিজয় প্রদানের অঙ্গীকার করেছেন।

---

[৩] সূরা যুমার, আয়াত: ৩৬

[৪] সূরা হিজর, আয়াত: ৪২

মহামর্যাদাবান আল্লাহ বলেন,

নিশ্চয়ই আমার বাহিনী অবশ্যই হবে বিজয়ী।[৫]

আল্লাহ তাআলা আরও বলেন,

كَتَبَ ٱللَّهُ لَأَغۡلِبَنَّ أَنَا۠ وَرُسُلِيٓۚ

আল্লাহ সিদ্ধান্ত চূড়ান্ত করেছেন: আমি এবং আমার রাসূল অবশ্যই বিজয়ী হবো।...[৬]

তিনি আরও বলেন,

وَٱلۡعَٰقِبَةُ لِلۡمُتَّقِينَ ١٢٨

...শুভ পরিণাম ও শেষ সাফল্য তো মুত্তাকী (যারা আল্লাহকে ভয় এবং আনুগত্য করে) বান্দাদের জন্যই।[৭]

কিন্তু, বান্দা এই ওয়াদায় তার অংশ পাবে তার ঈমান (আহলে সুন্নাহ ওয়াল জামাআত অনুসারে যা হলো কথা এবং আমল বা কাজ) এবং তাকওয়া[৮] (আল্লাহর ভীতি ও তাঁর আনুগত্য) অনুসারে।

---

[৫] সূরা সাফ্‌ফাত, আয়াত: ১৭৩

[৬] সূরা মুজাদালাহ, আয়াত: ২১

[৭] সূরা আরাফ, আয়াত: ১২৮

[৮] মহামহিমান্বিত আল্লাহ তাআলা বলেন,

وَمَن يَتَّقِ ٱللَّهَ يَجۡعَل لَّهُۥ مِنۡ أَمۡرِهِۦ يُسۡرٗا ٤

...আর আল্লাহকে যে ভয় করে আল্লাহ তার কাজ-কর্ম তার জন্য সহজ করে দিবেন। (সূরা তালাক, আয়াত: ৪)

মহান আল্লাহ তাআলা বলেন,

وَأَنتُمُ ٱلۡأَعۡلَوۡنَ إِن كُنتُم مُّؤۡمِنِينَ ١٣٩

...যদি তোমরা বিশ্বাসী হও, তবে তোমরাই জয়ী হবে।[৯]

সুতরাং, বান্দা যে পরিমাণ ঈমান ধারণ করে সে অনুযায়ী শ্রেষ্ঠত্ব লাভ করবে।

আল্লাহ আরও বলেন,

وَلِلَّهِ ٱلۡعِزَّةُ وَلِرَسُولِهِۦ وَلِلۡمُؤۡمِنِينَ

...সম্মান, ক্ষমতা ও গৌরব তো শুধুমাত্র আল্লাহ, তাঁর রাসূল ও মুমিনদের জন্যই...[১০]

তাই বান্দা যে পরিমাণ ঈমান অর্জন করে এবং তার সঠিক বাস্তবায়ন (আমলের ক্ষেত্রে) করে, সে অনুযায়ী সে "ইজ্জত" (সম্মান, ক্ষমতা ও গৌরব) লাভ করে।

সুতরাং, যদি সে "ইজ্জত" থেকে বঞ্চিত হয় – তাহলে এটা হলো তার কথা ও কাজে, প্রকাশ্যে ও অপ্রকাশ্যে, ঈমানের সঠিক বাস্তবায়নে গাফলতির ফলাফল।

একইভাবে বান্দার নিরাপত্তা (অথবা ক্ষতি থেকে বেঁচে থাকা) – এটাও তার ঈমান অনুসারে। কারণ আল্লাহ তাআলা বলেন,

إِنَّ ٱللَّهَ يُدَٰفِعُ عَنِ ٱلَّذِينَ ءَامَنُوٓاْۗ إِنَّ ٱللَّهَ لَا يُحِبُّ كُلَّ خَوَّانٖ كَفُورٍ ٣٨

"নিশ্চয়ই আল্লাহ মুমিনদের পক্ষ হতে প্রতিহত করেন (তাদের দুশমন হতে)। তিনি কোনো বিশ্বাসঘাতক, অকৃতজ্ঞকে পছন্দ করেন না।"[১১]

---

[৯] সূরা আলে ইমরান, আয়াত: ১৩৯

[১০] সূরা মুনাফিকূন, আয়াত: ৮

[১১] সূরা হাজ্জ, আয়াত: ৩৮

অনুরূপভাবে, বান্দার জন্য আল্লাহ যথেষ্ট হয়ে যাওয়া, এটাও বান্দার ঈমানের স্তর অনুযায়ী নির্ধারিত হয়, আর আল্লাহ তাআলা বলেন,

يَٰٓأَيُّهَا ٱلنَّبِيُّ حَسۡبُكَ ٱللَّهُ وَمَنِ ٱتَّبَعَكَ مِنَ ٱلۡمُؤۡمِنِينَ ٦٤

হে নবী! তোমার জন্যে ও তোমার অনুসারী মুমিনদের জন্যে (সর্বক্ষেত্রে) আল্লাহই যথেষ্ট।[১২]

অর্থাৎ, আল্লাহ তাঁর নবীকে (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলছেন, আল্লাহই তোমার জন্য এবং তোমার অনুসারীদের জন্য যথেষ্ট, এখানে তাঁর রাসূলের (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) অনুসারীদের জন্য তিনি যথেষ্ট হওয়া – এটা রাসূলের প্রতি তাদের অনুসরণ এবং আল্লাহর প্রতি তাদের আত্মসমর্পণ ও আনুগত্যের বাস্তবায়নের দ্বারা নিরূপিত হয়। তাই যে এটা (আত্মসমর্পণ ও আনুগত্য) পরিত্যাগ করে, সে এই আয়াতসমূহের ওয়াদা হতে ততটাই পিছিয়ে থাকবে।

আর এটাই হলো আহলে সুন্নাহ ওয়াল জামাআতের মাজহাব যেখানে ঈমানের বৃদ্ধি ও হ্রাস পাওয়া একটি বাস্তবতা। আর এভাবেই, বান্দার প্রতি আল্লাহর "ওয়ালাইয়াহ" (নিরাপত্তা ও সাহায্য) তার ঈমানের অবস্থা অনুযায়ী নির্ধারিত হয়।

মহামর্যাদাবান আল্লাহ তাআলা উল্লেখ করেছেন,

...আর আল্লাহ তাআলা বিশ্বাসীগণের ওয়ালী (রক্ষাকারী, সাহায্যকারী, অভিভাবক)।[১৩]

---

[১২] সূরা আনফাল, আয়াত: ৬৪

[১৩] সূরা আলে ইমরান, আয়াত: ৬৮

এই আয়াতের অর্থ অপর এক আয়াতের দ্বারা আরো স্পষ্ট হয়:

আর আল্লাহ তো মুত্তাকীদের বন্ধু। (সূরা জাসিয়াহ, আয়াত: ১৯)

এবং তিনি আরো বলেন,

ٱللَّهُ وَلِيُّ ٱلَّذِينَ ءَامَنُوا۟

আল্লাহই হচ্ছেন মুমিনদের অভিভাবক...[১৪]

সুতরাং যেভাবে বান্দার ঈমান বাড়ে ও কমে – তার ঈমানের সেই অবস্থা অনুযায়ী তার জন্য আল্লাহর নিরাপত্তা এবং তাঁর বিশেষ "মাইয়াহ" (আল্লাহর ইলাহী বৈশিষ্ট্যের গুণে আপন বান্দার "সাথে থাকা" এবং বান্দাকে সাহায্য করা) প্রদান করা হয়।

একইভাবে বিজয় ও পরিপূর্ণ সাহায্য কেবলমাত্র বিশুদ্ধ ও পরিপূর্ণ ঈমানের মানুষদের জন্যই প্রযোজ্য। আল্লাহ তাআলা বলেন,

إِنَّا لَنَنصُرُ رُسُلَنَا وَٱلَّذِينَ ءَامَنُوا۟ فِى ٱلْحَيَوٰةِ ٱلدُّنْيَا وَيَوْمَ يَقُومُ ٱلْأَشْهَٰدُ ﴿٥١﴾

নিশ্চয়ই আমি আমার রাসূলদের ও মুমিনদের সাহায্য করবো পার্থিব জীবনে এবং যেদিন সাক্ষীগণ দন্ডায়মান হবে সেদিন।[১৫]

এবং তিনি আরও বলেন,

فَأَيَّدْنَا ٱلَّذِينَ ءَامَنُوا۟ عَلَىٰ عَدُوِّهِمْ فَأَصْبَحُوا۟ ظَٰهِرِينَ ﴿١٤﴾

...পরে আমি মুমিনদেরকে তাদের শত্রুদের মোকাবেলায় শক্তিশালী করলাম; ফলে তারা বিজয়ী হলো।[১৬]

সুতরাং, যার ঈমান হ্রাস পায়, একই অনুপাতে তার জন্য নির্ধারিত বিজয় ও সাহায্যের পরিমাণও হ্রাস পাবে।

---

[১৪] সূরা বাকারাহ, আয়াত: ২৫৭

[১৫] সূরা মুমিন, আয়াত: ৫১

[১৬] সূরা সাফ্‌ফ, আয়াত: ১৪

আর এটা এজন্য যে, যখন কোনো বান্দার উপরে বিপদ আপতিত হয়, হোক তা নিজের জীবনের উপর অথবা তার সম্পদের উপর অথবা শত্রুর দ্বারা আক্রান্ত হওয়া – এটা শুধুমাত্র আল্লাহর আদেশের প্রতি তার অবাধ্যতার কারণেই হয়ে থাকে, হতে পারে সে কোনো ওয়াজিব (বাধ্যতামূলক) পালন করে নি অথবা সে এমন কোনো কিছু করেছে যা হারাম (নিষিদ্ধ)। আর এটাই হলো ঈমানের হ্রাস পাওয়া।

আর কিছু মানুষ নিম্নোক্ত আয়াতটির ব্যাপারে ভুল বুঝেন,

وَلَن يَجْعَلَ ٱللَّهُ لِلْكَـٰفِرِينَ عَلَى ٱلْمُؤْمِنِينَ سَبِيلًا ﴿١٤١﴾

...এবং কখনোও আল্লাহ মুমিনদের প্রতিপক্ষে কাফেরদেরকে বিজয়ী করবেন না।[১৭]

কিছু মানুষ বলেন যে, আল্লাহ তাআলা আখিরাতে কাফেরদের পরাজিত করবেন; আবার কেউ কেউ বলেন যে, আল্লাহ তাদেরকে পরাজিত করবেন "হুজ্জাহ" (প্রমাণসমূহ) এর ক্ষেত্রে।

কিন্তু গবেষণা ও অনুসন্ধানের পর দেখা যায় যে, এই আয়াতও অন্যান্য আয়াতের মতোই স্পষ্ট; আর তা এই যে, নির্ভেজাল ঈমানের মানুষদেরকে কাফেররা কোনো ক্ষতিই করতে পারবে না, তাদের উপর বিজয়ীও হতে পারবে না। এবং যদি বান্দাদের ঈমান দুর্বল হয়, তাহলে শত্রুরা সেই বান্দাদের উপর ততটাই কর্তৃত্ব লাভ করতে পারবে যতটা ঈমান বান্দারা হারিয়েছে। এভাবে বান্দা নিজেই আল্লাহর প্রতি তার আনুগত্যের কিছুটা কমতির কারণে শত্রুদের সামনে রাস্তা খুলে দেয়।

সুতরাং, প্রকৃত সত্য হলো এই যে, একজন ঈমানদার বান্দা সত্যিই সম্মানিত, বিজয়ী, সাহায্যপ্রাপ্ত, আল্লাহর অভিভাবকত্ব দ্বারা আচ্ছাদিত, বিপদ ও ক্ষয়-ক্ষতি হতে রক্ষাকৃত হয়, তা সে যেখানেই থাকুক না কেন – এমনকি যদি আল্লাহর শত্রুরা জলে, স্থলে ও আকাশে তার বিরুদ্ধে সমবেত হয় এরপরেও! - কিন্তু শর্ত হলো, এগুলো বান্দার জন্য ততক্ষণই প্রযোজ্য থাকবে যতক্ষণ সে প্রকাশ্যে ও অপ্রকাশ্যে, বাহ্যিক ও অভ্যন্তরীণভাবে ঈমানের সত্য রূপকে প্রতীয়মান করবে এবং ঈমানের দ্বারা যে সকল আমল বা কর্ম বাধ্যতামূলক হয়ে পড়ে সেগুলোর সম্পূর্ণ বাস্তবায়ন করে যাবে।

---

[১৭] সূরা নিসা, আয়াত: ১৪১

মহান আল্লাহ তাআলা বলেন,

وَلَا تَهِنُوا۟ وَلَا تَحْزَنُوا۟ وَأَنتُمُ ٱلْأَعْلَوْنَ إِن كُنتُم مُّؤْمِنِينَ ﴿١٣٩﴾

আর তোমরা দুর্বল হয়ো না ও বিষণ্ন হয়ো না এবং যদি তোমরা ঈমানদার হও, তবে তোমরাই জয়ী হবে।[১৮]

এবং তিনি আরো বলেন,

وَأَنتُمُ ٱلْأَعْلَوْنَ وَٱللَّهُ مَعَكُمْ وَلَن يَتِرَكُمْ أَعْمَٰلَكُمْ ﴿٣٥﴾

...তোমরাই বিজয়ী; আল্লাহ তোমাদের সঙ্গে আছেন (আরশের উপর হতে পর্যবেক্ষণ ও সাহায্য করার দিক দিয়ে), তিনি তোমাদের কর্মফল কখনো বিনষ্ট করবেন না।[১৯]

সুতরাং, এটা হলো এক ওয়াদা যা কেবলমাত্র ঈমান ও সৎকর্মের দ্বারাই পরিপূর্ণ হয়। আর এটা (সৎকর্ম) হলো আল্লাহ তাআলার সৈন্যবাহিনীর[২০] মধ্য হতে একটি সৈন্য যার দ্বারা তিনি তাঁর

---

[১৮] সূরা আলে ইমরান, আয়াত: ১৩৯

[১৯] সূরা মুহাম্মাদ, আয়াত: ৩৫

[২০] মহামর্যাদাবান আল্লাহ তাআলা বলেন,

وَمَا يَعْلَمُ جُنُودَ رَبِّكَ إِلَّا هُوَ

...তোমার প্রতিপালকের বাহিনী সম্পর্কে একমাত্র তিনিই জানেন... (সূরা মুদ্দাস্‌সির, আয়াত: ৩১)

এবং তিনি আরো বলেন,

وَمَن يَتَّقِ ٱللَّهَ يَجْعَل لَّهُۥ مَخْرَجًا ﴿٢﴾
وَيَرْزُقْهُ مِنْ حَيْثُ لَا يَحْتَسِبُ ۚ وَمَن يَتَوَكَّلْ عَلَى ٱللَّهِ فَهُوَ حَسْبُهُۥٓ ۚ إِنَّ ٱللَّهَ بَٰلِغُ أَمْرِهِۦ ۚ قَدْ جَعَلَ ٱللَّهُ لِكُلِّ شَىْءٍ قَدْرًا ﴿٣﴾

বান্দাদের পাহারা ও প্রতিরক্ষা প্রদান করেন[(২১)] এবং তা থেকে বিন্দুমাত্রও হ্রাস করেন না, তবে যদি তা বাতিল হয়ে যায় - যেমন কাফের ও মুনাফিকেরা তাদের কর্মসমূহকে ধ্বংস করেছে - তখন আর সেই পাহারা ও প্রতিরক্ষা থাকবে না। আর সম্মান, ক্ষমতা ও মর্যাদা শুধুমাত্র আল্লাহ, তাঁর রাসূল ও মুমিনদের জন্যই।

আর যখন আল্লাহর শত্রু, সেই অভিশপ্ত ইবলিশ জানতে পারলো যে, আল্লাহ স্বীয় বান্দাদেরকে তার ফাঁদে পড়তে দেবেন না, এমনকি তাদের উপর ইবলিশের কোনো কর্তৃত্বও দেবেন না, তখন ইবলিশ বললো,

---

...যে আল্লাহকে ভয় করে আল্লাহ তার পথ করে দেবেন। আর তাকে তার ধারণাতীত উৎস হতে দান করবেন রিযিক; যে ব্যক্তি আল্লাহর উপর নির্ভর করে তার জন্য আল্লাহই যথেষ্ট, আল্লাহ তার উদ্দেশ্য পূরণ করবেনই, আল্লাহ সবকিছুর জন্যে স্থির করেছেন নির্দিষ্ট মাত্রা। (সূরা তালাক, আয়াত: ২, ৩)

[(২১)] যেমনটি হাদীসে বর্ণিত আছে, “আল্লাহর অধিকারসমূহ সংরক্ষণ করো (তার আদেশ মান্য করার মাধ্যমে), আল্লাহ তোমাকে রক্ষা করবেন; আল্লাহর আধিকারসমূহ সংরক্ষণ করো, তুমি তাঁকে তোমার সামনে পাবে (তিনি তোমাকে পথ দেখাবেন)। যখন তুমি চাও, তখন আল্লাহর কাছেই চাও এবং যখন তুমি সাহায্য চাইবে, তখন তা আল্লাহর কাছেই চাইবে। কলম শুকিয়ে গেছে, (লিখার পর) যা হবার তা অবশ্যম্ভাবী। আর যদি সমগ্র মানবজাতি তোমার কোনো উপকার করতে চায় যা আল্লাহ লিখে রাখেন নি, তবে তারা তা করতে পারবে না; আর যদি তারা তোমার কোনো ক্ষতি করতে চায় যা আল্লাহ তোমার জন্য লিখে রাখেন নি, তবে তারা তা করতে সক্ষম হবে না। আর জেনে রেখো, ধৈর্যের সাথে কোনো কিছু সহ্য করা যা তুমি অপছন্দ করো, সেখানে অনেক কল্যাণ আছে – এবং ‘নাসর’ (বিজয়) আছে ‘সবর’ (ধৈর্য) এর সাথে, ‘ফারাজ’ (স্বস্তি) আছে ‘কারব’ (যন্ত্রণা) এর সাথে, এবং অবশ্যই ‘উসর’ (কষ্ট) এর সাথেই রয়েছে ‘ইউসর’ (স্বস্তি)।” হাদীসটি জামিউল উলূম ওয়াল হিকাম (১/৪৫৯) এ ইবনে রজব (রঃ) এর দ্বারা “হাসান জাইয়্যিদ” হিসেবে সাব্যস্ত হয়েছে। এবং অন্য একটি বর্ণনায় এসেছে, “...জেনে রাখো, সমস্ত মানুষ যদি তোমার কোনো উপকার করতে চায় তবে আল্লাহ তোমার জন্য যা নির্দিষ্ট করে দিয়েছেন, তা ব্যতীত আর কোনো উপকারই তারা করতে পারবে না। আর যদি সমস্ত মানুষ তোমার কোনো অনিষ্ট করতে চায় তবে আল্লাহ তোমার জন্য যা নির্দিষ্ট করে দিয়েছেন তা ব্যতীত আর কোনো অনিষ্টই তারা করতে পারবে না। কলম তুলে নেয়া হয়েছে এবং পৃষ্ঠা শুকিয়ে গেছে।” হাদীসটি উল্লেখকৃত হয়েছে সহীহ তিরমিজী (২০৪৩) এ।

..."আপনার ইজ্জতের শপথ! আমি তাদের সবাইকে পথভ্রষ্ট করবো, তবে তাদের মধ্যে আপনার একনিষ্ঠ বান্দাদেরকে নয়।"[২২]

সুতরাং, আল্লাহর নিষ্ঠাবান বান্দাদের উপর তাদের শত্রুদের কোনো আধিপত্য নেই, তা এ কারণে যে, তারা আল্লাহর আশ্রয়ে আছে, তারা আছে তাঁর পাহারা ও নিরাপত্তায়। আর যদি আল্লাহর শত্রুরা অলক্ষিত চোরের মতো কোনো এক বান্দার সন্নিকটে আসে – যেমন একটা চোর অসাবধান ব্যক্তি থেকে চুরি করে – তাহলে এটা এড়িয়ে যাওয়া সম্ভব নয়। কারণ অবশ্যই প্রত্যেক বান্দাকেই পরীক্ষা করা হবে, আর তার রয়েছে অসাবধানতা, কামনা-বাসনা ও রাগ। আর ইবলিশ এই তিনটি দরজা দিয়েই প্রবেশ করবে। বান্দা যতই চেষ্টা করুক না কেন, সে এই অসাবধানতা, কামনা-বাসনা ও রাগ এড়িয়ে চলতে পারবে না।

অবশ্যই মানবজাতির পিতা আদম (আলাইহিস সালাম) ছিলেন সৃষ্টির মাঝে সবচেয়ে সহ্যশীল এবং সবচেয়ে জ্ঞানী এবং সর্বাপেক্ষা দৃঢ়প্রতিজ্ঞ। তারপরও আল্লাহর শত্রু তাঁর (আলাইহিস সালাম) বিরুদ্ধে চেষ্টা অব্যাহত রেখেছিল, যতক্ষণ না তিনি (আলাইহিস সালাম) তাঁর কর্মের মধ্যে হোঁচট খান। তাহলে তাদের ব্যাপারে আপনি কি মনে করেন যাদের কামনা-বাসনা আরও অনেক প্রবল এবং যাদের বুদ্ধিমত্তা - পিতা আদম (আলাইহিস সালাম) এর তুলনায় - সমুদ্রের মাঝে এক বিন্দু পানির ন্যায়?

কিন্তু আল্লাহর শত্রুরা অলক্ষিত চোরের ন্যায় বান্দার অসাবধানতার সুযোগ নিয়ে প্রতারণামূলক পদ্ধতির ব্যবহার করা ব্যতীত কখনোই মুমিনদের প্রলুব্ধ করতে পারে না। আর ইবলিশ যদি তাকে এভাবে হোঁচট খাইয়ে ফেলে দেয়, তাহলে ইবলিশ মনে করে যে, সে তাকে আক্রমণ করে ধ্বংস করতে পেরেছে।

---

[২২] সূরা সোয়াদ, আয়াত: ৮২, ৮৩

কিন্তু আল্লাহর করুণা, তাঁর দয়া, তাঁর ক্ষমা ও তাঁর মার্জনা বান্দাকে পরিত্যাগ করে না, আর যদি আল্লাহ তাঁর বান্দার ভালো চান, তবে তিনি তার জন্য অনুশোচনা ও তাওবার দরজা খুলে দেন এবং তার হৃদয়কে বিনয়ে বিদীর্ণ[২৩] করে দেন, আর তখন সে বুঝবে আল্লাহকে তার কতই না প্রয়োজন, এবং সে আল্লাহর কাছে সাহায্য চাইবে, একান্ত আন্তরিকভাবে আশ্রয় কামনা করবে এবং সর্বদা বিনয়ে অবনত হয়ে আল্লাহর কাছে চাইবে, কাকুতি-মিনতি করবে এবং যেকোনো উপায়ে সে প্রত্যেক সৎকর্মের মাধ্যমে আল্লাহর নৈকট্য কামনা করবে...... আর এভাবে বান্দা এরূপে আগাতে থাকবে যে, এক পর্যায়ে তার সেই কৃত পাপই তাকে আল্লাহর অনুগ্রহের দ্বারে পৌঁছে দিবে। আর সম্ভবতঃ আল্লাহর শত্রুরা বলবে, "হায়! আমার প্রতি ধিক্কার! আমি যদি তাকে ছেড়ে দিতাম এবং তাকে বিপথগামী না করতাম!" আর এটাই হলো তৃতীয় বিষয়।

তৃতীয়ত:

যখন সে পাপকাজ করে ফেলে, সে অনুতপ্ত হয় এবং আল্লাহর নিকট ক্ষমা প্রার্থনা করে।

আর এটাই হলো কিছু সলফে সালেহীনদের (আল্লাহ তাঁদের প্রতি রহম করুন) সেই কথার ব্যাখ্যা: "নিশ্চয়ই, আল্লাহর একজন বান্দা হয়তো একটি পাপকাজ করে ফেলে এবং পরবর্তীতে সেটার দ্বারাই সে জান্নাতের বাগিচাসমূহে প্রবেশ করে। অপরদিকে, হতে পারে কোনো বান্দা একটি সৎকাজ করে এবং সেটার দ্বারাই সে পরবর্তীতে জাহান্নামের অগ্নিতে নিক্ষিপ্ত হয়।"

কিছু মানুষ তাঁদের (আল্লাহ তাঁদের প্রতি রহম করুন) জিজ্ঞেস করেন, "সেটা কিভাবে?"

তাঁরা (আল্লাহ তাঁদের প্রতি রহম করুন) উত্তর দেন, "কারণ সেই গুনাহের জন্য সেই বান্দার দুই চোখ আল্লাহর ভয়ে ক্রন্দন হতে বিরত হয় না। বরং সে একাকিত্বে দুশ্চিন্তাগ্রস্ত হয়, ভয়ে ও অনুশোচনায় তার প্রতিপালকের সামনে বিনয়াবনত হয়, লজ্জায় তার মাথা নত হয়ে যায়, তার রবের দরবারে তার অন্তর বিদীর্ণ হয়ে পড়ে...... এভাবে তার পাপকার্য এবং তার এই বিনীত

---

[২৩] সলফে সালেহীনদের (আল্লাহ তাঁদের উপর রহম করুন) অনেকেই বলতেন, "তুমি কত ক্ষুদ্র পরিমাণের অবাধ্য হয়েছো সেদিকে তাকিও না, বরং তুমি যার অবাধ্য হয়েছো তাঁর মহাশক্তিময় রাজকীয় ক্ষমতার দিকে তাকাও।"

অবস্থা তার অন্য বহু সৎকর্মের চেয়ে উত্তম প্রতিদান বয়ে আনে। আর এইসব বিনম্র অবস্থার মধ্য দিয়ে বান্দার অতিক্রম করা তার জন্য বয়ে আনে আনন্দ ও প্রশান্তি এবং সাফল্য...... আর অবশেষে তার এই গুনাহই তার জন্য এভাবে জান্নাতে যাবার কারণ হয়ে দাঁড়ায়।

আবার হতে পারে কোনো বান্দা একটি সৎকাজ করলো, অতঃপর সে ঐ কাজটি নিয়ে গর্ববোধ করতে থাকলো এবং নিজের ব্যাপারে অহংকার করা শুরু করলো। এমনকি কাজটি দেখে সে বিস্ময়ে অভিভূত হলো ও তা নিয়ে সীমা অতিক্রম করলো। আর সে বলে বেড়ালো, 'আমি এটা করেছি, সেটা করেছি......', আর এভাবে তার মধ্যে জন্ম নেয় অহংকার, ঔদ্ধত্য এবং নিজেকে নিয়ে মুগ্ধতা। আর সে এটাকে বৃদ্ধি করতে থাকে যতক্ষণ না এটা তার ধ্বংসের কারণ হয়ে দাঁড়ায়।"

এখন যদি আল্লাহ এই "মিসকীন" (নগণ্য বান্দা) এর জন্য ভালো চান, তাহলে তিনি তাকে এমন দুর্ভোগ দিয়ে পরীক্ষা করবেন যার বোঝা সে বইতে পারবে না এবং সে নিজের দৃষ্টিতে নিজেকে হীন মনে করবে। কিন্তু যদি আল্লাহ তার জন্য ভালো ব্যতীত অন্য কিছু নির্ধারণ করেন, তাহলে তিনি তাকে তার নিজ অবস্থানেই ছেড়ে দেন এবং পরিত্যাগ করেন, আর সে নিজেকে নিয়ে গর্বে মত্ত থাকে – আর এটাই হলো সেই পরিত্যাগ যা তার ধ্বংস নিশ্চিত করে।

আর বাস্তবিকই "আরিফীন" ("যারা সতর্ক থাকেন" – কঠোর আত্মনিয়োগী উলামাগণ) ব্যক্তিদের ইজমা হলো, "তাওফীক" (সফলতা) হচ্ছে আল্লাহ কর্তৃক আপনাকে আপনার নিজ হাতে ছেড়ে না দেয়া; আর নিকৃষ্টতম পরিত্যাগ হচ্ছে তিনি (পরম করুণাময়) যখন আপনাকে আপনার হাতেই ছেড়ে দেন।

সুতরাং, আল্লাহ যার কল্যাণ চান তিনি তার জন্য বিনয়ের দরজা খুলে দেন, আর উপহার দেন এমন হৃদয় যা বিনম্র, যা সর্বদা তাঁরই আশ্রয়ের দিকে ফিরে আসে, এবং তাঁর কাছেই ক্ষমা ভিক্ষা করে, এবং সর্বদা তার নিজের দুর্বলতা, নিজের অজ্ঞতা ও সীমালঙ্ঘনের প্রতি সতর্ক থাকে, এবং

তার প্রতিপালকের সীমাহীন নেয়ামতসমূহকে স্মরণ করে এবং সেই সাথে স্মরণ করে তাঁর দয়া, অনুগ্রহ ও করুণার কথা[২৪] এবং সেগুলোর সাক্ষ্য প্রদান করে।

একজন "আরিফ" বান্দা এই দু'টোর মাধ্যমে আল্লাহ তাআলার দিকে অগ্রসর হয়, আর এই দু'টোর উভয়টি ছাড়া কখনোই আল্লাহর দিকে অগ্রসর হওয়া সম্ভব নয়। আর যখন সে এদের একটি হারায়, তখন তার অবস্থা সেই পাখির সদৃশ হয়ে পড়ে যে তার একটি পাখা হারিয়েছে।

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়াহ (তাঁর উপর আল্লাহর রহমত বর্ষিত হোক) বলেন, "আল্লাহর নেয়ামতসমূহকে পর্যবেক্ষণ (এবং সর্বদা স্মরণ) করার মাধ্যমে এবং নিজের অবাধ্যতা (এবং দুর্বলতা) সমূহের ব্যাপারে গভীরভাবে চিন্তা করার মাধ্যমে একজন 'আরিফ' বান্দা আল্লাহর দিকে অগ্রসর হয়।"

আর এটাই হলো রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর সেই বাণীর ব্যাখ্যা যা "সাইয়্যিদ আল ইসতেগফার" (ক্ষমা চাওয়ার সর্বশ্রেষ্ঠ পন্থা) এ বর্ণিত হয়েছে,

"....আমি আমার প্রতি আপনার সকল নেয়ামতের স্বীকৃতি প্রদান করছি, এবং আমি আমার সকল গুনাহসমূহ আপনার নিকট স্বীকার করছি..."[২৫]

---

[২৪] মহামর্যাদাবান আল্লাহ তাআলা বলেন,

إِنَّ الْمُتَّقِينَ فِي جَنَّاتٍ وَنَهَرٍ ﴿٥٤﴾
فِي مَقْعَدِ صِدْقٍ عِنْدَ مَلِيكٍ مُقْتَدِرٍ ﴿٥٥﴾

মুত্তাকীরা থাকবে জান্নাতে ও নহরসমূহে। প্রকৃত সম্মানের আসনে, সার্বভৌম ক্ষমতার অধিকারী আল্লাহর সান্নিধ্যে। (সূরা কামার, আয়াত: ৫৪, ৫৫)

[২৫] পূর্ণ দোয়াটি হাদীসে বর্ণিত আছে, "'সাইয়্যিদ আল ইসতেগফার' হলো, যখন বান্দা বলে, 'হে আল্লাহ! তুমি আমার প্রতিপালক, তুমি ছাড়া ইবাদতের যোগ্য কোনো উপাস্য নেই। তুমি আমাকে সৃষ্টি করেছো আর আমি হচ্ছি তোমার বান্দা এবং আমি আমার সাধ্যমতো (তোমার প্রতি) আমার ওয়াদা ও প্রতিশ্রুতিতে অঙ্গীকারবদ্ধ রয়েছি, আমি আমার কৃতকর্মের অনিষ্ট হতে তোমার আশ্রয় ভিক্ষা করি, আমি আমার প্রতি তোমার সকল নেয়ামতের

সুতরাং, এটা হলো আল্লাহর নেয়ামতসমূহের সাক্ষ্য প্রদান এবং নিজের ভুল-ত্রুটি স্বীকার – এ দুয়ের সম্মিলন।

এভাবেই তাঁর নেয়ামতসমূহের সাক্ষ্য দেয়া এবং তাঁকে স্মরণ করার জন্য আবশ্যিক হলো, যিনি এই করুণা ও উদারতা করেছেন তাঁকে ভালোবাসা, তাঁর গুণকীর্তন ও কৃতজ্ঞতাজ্ঞাপন করা।

আর নিজের পাপকর্মসমূহ ও কাজের মধ্যে ভুলভ্রান্তি স্বীকার করার জন্য দরকার বিনয়, নম্রতা ও সর্বদা স্বীয় প্রতিপালকের সাহায্য পাবার চেষ্টা করা, এবং প্রত্যেক মুহূর্তে তাঁরই দিকে অনুতাপের সাথে ফিরে যাওয়া; আর সর্বদা নিজেকে এমন মনে করা যেন সে নিজে কিছুই না...... কারণ একজন বান্দা আল্লাহর সবচাইতে নিকটতম যে দরজা দিয়ে তাঁর দিকে প্রবেশ করতে পারে তা হলো দরিদ্রতা ও অভাবগ্রস্ততা। তাই সে আল্লাহর দিকে প্রবেশ করার জন্য কোনো অবস্থা, মর্যাদা অথবা উপায় (ওয়াসীলাহ) দেখতে পায় না; বরং সে কেবলমাত্র দরিদ্রতা ও সম্পূর্ণ বিনম্রতার দরজা দিয়েই আল্লাহর দিকে প্রবেশ করে...... সে প্রবেশ করে অনুগত ভিখারীর ন্যায় যার হৃদয় বিনয়ে পরিপূর্ণ, আর এভাবে নম্রতা তার হৃদয়ের সবচাইতে গভীরতম স্থানে মজবুতভাবে গেঁথে যায় এবং এটা তাকে সর্বদিক থেকে পরিবেষ্টন করে রাখে, এবং সে নিজের পরিপূর্ণ দরিদ্রতা এবং তার অসীম ক্ষমাশীল প্রতিপালকের সাহায্য পাবার জন্য নিজের তীব্র ব্যাকুলতার সাক্ষ্য দেয়...... আর এভাবে সে উপলব্ধি করে যে, এক পলকের জন্যও যদি সে তার প্রতিপালকের আনুগত্য থেকে বিরত থাকে তাহলে সে ধ্বংসের মুখে পতিত হবে এবং তার এমন ক্ষতি হবে যা কখনোই পূরণ হবার নয়।

স্বীকৃতি প্রদান করছি, আর আমি আমার গুনাহ খাতা স্বীকার করছি। অতএব তুমি আমাকে মাফ করে দাও, নিশ্চয়ই তুমি ভিন্ন আর কেহই গুনাহসমূহের মার্জনাকারী নেই।'" রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এই দোয়াটি সম্পর্কে বলেন, "যে ব্যক্তি নিশ্চিত বিশ্বাসের সাথে সকালে এই দোয়াটি পড়ে এবং সন্ধ্যার পূর্বে মারা যায়, সে জান্নাতীদের একজন হবে, আর যে ব্যক্তি নিশ্চিত বিশ্বাসের সাথে সন্ধ্যায় এই দোয়াটি পড়ে, সে সকাল আসার পূর্বে মারা গেলে জান্নাতীদের একজন হবে।" হাদীসটি উল্লেখকৃত হয়েছে বুখারী (৬৩০৬), আল বাগায়ী এর শরহ আস সুন্নাহ (৩/১০৯), ইবনে তাইমিয়ার মাজমু আল ফাতওয়া (৮/১১৪, ১১/৩৮৮) এ।

সুতরাং আল্লাহর নৈকট্যের লাভের জন্য পরম ইবাদত (দাসত্ব, আনুগত্য, বন্দেগী)[২৬] এর চেয়ে উত্তম কোনো রাস্তাই নেই। আর এই চিন্তার চেয়ে খারাপ প্রতিবন্ধক এই রাস্তায় আর কিছুই নেই, "আমি অমুক, আমি তমুক, আমি এটা করেছি, সেটা করেছি...... আমি পূর্বে অমুক ছিলাম, তমুক ছিলাম......"

তাই "ইবাদত" দু'টি মূলনীতির উপর স্থাপিত, আর এই দু'টিই তার মূলভিত্তি: পরম ভালোবাসা এবং পরিপূর্ণ বিনয়।

আর এই দু'টি মূলনীতি পূর্বের উল্লেখকৃত দু'টি স্তম্ভমূলের উপর দাঁড়িয়ে থাকে: আল্লাহর করুণা ও উদারতা সমূহ স্বীকার করে নেয়া – আর এটা জন্ম দেবে ভালোবাসার; এবং নিজের দুর্বলতা ও ত্রুটি সমূহ স্বীকার করে নেয়া – যা জন্ম দেয় বিনয়।

আর বান্দা যদি তার প্রতিপালকের দিকে তার যাত্রাপথ এই দু'টি মূলনীতির উপর ভিত্তি করে প্রতিষ্ঠিত করে – তাহলে তার শত্রুরা তার উপর বিজয়ী হতে পারবে না, শুধুমাত্র অপ্রত্যাশিত ধোঁকা ছাড়া...

আর আল্লাহ কত দ্রুতই না তাকে পথ দেখিয়ে ফিরিয়ে আনেন, এবং তাকে রক্ষা করেন, এবং তাঁর করুণার দ্বারা বান্দাকে সংশোধন করেন...

---

[২৬] হাদীসে বর্ণিত আছে,

"একদা ফেরেশতা জিবরীল (আলাইহিস সালাম) রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর নিকট এসে বসলেন। তিনি আকাশের দিকে তাকালেন এবং একজন ফেরেশতাকে দেখতে পেলেন। সুতরাং জিবরীল (আলাইহিস সালাম) তাঁকে (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেন, 'এই ফেরেশতার সৃষ্টি হবার পর থেকে আজকের পূর্ব পর্যন্ত তা কখনোই অবতীর্ণ হয় নি।' সুতরাং যখন সেই ফেরেশতা অবতরণ করলেন, তিনি বললেন, 'হে মুহাম্মাদ! আমি আপনার প্রতিপালকের কাছ থেকে প্রেরিত হয়েছি (অনুসন্ধান করতে) যে, আপনি কোনটি হতে চান, একজন নবী ও রাজা নাকি একজন বান্দা ও রাসূল?' জিবরীল (আলাইহিস সালাম) তাঁকে (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেন, 'আপনার রবের প্রতি বিনীত হোন, হে মুহাম্মাদ!' আর এভাবে রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেন, 'না, বরং একজন বান্দা ও রাসূল।'" হাদীসটি উল্লেখকৃত হয়েছে আস সিলসিলাহ আস সহীহাহ্ (১০০২) এবং ইমাম আহমদের মুসনাদ (২/২৩১) এ।

শাইখ আবু মুহাম্মদ আসিম আল-মাকদিসী (আল্লাহ তাঁকে হেফাজত করুন) রচিত

একটি মূল্যবান প্রবন্ধ

এই দ্বীনের মূল ভিত্তি হচ্ছে একটি পথপ্রদর্শনকারী কিতাব ও তার পক্ষাবলম্বনকারী একটি তরবারি

লেখক: শাইখ আবু মুহাম্মদ আসিম আল-মাকদিসী

পরিবেশনায়: বালাকোট মিডিয়া

لَقَدْ أَرْسَلْنَا رُسُلَنَا بِٱلْبَيِّنَٰتِ وَأَنزَلْنَا مَعَهُمُ ٱلْكِتَٰبَ وَٱلْمِيزَانَ لِيَقُومَ ٱلنَّاسُ بِٱلْقِسْطِ ۖ وَأَنزَلْنَا ٱلْحَدِيدَ فِيهِ بَأْسٌ شَدِيدٌ وَمَنَٰفِعُ لِلنَّاسِ وَلِيَعْلَمَ ٱللَّهُ مَن يَنصُرُهُۥ وَرُسُلَهُۥ بِٱلْغَيْبِ ۚ إِنَّ ٱللَّهَ قَوِىٌّ عَزِيزٌ ﴿٢٥﴾

নিশ্চয়ই আমি আমার রাসূলদেরকে সুস্পষ্ট প্রমাণসহ প্রেরণ করেছি এবং তাদের সাথে অবতীর্ণ করেছি কিতাব ও তুলাদন্ড, যাতে মানুষ সুবিচার প্রতিষ্ঠা করে। আর আমি নাযিল করেছি লৌহ, যাতে রছে প্রচন্ড রণশক্তি এবং মানুষের জন্য বহুবিধ কল্যাণ। এটা এই জন্যে যে, আল্লাহ প্রকাশ করে দিবেন কে না দেখে তাঁকে ও তাঁর রাসূলগণকে সাহায্য করে। আল্লাহ মহাশক্তিময়, মহাপরাক্রমশালী।[১]

---

[১] সূরা হাদীদ, আয়াত: ২৫

জাবির বিন আব্দুল্লাহ (রাদিয়াল্লাহু আনহু) এক হাতে একটি তরবারি ও অপর হাতে একটি কোরআন নিয়ে বলেছিলেন,

أمرنا رسول الله ﷺ أن نضرب بهذا (وأشار إلى السيف) من خرج عن هذا (وأشار إلى المصحف)

"রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আমাদেরকে আদেশ করেছেন এটা দিয়ে আঘাত করতে (তিনি তাঁর হাতের তরবারির দিকে নির্দেশ করলেন), যে কেউই এটার থেকে বিচ্যুত হয়ে যায় (তিনি তাঁর হাতের কোরআনের দিকে নির্দেশ করলেন)।"[২]

আর আল্লাহ তাআলা বলেছেন,

لَقَدْ أَرْسَلْنَا رُسُلَنَا بِٱلْبَيِّنَٰتِ وَأَنزَلْنَا مَعَهُمُ ٱلْكِتَٰبَ وَٱلْمِيزَانَ لِيَقُومَ ٱلنَّاسُ بِٱلْقِسْطِ

নিশ্চয়ই আমি আমার রাসূলদেরকে সুস্পষ্ট প্রমাণসহ প্রেরণ করেছি এবং তাদের সাথে অবতীর্ণ করেছি কিতাব ও তুলাদন্ড, যাতে মানুষ সুবিচার প্রতিষ্ঠা করে।...[৩]

তাই রাসূলগণ (আলাইহিমিস সালাম) ও কিতাবসমূহকে প্রেরণের উদ্দেশ্য হলো এই যে, মানবজাতি যেন আল্লাহ ও মানুষের যথাযথ অধিকার ন্যায়ের সাথে সমুন্নত রাখে।[৪]

আর আল্লাহর প্রধান অধিকারসমূহের একটি – যার জন্য তিনি সকল রাসূলগণ (আলাইহিমিস সালাম) ও কিতাবসমূহ প্রেরণ করেছেন – তা হলো এই যে, মানুষেরা যেন তাওহীদ প্রতিষ্ঠা করে, যা হচ্ছে জীবনের প্রতিটি ক্ষেত্রে একনিষ্ঠভাবে শুধুমাত্র আল্লাহর ইবাদত করা। সকল নবী-রাসূলগণের (আলাইহিমিস সালাম) বার্তা ও আহবান এবং সকল কিতাব ও সহীফাসমূহ - যা প্রাসঙ্গিক নবী-রাসূলদের (আলাইহিমিস সালাম) নবুয়্যাতের শুরু থেকে শেষ পর্যন্ত তাঁদের উপর নাযিল হয়েছে – সেখানে আল্লাহর এই অধিকারের বিষয়েই কথা এসেছে:

---

[২] মুসনাদে আহমদ

[৩] সূরা হাদীদ, আয়াত: ২৫

[৪] ফাতাওয়া শাইখুল ইসলাম ইবনে তাইমিয়াহ (২৬৩/২৮)

- হয় তা হলো, আল্লাহর এই অধিকার আদায় করা ও প্রতিষ্ঠা করার একটি আহবান; অথবা তা হলো, মানুষদেরকে এর দিকে আহবান করা এবং এই পথে ধৈর্য ধারণের একটি আদেশ; অথবা তা হলো, এই অধিকার প্রতিষ্ঠার লক্ষ্যে জিহাদের প্রতি উৎসাহ প্রদান এবং এই অনুযায়ী ভালোবাসা (ঈমানদারদের প্রতি) ও ঘৃণার (তাওহীদ প্রত্যাখ্যানকারী কাফের, মুশরিক, মুরতাদ লোকদের প্রতি) সম্পর্ক নির্ধারণ।

- অথবা তা হলো, সেই সকল মানুষদের ব্যাপারে সংবাদ প্রদান যারা তাওহীদের বিশ্বাস ধারণ করেছিল, ইসলামের বিজয় ছিনিয়ে এনেছিল এবং তাওহীদ প্রতিষ্ঠার লক্ষ্যে জিহাদ করেছিল; এবং তা হলো, এই ধরনের ঈমানদার মানুষদের জন্য আল্লাহ যে পরম অনুগ্রহ ও জান্নাতের অনন্ত শান্তিময় জীবন নির্ধারণ করেছেন তার সুসংবাদ প্রদান।

এইসব মানুষ আল-কুর'আনের যে সব আয়াত অস্পষ্ট তার অনুসরণ করে থাকে। এরা এ কাজ করে ফিত্না ছড়ানোর উদ্দেশ্যে। এরা যা স্পষ্ট ও বোধগম্য তার অনুসরণ করে না। এদের উৎকৃষ্ট উদাহরণ হলো ওরা যারা গণতন্ত্রের পথ বেছে নিয়েছে এবং সংসদ বা আইনসভা প্রতিষ্ঠা করেছে। এর সমথর্করা ভ্রান্ত পথের অনুসরণ করে থাকে এবং এরাই অধিক ভুল করে। ওরা কিছু আয়াত নেয় এবং তা সুস্পষ্ট আয়াত, মূলনীতি ও ব্যাখ্যার সাথে সম্বনয় না করে গ্রহণ করে সত্যের সাথে মিথ্যার; আর আলোর সাথে অন্ধকারের সংমিশ্রণ ঘটানোর জন্যে।

অতঃপর, এখন আমরা ওদের কিছু ভ্রান্ত যুক্তি নিয়ে আলোচনা করব আল্লাহ্র সাহায্যে, যিনি সার্বভৌম ক্ষমতার অধিকারী, স্রষ্টা, পুনরুত্থানকারী ও অবাধ্য জনগোষ্টিকে পরাভূতকারী, তাদের যুক্তিগুলো খন্ডন করে সেগুলোর জবাব দেয়ার চেষ্টা করবো।

প্রথম অযৌক্তিক অজুহাত ঃ

ইউসুফ (আ.) মিশরের রাজার পক্ষে কাজ করেছিলেন বা তার মন্ত্রী ছিলেন

এই যুক্তিটি ঐসব গোঁড়ামিপূর্ণ লোকেরা দিয়েছিল যাদের গণতন্ত্রের পক্ষে অন্য কোন দলিল ছিল না। তারা বলত ঃ ইউসুফ (আ.) কি ঐ রাজার পক্ষে কাজ করেনি যে আল্লাহ্‌র শরীয়ত অনুযায়ী শাসনকার্য পচিালনা করত না?

সুতরাং, তাদের মতে, কাফির সরকারের সাথে যোগ দেয়া এবং সংসদে বা আইনসভায় যোগ দেয়া এবং এই ধরনের লোকদের ভোট দেয়া বৈধ।[১৪]

তাদের এই যুক্তির জবাবে যা কিছু বলব, তার সব ভাল আল্লাহ্‌র পক্ষ থেকে এবং সব মন্দ আমার ও শয়তানের পক্ষ থেকে।

প্রথমত ঃ ঐসমস্ত লোকেরা আইন সভায় বা সংসদে যোগদানকে বৈধ করার জন্যে যে যুক্তি দেয় তা অসত্য এবং ভ্রান্ত কারণ এই সংসদ এমন সংবিধানের উপর নির্ভরশীল যা আল্লাহ্‌র দেয়া বিধান বা সংবিধান নয়; অধিকন্তু তা গণতন্ত্রের উপর ভিত্তি করে প্রতিষ্ঠিত যা মানুষের খেয়াল-খুশি অনুযায়ী কোন কিছুকে *হালাল* (বৈধ) বা *হারাম* (অবৈধ) করে দেয়ার ক্ষমতা রাখে, মহান আল্লাহ্‌র নির্দেশের কোন পরোয়া করেনা।

আল্লাহ্ বলছেন ঃ

ومن يبتغ غير الإسلام ديناً فلن يُقبل منه وهو في الآخرة من الخاسرين

"কেউ যদি ইসলাম ব্যতীত অন্য কোন দ্বীন গ্রহণ করতে চায় তবে তা কখনও কবুল করা হবে না এবং সে হবে পরকালে ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত।" [সূরা আলি ইমরান ৩ ঃ ৮৫]

সুতরাং, কেউ কি এমন দাবী করতে পারবে যে ইউসুফ (আ.) এমন কোন দ্বীন বা বিধানের অনুসরণ করেছিলেন যা আল্লাহ্ প্রদত্ত নয়? অথবা এমন কোন দ্বীনের অনুসরণ করেছিলেন যা তাঁর একত্ববাদী পূর্বপুরুষদের দ্বীন নয়? অথবা তিনি কি অন্য কোন জীবন ব্যবস্থাকে সম্মান করার জন্যে শপথ নিয়েছিলেন অথবা সেই অনুসারে কি দেশ পরিচালনা বা শাসন করেছেন - যে রূপ, আজ যারা সংসদ দ্বারা বিমোহিত, যেরূপে বর্তমানে তারা শাসন পরিচালনা করছে?

তিনি তাঁর দুর্বলতার সময়ে বলেছিলেন ঃ

إني تركتُ ملّة قومٍ لا يُؤمنون بالله وهم بالآخرة هم كافرون ■ واتبعتُ ملّة ءاباءي إبراهيم وإسحق ويعقوب ما كان لنا أن نشرك بالله من شيء

"যে সম্প্রদায় আলাহ্‌কে বিশ্বাস করে না ও আখিরাতে অবিশ্বাসী, আমি তাদের মতবাদ বর্জন করছি। আমি আমার পিতৃপুরুষ ইব্রাহীম, ইসহাক এবং ইয়াকুবের মতবাদের অনুসরণ করি। আল্লাহ্‌র সাথে কোন বস্তুকে শরীক করা আমাদের কাজ নয়। এটা আমাদের ও সমস্ত মানুষের প্রতি আল্লাহ্‌র অনুগ্রহ, কিন্তু অধিকাংশ মানুষই কৃতজ্ঞতা প্রকাশ করে না। [সূরা ইউসুফ ১২ ঃ ৩৭-৩৮]

এবং তিনি আরও বলেছিলেন ঃ

يا صاحبيَ السّجن ءأربابٌ مُّتفرقون خيرٌ أم الله الواحد القهار ■ ما تعبدون من دونه إلا أسماءً سمَّيتموها أنتم وءاباؤُكم ما أنزل الله بها من سلطان إنِ الحكمُ إلاالله أمر ألاَّ تعبدوا إلا إياه ذلك الدين القيم ولكنَّ أكثر الناس لا يعلمون

[১৪] উদাহরণ স্বরূপ আমাদের দেশের তথাকথিত ইসলামিক দলগুলো, যারা গণতন্ত্রকে ইসলামের একটি অংশ বানিয়ে নাম দিয়েছে - ইসলামী গণতন্ত্র। আমরা তাদের এই কুচক্রান্ত ও পথভ্রষ্টতা থেকে আল্লাহ্ তা'আলার নিকট আশ্রয় চাই।

"হে কারা সঙ্গীরা ভিন্ন ভিন্ন বহু প্রতিপালক শ্রেয় না পরাক্রমশালী এক আল্লাহ্? তাঁকে ছেড়ে তোমরা কেবল কতগুলো নামের ইবাদত করছো, যেই নাম তোমাদের পিতৃপুরুষ ও তোমরা রেখেছো, এইগুলোর কোন প্রমাণ আল্লাহ্ পাঠান নাই। বিধান দেবার অধিকার কেবল আল্লাহ্রই। তিনি আদেশ দিয়েছেন তাঁকে ব্যতীত অন্য কারও ইবাদত না করতে, এটাই হলো সরল দ্বীন কিন্তু অধিকাংশ মানুষ এই ব্যাপারে অবগত নয়।" [সূরা ইউসুফ ১২ঃ৩৯-৪০]

কিভাবে এটা সম্ভব যে তিনি যখন শক্তিহীন ছিলেন তখন প্রকাশ্যে এই কথাটি বলেছিলেন আর যখন তিনি ক্ষমতা পেলেন তা গোপন করে ছিলেন বা তার বিপরীত কাজ করেছিলেন? এর জবাব কি দিবে, হে! যারা এই মিথ্যা দাবীতে বিশ্বাসী।

হে রাজনৈতিক নেতারা, আপনি কি জানেন না, যে মন্ত্রণালয় (যেখানে প্রধানমন্ত্রী এবং অন্য মন্ত্রীদের মন্ত্রীপরিষদ রয়েছে) হলো একটি কার্য নির্বাহী কর্তৃপক্ষ (যারা কর্ম সম্পাদনের জন্যে ক্ষমতা প্রাপ্ত) এবং সংসদ হলো একটি আইন প্রণয়নকারী কর্তৃপক্ষ (যাদের কাজ আইন প্রণয়ন করা) এবং এই দু'য়ের মাঝে অনেক পার্থক্য রয়েছে? এই দু'য়ের মধ্যে আদৌ কোন তুলনা সম্ভব নয়।

এখন, আপনি অবশ্যই নিশ্চিত যে ইউসুফ (আ.) ঘটনা সংসদে যোগদান করার জন্যে কোন বৈধ যুক্তি হতে পারে না। অধিকন্তু, এই বিষয়টি আরো একটু আলোচনা করা যাক এবং আমরা এটাও বলতে পারি যে, এই ঘটনাকে মন্ত্রণালয়ে যোগদানের জন্যে অজুহাত হিসেবে ব্যবহার করা যাবে না কারণ, সংসদ ও মন্ত্রণালয়ে যোগ দেয়া উভয়ই কুফরীতে লিপ্ত হওয়ার শামিল।

দ্বিতীয়ত ঃ ইউসুফ (আ.) এর কাজের সাথে গণতন্ত্রের সেবকব বাতিল রাষ্ট্রের, মন্ত্রীসভায় অংশগ্রহণকারীদের তুলনা করা যায় না যারা আল্লাহ্র পাশাপাশি বিধান দেয় এবং আল্লাহ্র দ্বীনের অনুসারীদের বিরুদ্ধে যুদ্ধ করে এবং তাঁর শত্রুদের সাহায্য করে। এটা বাতিল এবং অযৌক্তিক তুলনা, এর কারণ হচ্ছে ঃ

(১)- যে কেউ ঐ সমস্ত সরকারের মন্ত্রিপরিষদে অংশগ্রহণ করে, যেখানে আল্লাহ্র বিধান বা শরীয়তকে প্রয়োগ করা হয় না, তাদেরকে অবশ্যই মানুষের তৈরী সংবিধানকে গ্রহণ করতে হয় এবং আনুগত্য ও একনিষ্ঠতা প্রর্দশন করতে হয় সেই সব ত্বাগুতের প্রতি যাদের সাথে কুফরী (অস্বীকার) করার আদেশ আল্লাহ্ একেবারে প্রথমেই দিয়েছেন। আল্লাহ্ বলেন,

... يُرِيدون أن يتحاكموا إلى الطاغوت وقد أُمِروا أن يكفروا به...

"... তারা ত্বাগুতের কাছে বিচার প্রার্থী হতে চায়, যদিও ওদেরকে প্রত্যাখ্যান করার জন্য তাদেরকে নির্দেশ দেওয়া হয়েছে।" [সূরা নিসা ৪ ঃ ৬০]

তাদেরকে অবশ্যই মন্ত্রিপরিষদে ঢোকার পূর্বেই এই কুফরী সংবিধানকে সমুন্নত রাখার জন্যে সরাসরি শপথ করতে হয় যে রূপ সংসদে অংশ গ্রহণের সময় বলতে হয়।[১৫]

যে এই দাবী করবে যে ইউসুফ (আ.) যিনি ছিলেন বিশ্বাসযোগ্য, মহান এক ব্যক্তির সন্তান, ঐরকম করেছেন

---

[১৫] বাংলাদেশের সংবিধানের তৃতীয় তফসিল- 'শপথ ও ঘোষণা' অনুচ্ছেদের ২(ক)এ বলা হয়েছেঃ "আমি .... সশ্রদ্ধচিত্তে শপথ করিতেছি যে, আমি আইন অনুযায়ী সরকারের প্রধানমন্ত্রী (বা মন্ত্রী, প্রতিমন্ত্রী বা উপমন্ত্রী) পদের কর্তব্য বিশ্বস্ততার সহিত পালন করিব;

- আমি বাংলাদেশের প্রতি অকৃত্রিম বিশ্বাস ও আনুগত্য পোষণ করিব;
- আমি সংবিধানের রক্ষণ, সমর্থন ও নিরাপত্তা বিধান করিব;
- এবং আমি ভীতি বা অনুগ্রহ, অনুরাগ বা বিরাগের বশবর্তী না হইয়া সকলের প্রতি আইন অনুযায়ী যথাবিহীত আচরণ করিব।"

এবং তৃতীয় তফসিল- 'শপথ ও ঘোষণা' অনুচ্ছেদের ৫-এ বলা হয়েছেঃ "আমি সংসদ সদস্য নির্বাচিত হইয়া সশ্রদ্ধচিত্তে শপথ করিতেছি যে, আমি যে কর্তব্যভার গ্রহণ করিতে যাইতেছি, তাহা আইন-অনুযায়ী ও বিশ্বস্তার সহিত পালন করিব;

- আমি বাংলাদেশের প্রতি অকৃত্রিম বিশ্বাস ও আনুগত্য পোষণ করিব;

এবং সংসদ সদ্যরূপে আমার কর্তব্য পালনকে ব্যক্তিগত স্বার্থের দ্বারা প্রভাবিত হইতে দিব না।"

(কুফরী করেছে) যদিও আল্লাহ্ তাঁকে পরিশুদ্ধ করেছিলেন এবং তাঁর সম্পর্কে বলেছেন,

كذلك لنصرف عنه السوء والفحشاء إنه من عبادنا المخلصين

"আমি তাঁকে মন্দ কর্ম ও অশীলতা হতে বিরত রাখার জন্য এইভাবে নিদর্শন দেখিয়ে ছিলাম। সে তো ছিল আমার বিশুদ্ধ চিত্ত বান্দাদের অন্তর্ভুক্ত"[১৬]। ইউসুফ (আ.) সম্পর্কে জেনে বুঝে কেউ মিথ্যা আরোপ করলে সেই ব্যক্তি একজন কাফির হয়ে যাবে, সে হবে নিকৃষ্ট লোকদের একজন এবং সে ইসলাম থেকে বের হয়ে যাবে।

সে ইবলিসের চেয়েও বেশি নিকৃষ্ট হয়ে যাবে, যখন আল্লাহ্র সম্মতি নিয়ে সে শপথ করে এই বলেছিল,

فبعزتك لأغوينهم أجمعين. إلا عبادك منهم المخلصين

"আপনার ক্ষমতার শপথ! আমি ওদের সকলকেই পথভ্রষ্ট করব, তবে তাদের মধ্যে আপনার একনিষ্ঠ বান্দাদের ব্যতীত।" [সূরা সাদ ৩৮ ঃ ৮২-৮৩]

ইউসুফ (আ.) প্রকৃতপক্ষে আল্লাহ্ তা'আলার একজন মনোনীত বান্দা ও মানব জাতির একজন মহান নেতা।

(২)- যে এই সমস্ত সরকারের মন্ত্রীসভায় যোগ দেয়, সে সাংবিধানিক ভাবে শপথ গ্রহণ করুক বা না করুক, সে মানুষের তৈরী বিধানের আনুগত্য করতে এবং পরিপূর্ণ ভাবে তা মেনে নিতে বাধ্য। সে তখন ঐ মতবাদের একজন আন্তরিক দাস ও একান্ত বাধ্যগত সেবকে পরিণত হয় যে মতবাদ মিথ্যা, অধর্ম, অন্যায়, নাস্তিকতা এবং কুফরী দ্বারা মিশ্রিত।

ইউসুফ (আ.) যিনি আল্লাহ্র প্রেরিত নবী ছিলেন, তিনি কি সেরূপ হতে পারেন? তার কাজকে কি আমরা কাফিরদের মধ্যে যোগ দানের সাথে তুলনা করব? যে কেউ আল্লাহ্র নবী ইউসুফ (আ.); যিনি আল্লাহ্র নবীর ছেলে ও আল্লাহ্র নবীর দৌহিত্র; তাকে এমন কোন ব্যাপারে অভিযুক্ত করবে যে, তার কার্যক্রম ছিল আজকের এই কুফরী মতবাদ- গণতন্ত্রের দাসদের মত তাহলে সেই ব্যক্তির কুফরী সম্পর্কে আমাদের কোন সন্দেহই থাকবে না এবং সে ইসলাম থেকে বের হয়ে যাবে। সে একজন অবিশ্বাসী হয়ে যাবে কারণ আল্লাহ্ বলেন ঃ "প্রত্যেক জাতির কাছে আমি একজন নবী পাঠিয়ে ছিলাম এই কথা বলার জন্যে, 'আল্লাহ্র ইবাদত কর এবং সমস্ত ত্বাগুত থেকে দূরে থাক'।"[১৭] এটাই ছিল ইউসুফ (আ.) এবং সমস্ত নবীদের (আ.) সবচেয়ে বড় দায়িত্ব ।

তাহলে, এটা কি আদৌ সম্ভব যে তিনি মানুষকে আল্লাহ্র হুকুমের দিকে ডেকেছেন দু'সময়েই - যখন তিনি ক্ষমতাশীল ছিলেন এবং যখন তিনি দুর্বল ছিলেন; তারপর তিনি আল্লাহ্র হুকুমের বিরোধিতা করে মুশরিকদের অন্তর্ভুক্ত হলেন অথচ আল্লাহ্ তার ব্যাপারে বর্ণনা করেছেন তার একজন পরিশুদ্ধ, একনিষ্ঠ বান্দা হিসেবে? কিছু *মুফাস্সিরীন*[১৮] বলেছেন এই আয়াত[১৯] হচ্ছে একটি দলিল যে, ইউসুফ (আ.) রাজার আইন ও নিয়ম-কানুন প্রয়োগ করেননি এবং তাকে তা মানতে বা প্রয়োগ করতে বাধ্য করা হয়নি।

বর্তমানে ত্বাগুতের মন্ত্রীপরিষদ বা তাদের সংসদ কি ঐভাবে পরিচালিত যেভাবে ইউসুফ (আ.)-এর সময় পরিচালিত হত? একজন মন্ত্রী কি ঐভাবে দেশের প্রচলিত আইনের বিরোধী কাজ করতে স্বাধীন? যদি তা না হয়, তাহলে এই দু'য়ের মধ্যে কোন তুলনা চলে না।

(৩)- ইউসুফ (আ.) মন্ত্রীসভায় অংশগ্রহণ করেছিলেন আল্লাহ্র সাহায্যে। আল্লাহ্ বলেন ঃ

وكذلك مكنا ليوسف في الأرض

---

[১৬] সূরা ইউসুফ **১২ ঃ ২৪**

[১৭] সূরা নাহল **১৬ ঃ ৩৬**

[১৮] *মুফাস্সিরীন* ঃ যাঁরা আল-কুর'আনের *তাফসীর* বা ব্যাখ্যা করেন।

[১৯] **...ما كان ليأخذ أخاه في دين الملك** "রাজার আইনে তাঁর ভাইকে তিনি আটক করতে পারত না ..." [সূরা ইউসুফ **১২ ঃ ৭৬**]

"এইভাবেই ইউসুফকে আমি সেই দেশে প্রতিষ্ঠিত করলাম" [সূরা ইউসুফ ১২ ঃ আয়াত ৫৬]।

সুতরাং, এটাই হচ্ছে আল্লাহ্‌র দেয়া কর্তৃত্ব, কোন ব্যক্তি বা রাজার ক্ষমতা ছিল না তাকে আঘাত করার বা তাকে সেই কর্তৃত্ব থেকে অপসারণ করার, যদিও তিনি রাজা এবং তার বিধান ও বিচার ব্যবস্থার বিরূদ্ধাচরণ করেছিলেন। ইউসুফ (আ.)-কে ক্ষমতা এবং কর্তৃত্ব দেয়া হলেও, কিভাবে এই সব নিকৃষ্ট ও মন্দ লোকগুলোকে, যারা ত্বাগুতের সরকারের বড় বড় পদে আসীন, তাঁর সাথে তুলনা করা যায়, যিনি একমাত্র আল্লাহ্‌রই ইবাদত করতেন?

(৪)- ইউসুফ (আ.) রাজার কাছ থেকে সম্পূর্ণ কর্তৃত্ব নিয়েই মন্ত্রী পরিষদে অংশগ্রহণ করেছিলেন। আল্লাহ্ বলছেনঃ

فلما كلّمه قال إنك اليوم لدينا مكين أمين

"অতঃপর রাজা যখন তাঁর সাথে কথা বলল, তখন রাজা বলল, 'নিশ্চয়ই, আজ তুমি আমাদের নিকট বিশ্বস্ত হিসাবে মর্যাদার স্থান লাভ করেছ'।" [সূরা ইউসুফ ১২ ঃ ৫৪]।

তাকে কোন প্রকার শর্ত বা সীমাবদ্ধতা ছাড়াই মন্ত্রী পরিষদ পরিচালনা করার জন্যে সম্পূর্ণ ক্ষমতা দেয়া হয়েছিল।

وكذلك مكّنا ليوسف في الأرض يتبوأ منها حيث يشاء

"এইভাবেই ইউসুফকে আমি সে দেশে প্রতিষ্ঠিত করেছিলাম; তিনি সেই দেশে যথা ইচ্ছা স্থান করে নিতে পারতেন"। [সূরা ইফসুফ ১২ ঃ ৫৬]

তার কোন প্রতিপক্ষ ছিল না, কেউ তাকে তার কাজের জন্যে প্রশ্ন করার ছিল না।

এখনকার ত্বাগুতের মন্ত্রীদের কি এমন কোন কিছু আছে যা এক্ষেত্রে তুলনা যোগ্য? যদি মন্ত্রী এমন কিছু করেন যা রাষ্ট্রপ্রধান, রাজা বা রাজপুত্রের দ্বীন বা দেশের সংবিধানের বিরোধী, তাহলে তাকে মন্ত্রণালয় থেকে বরখাস্ত করা হবে। তাদের মতে মন্ত্রী হলেন রাষ্ট্রপ্রধান, রাজা বা রাজপুত্রের ইচ্ছা, তাদের নীতি বা প্রজাতন্ত্রের দাস এবং তাকে তা অবশ্যই মানতে হবে। সে কখনই রাষ্ট্রপ্রধান বা রাজার হুকুমকে অথবা সংবিধানকে অমান্য করতে বা এর অবাধ্য হতে পারবে না, যদিও তা আল্লাহ্‌র হুকুমের এবং তাঁর দ্বীনের (ইসলামের) বিরোধী হয়। যে কেউ বর্তমান অবস্থাকে ইউসুফ (আ.) এর অবস্থার মতই বলে দাবী করবে, সে নিজের অপরিসীম ক্ষতি করবে। সে ব্যক্তি আল্লাহ্‌র কাছে একজন কাফির বলে বিবেচিত হবে এবং ইউসুফ (আ.)-কে আল্লাহ্ যে পরিশুদ্ধ করেছেন তাতে অবিশ্বাসী বলে বিবেচিত হবে।

যেহেতু বর্তমান অবস্থা ইউসুফ (আ.) এর মত নয়, তাই এই দু'য়ের মধ্যে তুলনা করা উচিৎ নয়। সুতরাং ত্বাগুতদেরকে তাদের নির্বোধ কথাবার্তা এবং কূটতর্ক এখানেই ত্যাগ করতে হবে।

তৃতীয়ত ঃ এই মিথ্যা যুক্তিকে খন্ডন করার আরেকটি মারাত্মক অস্ত্র হচ্ছে, যে কোন কোন *মুফাস্সিরীনের* মতে সেই রাজা ইসলাম গ্রহণ করেছিলেন। ইব্ন আব্বাস (রা.)-এর ছাত্র মুজাহীদ (রহ.) তা বর্ণনা করেছেন। সুতরাং এই প্রমাণই এ ঘটনাকে ব্যবহার করার সকল যুক্তিকে বাতিল করে দেয়। আমরা আল্লাহ্‌তে বিশ্বাস রাখি এবং বিশ্বাস করি যে, তাঁর কোন সৃষ্টির কথা অথবা ব্যাখ্যা, যার কোন দলিল ও প্রমাণ নেই, তার চেয়ে আল্লাহ্‌র কিতাবের আক্ষরিক অর্থের আনুগত্য করা আরও বেশী যথার্থ। ইউসুফ (আ.) সম্পর্কে আল্লাহ্‌র কথাই আমাদের জন্যে সুদৃঢ় প্রমাণ ঃ

وكذلك مكنا ليوسف في الأرض

"সুতরাং এইভাবেই ইউসুফকে আমি সেই দেশে প্রতিষ্ঠিত করিলাম"। [সূরা ইউসুফ ১২ ঃ ২১]

আল্লাহ্ আল-কুর'আনে অন্য এক জায়গায় এই বিষয়ের সারমর্ম বর্ণনা করেছেন। তিনি ঈমানদারদের অবস্থান বর্ণনা করছেন যখন তাদেরকে তিনি কোন ভূমিতে কর্তৃত্ব দেন ঃ

الذين إن مكّناهم في الأرض أقاموا الصلاة وءاتوا الزكاة وأمروا بالمعروف ونهوا عن المنكر ولله عاقبة الأمور

"আমি তাদেরকে পৃথিবীতে প্রতিষ্ঠা দান করলে তারা সালাত কায়েম করবে, যাকাত দিবে এবং সৎকার্যের নির্দেশ দিবে ও অসৎকার্যের নিষেধ করবে; আর সকল কাজের পরিণাম আল্লাহ্‌র ইখতিয়ারে"। [সূরা হাজ্জ ২২ ঃ ৪১]

আমাদের এতে কোন সন্দেহ নেই যে, ইউসুফ (আ.) তাদের মধ্যে একজন। শুধু তাই নয় তিনি তাদের মধ্যেও একজন মহান নেতা, যাদেরকে আল্লাহ্‌ পৃথিবীতে ক্ষমতা দিলে তারা সৎকাজের আদেশ করে এবং অসৎ কাজের নিষেধ করে। যারাই ইসলাম সম্পর্কে জানে তাদের কারও কোন সন্দেহ নেই যে ইসলামের সর্বোৎকৃষ্ট বিষয় হল *তাওহীদ* (আল্লাহ্‌র একত্ববাদ), যা ছিল ইউসুফ (আ.)-এর দাওয়াতের মূল বাণী এবং সবচেয়ে নিকৃষ্ট কাজ হচ্ছে আল্লাহ্‌র সাথে অংশীদারীত্ব (শির্‌ক) যেই ব্যাপারে ইউসুফ (আ.) সতর্ক করেছিলেন, ঘৃণা করেছিলেন এবং অংশীদারীত্ববাদের মিথ্যা প্রভুদের ও দেবতাদের আঘাত করেছিলেন। অবশ্যই সুনিশ্চিত নিদর্শন আছে যে, আল্লাহ্‌ যখন ইউসুফ (আ.)-কে ক্ষমতা দান করেছিলেন, তিনি তাঁর পিতৃপুরুষ, ইয়াকুব (আ.) ও ইবরাহিম (আ.)-এর দ্বীনের অনুসরণ করেছিলেন এবং মানুষকে সেদিকে আহ্বান করেছিলেন এবং যারা এই দাওয়াতের বিরুদ্ধাচরণ করত বা অসম্মতি প্রকাশ করত তাদের প্রত্যেককেই আক্রমন করেছিলেন। তিনি আল্লাহ্‌র শরীয়ত পরিত্যাগ করেননি। তিনি আল্লাহ্‌র শরীয়ত বা বিধান প্রতিষ্ঠিত না করার ক্ষেত্রে কাউকে সাহায্য করেননি। তিনি কোন বিধানদাতা (যারা আল্লাহ্‌র আইন বিরোধী বিধান প্রতিষ্ঠা করে) বা কোন ত্বাগুতদের সাহায্য করেননি। তিনি তাদেরকে এরূপ সাহায্য করেননি যে রূপ বর্তমান সময়ের ক্ষমতার দাসে পরিণত হওয়া মানুষেরা করছে।

তিনি তাদের সাথে আইন প্রণয়নে অংশ গ্রহণ করেননি যে রূপ আজকের মোহগ্রস্থ লোকগুলো সংসদে করছে। তিনি তাদের আচার-আচারণ এবং কর্মপন্থা অস্বীকার ও বর্জন করেছিলেন। তিনি তাদের খারাপ কাজগুলোকে পরিবর্তন করেছিলেন। তিনি আল্লাহ্‌র একত্ববাদের দিকে মানুষকে ডেকেছিলেন এবং তাদেরকে আক্রমন করেছিলেন যারা এর বিরোধিতা করেছিল, যেমনটি আল্লাহ্‌ তা'আলা বলেছেন। যে কেউ এমন বিশ্বাসযোগ্য, সম্মানজনক, মহৎ ব্যক্তিদের সন্তানের নামে এমন কিছু বর্ণনা দেয় যা আল্লাহ্‌র দেয়া বর্ণনা থেকে ভিন্ন, তাহলে সে পবিত্র ইসলাম থেকে বের হয়ে একজন অপবিত্র কাফিরে পরিণত হবে।

এই ব্যাপারে অপর একটি দলিল হচ্ছে আল্লাহ্‌র এই কথার ব্যাখ্যা ঃ

وقال الملك ائتوني به استخلصه لنفسي فلما كلمه قال إنك اليوم لدينا مكين أمين

"রাজা (যখন এই ব্যাপারটি শুনল সে) বলল, 'ইউসুফকে আমার নিকট নিয়ে আসো, আমি তাকে আমার একান্ত সহচর নিযুক্ত করব', যখন সে (রাজা) তাঁর [ইউসুফ (আ.)] সাথে কথা বলল, সে বলল, 'নিশ্চয়ই, আজ তুমি আমাদের নিকট বিশ্বস্ত হিসাবে মর্যাদার স্থান লাভ করেছ'।" [সূরা ইউ্সুফ ১২ ঃ ৫৪]

কেউ কি চিন্তা করতে পারে রাজার সাথে ইউসুফ (আ.) কি বিষয়ে কথা বলেছিলেন; তিনি কি রাজাকে তাকে ভালবাসার জন্যে, তাকে ক্ষমতা দেয়ার জন্যে, তাকে বিশ্বাস করার এবং তার প্রতি আস্থা রাখার ব্যাপারে কথা বলেছিলেন?

তিনি কি মন্ত্রী, আল-আজিজ, এর স্ত্রীর ঘটনার ব্যাপারে কথা বলেছিলেন, যেই ঘটনার সমাপ্তি হয়েছিল সকলের কাছে সত্য প্রকাশিত হওয়ার মাধ্যমে? অথবা তিনি কি জাতীয় ঐক্য এবং অর্থনৈতিক সমস্যা নিয়ে কথা বলেছিলেন? বা অন্য কোন ব্যাপার নিয়ে?

কেউই এমন দাবী করতে পারবে না যে তার অদৃশ্যের জ্ঞান আছে অথবা কেউ প্রমাণ ছাড়া কোন কথা বলতে পারেন না। যদি সে তা করে, সে একজন মিথ্যাবাদী হয়ে যাবে। কিন্তু এই আয়াত "যখন সে তাঁর সাথে কথা বলেছিল ..." এর ব্যাখ্যা নিম্নক্ত আয়াতে বর্ণিত হয়েছে, "আল্লাহ্‌র ইবাদত করার ও ত্বাগুতকে বর্জন করার নির্দেশ দেয়ার জন্য আমি তো প্রত্যেক জাতির মধ্যেই রাসূল পাঠিয়েছি।" [সূরা নাহল ১৬ ঃ ৩৬]

এবং আল্লাহ্ বলেন,

ولقد أوحي إليك وإلى الذين من قبلك لئن أشركتَ ليحبطن عملك ولتكونن من الخاسرين

"তোমার প্রতি ও তোমার পূর্ববর্তীদের প্রতি অবশ্যই এই প্রত্যাদেশ হচ্ছে যে, তুমি আল্লাহ্‌র সাথে শরীক স্থির করলে তোমার সমস্ত আমল নিস্ফল হবে এবং অবশ্যই তুমি ক্ষতিগ্রস্থদের অন্তর্ভুক্ত হবে" [সূরা-যুমার ৩৯ ঃ ৬৫]।

এবং তাঁর কথার মাধ্যমে ইউসুফ (আ.)-এর দাওয়াত সংক্রান্ত গুরুত্বপূর্ণ কাজের বর্ণনা পাওয়া যায়,

"যে সম্প্রদায় আলাহ্‌কে বিশ্বাস করে না এবং আখিরাতে অবিশ্বাসী আমি তাদের মতবাদ বর্জন করেছি। আমি আমার পিতৃপুরুষ ইবরাহীম, ইস্হাক এবং ইয়াকুবের মতবাদ অনুসরণ করি, কোন বস্তুকে আল্লাহ্‌র সাথে শরীক করা আমাদের কাজ নয়।" [সূরা-ইউসুফ ১২ ঃ ৩৭-৩৮] এবং তাঁর বক্তব্য,

"হে কারা সঙ্গীরা ভিন্ন ভিন্ন বহু প্রতিপালক শ্রেয় না পরাক্রমশালী এক আল্লাহ্? তাঁকে ছেড়ে তোমরা কেবল কতগুলো নামের ইবাদত করছো, যেই নাম তোমাদের পিতৃপুরুষ ও তোমরা রেখেছো, এইগুলোর কোন প্রমাণ আল্লাহ্ পাঠান নাই। বিধান দেবার অধিকার কেবল আল্লাহ্‌রই। তিনি আদেশ দিয়েছেন তাঁকে ব্যাতীত অন্য কারও ইবাদত না করতে, এটাই সরল দ্বীন কিন্তু অধিকাংশ মানুষ এই ব্যাপারে অবগত নয়"। [সূরা-ইউসুফ ১২ ঃ ৩৯-৪০]

অতএব, এতে কোন সন্দেহ নেই যে, এটাই ইউসুফ (আ.)-এর মহান বক্তব্য কারণ, এটি তাঁর মহামূল্যবান জীবন ব্যবস্থা (*দ্বীন*) এবং এটিই তাঁর দাওয়াতের, তাঁর দ্বীন এবং তাঁর পিতৃপুরুষদের দ্বীনের ভিত্তি। যদি তিনি কোন অসৎ কাজের নিষেধ করে থাকেন, তাহলে তার মধ্যে শিরকের চেয়েও অধিক কোন খারাবি হতে পারেনা যা তা এই মূলনীতির (তাওহীদের) বিরোধিতা করে থাকে। যদি এটা সত্য বলে গৃহীত হয় এবং তাঁর প্রতি রাজার উত্তর হচ্ছে, 'নিশ্চয়ই, আজ তুমি আমাদের নিকট বিশ্বস্ত হিসাবে মর্যাদার স্থান লাভ করেছ', তাহলে এটা সুস্পষ্ট প্রমাণ যে, রাজা তাকে অনুসরণ করেছিল, তার সাথে এক মত হয়েছিল, শির্কী জীবন ব্যবস্থা (*দ্বীন*) পরিত্যাগ করেছিল এবং ইবরাহীম, ইসহাক, ইয়াকুব ও ইউসুফ (আ.)-এর দ্বীনের অনুসরণ করেছিল।

ধরে নেই যে, অন্তত রাজা ইউসুফ (আ.) ও তার পিতার তাওহীদ ও দ্বীন যে সঠিক সে ব্যাপারে ঐক্যমত পোষণ করেছিল। সে তাকে বলার স্বাধীনতা, তার দ্বীনের দিকে আহ্বান করার অনুমতি এবং যারা এর বিরোধী তাদের আক্রমন করার অনুমতি দিয়েছিল। এবং রাজা তাকে কোন বাধা দেয়নি এই কাজগুলো করার জন্যে, না তাকে তার দ্বীনের বিপরীত কোন কিছু করার জন্যে আদেশ করেছিল। তাহলে ইউসুফ (আ.)-এর অবস্থা ও আজকে যারা ত্বাগুতের প্রতি মোহগ্রস্থ হয়ে আছে, আর যারা তাদের সাহায্য করছে সংসদে আইন প্রণয়নে অংশ গ্রহণের মাধ্যমে, তাদের অবস্থার মধ্যে বিশাল পার্থক্য রয়েছে।

চতুর্থত ঃ যদি আপনি উপরোক্ত সব কিছু জানেন, তাহলে আপনি নিশ্চিত যে, ইউসুফ (আ.)-এর মন্ত্রনালয়ে অংশগ্রহণ একত্ববাদের সাথে সাংঘর্ষিক ছিল না এবং ইবরাহীম (আ.)-এর দ্বীনের সাথেও সাংঘর্ষিক ছিল না। কিন্তু বর্তমান সময়ের ত্বাগুতের মন্ত্রনালয়ে অংশগ্রহণ তাওহীদের সাথে সাংঘর্ষিক।

ধরে নেই, রাজা ইসলাম গ্রহণ করেনি এবং কাফেরই ছিল। তারপরও ইউসুফ (আ.)-এর শাসন ভার গ্রহণ করা একটা ছোট বিষয়, এটা প্রধান বিষয় হতে পারে না কারণ এটা হয়তোবা দ্বীনের উদ্দেশ্যের সাথে সাংঘর্ষিক ছিল না। কারণ ইউসুফ (আ.) কোন প্রকার কুফরী বা শিরক করেননি। তিনি কাফেরদের অনুসরণ করেননি অথবা আল্লাহ্ ছাড়া অন্য কারও বিধান মেনে নেননি। তিনি মানুষকে তাওহীদের দিকে ডেকে ছিলেন। শরীয়ার ক্ষেত্রে আল্লাহ্ বলছেন ঃ

لكلٍّ جعلنا منكم شِرعةً ومنهاجاً

"আমি তোমাদের প্রত্যেককে একটি শরী'আত ও একটি স্পষ্ট পথ এবং একটি জীবন পদ্ধতি দিয়েছি।" [সূরা মায়িদা ৫ ঃ ৪৮]

এমন কি নবীদের শরীয়াহ ভিন্ন ভিন্ন হতে পারে কিন্তু তারা সবাই তাওহীদের ক্ষেত্রে এক। রাসূল মুহাম্মদ (সা.) বলেন,

نحن معاشرَ الأنبياء إخوةٌ لعلات ديننا واحد

"আমরা (নবীরা) একে অপরের ভাই যাদের পিতা একজনই কিন্তু মাতা ভিন্ন ভিন্ন, আমাদের দ্বীনও একই।"[২০]

তিনি বুঝিয়েছেন যে তাদের সকলেই তাওহীদের ক্ষেত্রে এক ছিলেন এবং দ্বীনের বিভিন্ন বিষয়ে এবং শরীয়ার ক্ষেত্রে ভিন্নতা ছিল। সুতরাং কোন একটা জিনিস আমাদের জন্যে পূর্বের কোন আইন অনুসারে অবৈধ হতে পারে কিন্তু আমাদের শরীয়ায় তা বৈধ হতে পারে যেমন গণীমতের মাল অথবা বিপরীতটাও সত্য হতে পারে অথবা তা পূর্বে জাতিদের জন্যে নিষিদ্ধ ছিল কিন্তু আমাদের জন্যে বৈধ। সুতরাং অতীতের সমস্ত আইনই আমাদের আইন নয়, বিশেষত যখন তা আমাদের শরীয়ার সাথে সাংঘর্ষিক (পরস্পরবিরোধী) হয়।

এরূপ একটি সাংঘর্ষিকতার নিদর্শনস্বরূপ বলা যায়, যা ইউসুফ (আ.)-এর জন্য বৈধ ছিল, তা আমাদের জন্য অবৈধ। ইবন হিব্বান তার বইতে এবং আবূ ইয়ালা এবং আত্-তাবারানীতে বর্ণনা করেন যে রাসূল মুহাম্মদ (সা.) বলেছেন,

ليأتين عليكم أمراء سفهاء يقربون شرار النّاس، ويُؤخرون الصلاة عن مواقيتها، فمن أدرك ذلك منكم فلا يكونن عريفًا، ولا شرطياً، ولا جابياً، ولاخازناً

"অপরিণতমনস্ক ব্যক্তি শাসক হিসেবে তোমদের কাছে আসবে এবং সবচেয়ে খারাপ কাজটি করবে, খারাপ লোকেরা হবে তার সঙ্গী এবং তারা সালাত বিলম্বে আদায় করবে। তোমাদের মধ্যে যারাই তা অনুধাবন করবে, তারা যেন তাদের উচ্চ পদে আসীন না হয় বা তাদের কর্মচারী না হয় অথবা তাদের সংগ্রহকারী অথবা কোষাধ্যক্ষ না হয়।"

এখানে যা বোঝানো হয়েছে তা হচ্ছে এই শাসক কাফের নয় কিন্তু তারা হবে অসৎ চরিত্রের এবং নির্বোধ।

একজন সতর্ককারী সাধারণত সবচেয়ে বড় অন্যায় এবং গর্হিত কাজ সম্পর্কে সতর্ক করে। তাই, যদি তারা কাফের হতো, তাহলে রাসূল (সা.) তা উলেখ করতেন। কিন্তু তাদের সবচেয়ে খারাপ কাজ যা রাসূল (সা.) এখানে উল্লেখ করেছেন তা হচ্ছে তারা সবচেয়ে খারাপ লোকদেরকে বন্ধু বানাবে এবং সালাতে শৈথিলতা প্রকাশ করবে। এরই কারণে নবী মুহাম্মদ (সা.) আমাদের কাউকে তাদের কোষাধ্যক্ষ বা মন্ত্রী হতে অনুমতি দেননি। সুতরাং যদি আমাদের আইনে অত্যাচারী শাসকের কোষাধ্যক্ষ বা মন্ত্রী হিসেবে কাজ করা নিষিদ্ধ এবং অবৈধ, তবে কিভাবে একজন কাফের রাজা এবং মুশরিক শাসকের মন্ত্রী হিসাবে কাজ করা বৈধ হবে?

قال اجعلني على خزائن الأرض إني حفيظٌ عليم

"আমাকে দেশের ধনভান্ডারের উপর কর্তৃত্ব প্রদান করুন, আমি তো উত্তম রক্ষক, সুবিজ্ঞ।" [সূরা ইউসুফ ১২ ঃ ৫৫]

এটা সত্য এবং সুনিশ্চিত ভাবে প্রমাণিত যে এটা পূর্ববতী লোকদের দ্বীনের সাথে সংশিষ্ট এবং এটাকে আমাদের আইনে বাতিল করা হয়েছে এবং আল্লাহ্ই ভাল জানেন। এটাই পর্যাপ্ত হওয়া উচিত তার জন্যে যে হেদায়াত চায় কিন্তু যে তার নিজের চিন্তাভাবনা, মানুষের মতামত এবং কথাকে দলিল এবং প্রমাণ থেকে বেশি প্রাধান্য দেয়- সে সুনিশ্চিতভাবে হেদায়াত পাবে না।

ومن يرد الله فتنته فلن تملك له من الله شيئاً...

"আল্লাহ্ যাকে পথ দেখান না তার জন্য আল্লাহ্র নিকট তোমার কিছুই করার নেই।" [সূরা মায়িদা ৫ ঃ ৪১]

---

[২০] বুখারী শরীফ : আবু হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত।

পরিশেষে, এই অসার, অমূলক যুক্তি সম্পর্কে কথা শেষ করার আগে আমরা কিছু মোহগ্রস্থ ব্যক্তিদের ভ্রান্তি চোখে আঙ্গুল দিয়ে দিতে চাই যারা শিরক ও কুফরে নিমজ্জিত প্রমানিত হয় তাদের কুফরী মন্ত্রনালয়ে এবং শিরকী সংসদে যোগ দেয়ার মাধ্যমে। তারা ইউসুফ (আ.) এর রাজার মন্ত্রনালয়ে যোগদেয়ার ব্যাপারে শাইখ-উল-ইসলাম ইবন তাইমিয়ার উক্তিকে তাদের যুক্তি ও অজুহাতের সাথে গুলিয়ে ফেলেছে। এটা প্রকৃত পক্ষে মিথ্যার সাথে সত্যের সংমিশ্রণ। এটা শাইখ-এর উপর মিথ্যা অপবাদ এবং তার সম্পর্কে খারাপ বক্তব্য দেয়া ছাড়া কিছুই না। তিনি এই কাহিনী উল্লেখ করে সংসদে অংশগ্রহণ এবং কুফরী করার অথবা আল্লাহ্র বিধান প্রয়োগ না করার দলিল হিসেবে তা ব্যবহার করেননি। না, আমরা বিশ্বাস করি যে, এই মুসলিম শাইখ এবং তার দ্বীন এবং তার কল্‌ব এই খারাপ দাবী থেকে মুক্ত। পরবর্তীকালে ভন্ড লোকেরা ছাড়া আর কেউই তা দাবী করতে পারে না। আমরা এটা বলছি কারণ কোন জ্ঞানবুদ্ধি সম্পন্ন মুসলমান এই ধরনের বক্তব্য দিতে পারে না।

কাজেই, শাইখের মতো একজন আলেম কিভাবে এটা বলতে পারে, যদিও এ ব্যাপারে তার বক্তব্য পরিষ্কার এবং পুরোপুরিভাবে আপোষহীন। তার সমস্ত বক্তব্যের মূল লক্ষ্য ছিল দু'টি কাজের মধ্যে জঘন্যতমটি প্রতিরোধ করা এবং দু'টি পরস্পর বিরোধী বিষয়ের মধ্যে থেকে যেটা উত্তম বিষয়টি গ্রহণ করা। আপনি জানেন যে, দুনিয়াতে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হচ্ছে তাওহীদ এবং সবচেয়ে নিকৃষ্ট বিষয় হচ্ছে আল্লাহ্র সাথে অংশীদার স্থাপন বা শিরক করা। 'আল-হিসবা'এ বর্ণিত আছে যে, ইউসুফ (আ.) ন্যায় বিচার প্রতিষ্ঠা এবং ভাল কাজে শ্রেষ্ঠ ছিলেন।[২১]

অর্থাৎ বিবিধ সম্পাদিত কাজের উত্তম তদারকি বা তত্ত্বাবধান করা। ইউসুফ (আ.)-এর কাজের বর্ণনায় তিনি (ইবনে তাইমিয়া) বলেছেন- "তিনি ন্যায় বিচার প্রতিষ্ঠা এবং ভাল কাজে শ্রেষ্ঠ ছিলেন। তিনি তাদেরকে ঈমানের দিকে ডেকেছেন যতটুকু তারপক্ষে সম্ভব।" তিনি আরো বলেছেন, কিন্তু তার পক্ষে যতটুকু সম্ভব তিনি ন্যায় বিচার প্রতিষ্ঠা এবং ভাল কাজ সম্পাদন করেছিলেন।"[২২]

নিঃসন্দেহে আল্লাহ্ উল্লেখ করেননি যে, ইউসুফ (আ.) আল্লাহ্র পাশাপাশি বিধান দিয়েছিলেন বা আল্লাহ্র বিধান বাদ দিয়ে অন্য কোন বিধান দ্বারা বিচার কার্য সম্পাদন করেছিলেন বা তিনি গণতন্ত্রের অথবা এমন দ্বীনের (জীবন ব্যবস্থা) অনুসরণ করেছেন যা আল্লাহ্ দ্বীনের সাথে সাংঘর্ষিক। বর্তমানে মোহগ্রস্থ ব্যক্তিরা তার কথার সাথে তাদের কুৎসিত প্রমাণের মিশ্রণ ঘটায় এবং সাধারণ মানুষদেরকে বিপথে নেওয়ার জন্যে মিথ্যা যুক্তি দাঁড় করায়। তারা মিথ্যার সাথে সত্যকে এবং অন্ধকারের সাথে আলোর সংমিশ্রণ ঘটায়।

আমাদের মধ্যে মতবিরোধ দেখা দিলে যে দিকে আমাদের ফিরে যেতে হবে তা হল, আল্লাহ্র বাণী এবং তাঁর রাসূল (সা.) যিনি আমাদের নেতা ও পথ প্রদর্শক। আল্লাহ্র রাসূলের (সা.) কথার পর অন্য কারও কথা গ্রহণ করা হতে পারে বা নাও হতে পারে। একারণেই যদি এই কথা শেখ ইবনে তাইমিয়ার হয়ও- তারা যে রূপ দাবী করছে বা তার চেয়েও বড় কোন আলেমেরও হয়, আমরা তা গ্রহণ করবো না যতক্ষণ না তারা প্রমাণ দিতে পারে যে রূপ আল্লাহ্ বলেছেন ঃ

قُلْ هاتوا برهانكم إن كنتم صادقين

"বল ঃ যদি তোমরা সত্যবাদী হও তবে তোমাদের প্রমাণ পেশ কর।" [সূরা বাকারা ২ ঃ ১১১]

কাজেই এসব ব্যাপারে সতর্ক থাকুন, তাওহীদকে আঁকড়ে থাকুন। মুশরিকদের এবং তাওহীদের শত্রুদের পথভ্রষ্ঠকারী এবং মিথ্যা গুজবে কর্ণপাত করবেন না। তাদের অসঙ্গতিপূর্ণ কূটতর্কে কর্ণপাত করবেন না।

তাই নিজের তওহীদকে শক্ত হাতে ধরে রাখুন। শিরকের অনুসারীদের এবং তাওহীদের শত্রুদের বিপথগামী মিথ্যা প্রচারণার দিকে মনোনিবেশ করবেন না।

আল্লাহ্র দ্বীনের অনুসরণ করে এমন লোকের মতো হয়ে যান, যে সব লোকদের সম্পর্কে বর্ণনা দিতে গিয়ে নবী

[২১] মাজমু আল-ফাতাওয়াঃ খন্ড ২৮ঃ পৃষ্ঠা ৬৮

[২২] মাজমু আল-ফাতাওয়াঃ খন্ড ২০ঃ পৃষ্ঠা ৫৬

মুহাম্মদ (সা.) বলেন,

لا يضرّهم من خالفهم ولا من خذلهم حتى يأتيَ أمرُ الله وهم كذلك

"তারা তাদের দিকে ঝুঁকে পড়বে না যারা দ্বিমত পোষণকরবে এবং তাদেরকে ত্যাগ করবে যতক্ষণ না আল্লাহ্‌র নির্ধারিত দিবস আসে, যে সময় পর্যন্ত তারা ঐ পথেই থাকবে"[২৩] ।

দ্বিতীয় অযৌক্তিক অজুহাত ঃ

যদিও নাজ্জাসী আল্লাহ্‌র শারীআহ্ প্রয়োগ করেনি, তথাপি সে মুসলিম ছিল।

রাজনৈতিক দলগুলো, হোক না তারা ক্ষমতাসীন শাষক গোষ্ঠী বা বিরোধীদল, নাজ্জাসীর ঘটনাকে ব্যবহার করে ত্বাগুতের কার্যাবলীকে বৈধ করার জন্যে। তারা বলে ঃ "নাজ্জাসী ইসলাম গ্রহণের পর তার মৃত্যুর পূর্ব পর্যন্ত আল্লাহ্‌র বিধান প্রয়োগ করেন নাই এবং এরপরও রাসূল (সা.) তাকে আল্লাহ্‌র ন্যায়নিষ্ঠ দাস বলেছেন, তার জন্যে জানাযার সালাত পড়ে ছিলেন এবং সাহাবীদের তাই করতে আদেশ করেছিলেন।" সফলতা আসে একমাত্র আল্লাহ্‌র কাছ থেকে; এই ব্যাপারে আমাদের কথা হলো ঃ

প্রথমত ঃ

যারা এই প্রতারণামূলক যুক্তিটি দেখান, সবার প্রথমে তাদেরকে যাচাই যোগ্য ও সঠিক দলিল দ্বারা প্রমাণ করতে হবে যে, নাজ্জাসী ইসলাম গ্রহণের পরও আল্লাহ্‌র দেয়া বিধান প্রয়োগ করেননি। আমি তাদের যুক্তিটি বিচার বিশ্লেষণ করার পর যা পেলাম তা হলো, অসত্য বিবৃতি ও ভিত্তিহীন আবিষ্কার যা কিনা সত্যিকারের বা যাচাই যোগ্য কোন দলিল দ্বারা প্রমানিত নয়। আল্লাহ্ বলছেন ঃ

قل هاتوا بُرهانكم إن كنتم صادقين

"বল ঃ যদি তোমরা সত্যবাদী হও তবে তোমাদের প্রমাণ পেশ কর।" [সূরা বাকারা ২ ঃ ১১১]

দ্বিতীয়ত ঃ

আমাদের মতে এবং যারা আমাদের বিরোধিতা করেন তাদেরও মতে সত্য হচ্ছে যে, নাজ্জাসী মারা গিয়েছিলেন ইসলামের হুকুম পরিপূর্ণ হওয়ার পূর্বে; তিনি মারা গিয়েছিলেন এই আয়াত নাযিল হওয়ার পূর্বে,

اليوم أكملتُ لكم دينكم وأتممتُ عليكم نعمتي ورضيتُ لكمُ الإسلام ديناً...

"আজ তোমাদের জন্যে তোমাদের দ্বীন পূর্ণাঙ্গ করিলাম ও তোমাদের প্রতি আমার অনুগ্রহ সম্পূর্ণ করিলাম এবং ইসলামকে তোমাদের দ্বীন হিসেবে মনোনীত করিলাম।" [সূরা মায়িদা ৫ ঃ ৩]

এই আয়াতটি নাযিল হয়েছিল বিদায় হজ্জের সময় কিন্তু নাজ্জাসী মারা গিয়েছিলেন তার পূর্বে যে রূপ হাফিজ ইবনে কাসির (রহ.)এবং অন্য আলেমগণ বর্ণনা করেছেন।[২৪]

সুতরাং সেই সময় তার জন্য কর্তব্য ছিল আল্লাহ্‌র বিধান যতটুকু জানা ছিল ততটুকু অনুযায়ী বিচার ফয়সালা করা, আনুগত্য করা এবং কার্য সম্পাদন করা। এই ক্ষেত্রে প্রধান বিষয় ছিল আল-কুর'আনের বাণী মানুষের কাছে পৌঁছানো। আল্লাহ্ বলছেন ঃ

وأُوحِيَ إليَّ هذا القرآن لأُنذركم به ومن بلغ..

[২৩] সহীহ মুসলিম।
[২৪] আল বিদায়া আন নিহায়াঃ খন্ড ৩য়, পৃষ্ঠা ২৭৭

"এই কুর'আন আমার নিকট প্রেরিত হয়েছে যেন তোমাদেরকে এবং যাদের নিকট এটা পৌঁছাবে তাদেরকে এর দ্বারা আমি সর্তক করি।" [সূরা আন'আম ৬ ঃ ১৯]

সেই সময় যাতায়াত ও যোগাযোগ ব্যবস্থা এ রকম ছিল না যা আমরা আজকে দেখতে পাচ্ছি। কিছু হুকুম কারও কাছে পৌঁছাতে কয়েক বছর লেগে যেত এবং কোন কোন সময় এমনও হতো যে, রাসূল (সা.) এর কাছে না আসা পর্যন্ত কোন কোন হুকুম জানাও যেত না।

সুতরাং সেই সময় দ্বীন ছিল নতুন এবং আল-কুর'আন তখনও নাযিল হচ্ছিল। সেই কারণেই দ্বীন তখনও পরিপূর্ণ হয়নি। এই ব্যাপারটি পরিষ্কার হয়ে যায় বুখারী শরীফের বর্ণনা মতে; আব্দুলাহ ইবনে মাসুদ বলেছিলেন ঃ "আমরা রাসূল (সা.) কে সালাতের মধ্যে সালাম দিতাম এবং তিনি তার উত্তর দিতেন। কিন্তু নাজ্জাসীর কাছ থেকে ফিরে আসার পর আমরা তাকে সালাম দিলাম কিন্তু তিনি সালামের উত্তর দিলেন না। তিনি বললেন ঃ সালাতের একটি উদ্দেশ্য আছে।" যে সমস্ত সাহাবীরা ইথোপিয়ায় ছিল, যা ছিল নাজ্জাসীর পাশে, রাসূল (সা.) এর হুকুমের অনুসরণ করে আসছিল কিন্তু তারা জানতো না যে সালাতের মধ্যে কথা বলা এবং সালাম দেয়া নিষেধ হয়ে গিয়েছিল, যদিও সালাত একটি ফরজ হুকুম এবং রাসূল (সা.) প্রতিদিন দিনে রাতে পাঁচ বার করে সালাতের ইমামতি করেছিলেন। আজ যারা শির্কী মতবাদ গণতন্ত্রে বিশ্বাস করেন তারা কি এমন দাবী করতে পারবেন যে, আল-কুর'আনের, ইসলামের হুকুম তাদের কাছে পৌঁছায়নি? তারা কি ভাবে তাদের এই অবস্থানকে নাজ্জাসীর ঐ অবস্থানের সঙ্গে তুলনা করবেন যখন ইসলাম পরিপূর্ণ ছিল না?

তৃতীয়ত ঃ

এটা জানা কথা যে নাজ্জাসী আল্লাহ্‌র হুকুমের যতটুকু জানতেন ততটুকু প্রয়োগ করতেন, আর যে কেউ এর বিপরীত কথা বলবে, তাকে প্রমাণ ছাড়া কিছুতেই বিশ্বাস করা যাবে না কারণ ইতিহাসের প্রমাণাদি আমাদেরকে জানিয়ে দেয় যে, তিনি সেই সময় আল্লাহ্‌র আইন সম্পর্কে যতটুকু জানতেন, ততটুকু প্রয়োগ করতেন।

(১) সেই সময় তাকে আল্লাহ্‌র যে সব হুকুম মানতে হতো তার একটি হলো ঃ "আল্লাহ্‌র একত্ববাদেকে স্বীকার করা এবং মুহাম্মদ (সা.)-কে আল্লাহ্‌র রাসূল হিসেবে মানা এবং ঈসা (আ.)-কে আল্লাহ্‌র দাস ও রাসূল বলে বিশ্বাস করা।" তিনি তা করে ছিলেন কিন্তু আপনি কি তা দেখতে পান তাদের প্রমাণে? নাজ্জাসীর যে চিঠিটি তিনি রাসূল (সা.)-কে দিয়েছিলেন তা তারা প্রমাণ হিসেবে ব্যবহার করে থাকে।

ওমর সোলায়মান আল-আসকর তার পুস্তিকা *"The Council's Judgement of the Participation in the Ministry and the parliament"*-পুস্তকে তা উল্লেখ করেছেন।

(২) তার রাসূল (সা.)-এর প্রতি আনুগত্য প্রকাশ এবং হিজরত করার জন্যে অঙ্গীকার ঃ পূর্বের চিঠিটিতে সেই বিষয়ের প্রতি ঈঙ্গিত করা হয়েছে, নাজ্জাসী বলেছিলেন ঃ "আমি রাসূলের প্রতি আনুগত্যের অঙ্গীকার করছি" এবং তার ছেলে জাফর (রা.) এবং তার সঙ্গীদের কাছে আনুগত্যের অঙ্গীকার করেছিলেন এবং তিনি জাফর (রা.) এর সাহায্যে ইসলাম গ্রহণ করেছিলেন। এই চিঠিতে উল্লেখ ছিল যে, নাজ্জসী তার ছেলেকে (আরিয়া বিন আল-আসরাম ইবন আবজার) রাসূল (সা.)-এর কাছে প্রেরণ করেছিলেন। এতে আরও উলেখ ছিল যে, "ও আল্লাহ্‌র রাসূল (সা.) যদি আপনি চান আমি আপনার কাছে চলে আসি, আমি অবশ্যই তা করবো। কারণ আমি সাক্ষ্য দিচ্ছি যে, আপনার কথা সত্য।" তারপরই সে মারা যায় অথবা রাসূল (সা.) সেই সময় চাচ্ছিলেন না যে তিনি তা করুক। এই সমস্ত ব্যাপারগুলো পরিষ্কার নয় এবং এই ঘটনার কোন সঠিক দলিল নেই। সুতরাং এই ধরনের কোন রায় এবং একে একটি দলিল হিসেবে ব্যবহার করা গ্রহণ যোগ্য নয়। অধিকন্তু, তা তাওহীদ ও ইসলামের মূলনীতির বিরোধী হয়ে যাবে।

(৩) রাসূল (সা.) ও তাঁর দ্বীনকে সাহায্য করা এবং তার আনুগত্য করা ঃ নাজ্জাসীর কাছে যারা হিজরত করে গিয়েছিল, তিনি তাদের সাহায্য করেছিলেন এবং তাদেরকে মেহমান হিসেবে গ্রহণ করেছিলেন। তিনি তাদের নিরাপত্তা দিয়েছিলেন। তিনি তাদের পরিত্যাগ করেননি। তিনি তাদেরকে কোরআইশদের হাতেও তুলে দেননি। তিনি ইথোপিয়ান খ্রিষ্টানদের তাদের ক্ষতি করতে দেননি, যদিও ঈসা (আ.) সম্পর্কে তাদের আক্বিদা সঠিক ছিল। আরও

একটি চিঠি ছিল যা নাজ্জাসী রাসূল (সা.) কে প্রেরণ করেছিলেন (ওমর আল-আসকর এই চিঠিটির কথাও উক্ত পুস্তিকাতে উল্লেখ করেছেন) যাতে উল্লেখ ছিল যে তিনি তার ছেলেকে ৬০ জন ইথোপিয়ান লোক সহ রাসূল (সা.) এর কাছে প্রেরণ করে ছিলেন তাকে সাহায্য, তার আনুগত্য এবং তার সঙ্গে কাজ করার জন্যে।

তথাপিও ওমর আল-আসকর সহসা তার উক্ত পুস্তিকাতে বলে যে নাজ্জাসী আল্লাহ্‌র দেয়া বিধান প্রয়োগ করেনি যা কিনা একটা মিথ্যা এবং একজন মুওয়াহীদের উপর মিথ্যা অপবাদ দেয়া। কিন্তু সত্য হচ্ছে যে, সেই সময় তিনি যতটুকু আল্লাহ্‌র হুকুম জেনেছিলেন ততটুকু প্রয়োগ করেছিলেন। এবং যে এটা ছাড়া অন্য কিছু বলবেন, আমরা তা কখনও বিশ্বাস করবো না যতক্ষণ পর্যন্ত তিনি সুনিশ্চিত দলিল দিতে পারেন। অন্যথায় সে মিথ্যাবাদী হয়ে যাবে ঃ "বল, যদি তোমরা সত্যবাদী হও তবে তোমাদের প্রমাণ পেশ কর।" তিনি (ওমর আল-আসকর) তার দাবীর পক্ষে কোন সুনিশ্চিত দলিল দেননি। কিন্তু তিনি তার প্রমাণের জন্যে কিছু ইতিহাস গ্রন্থের অনুসরণ করেছেন এবং আমরা সকলেই জানি এইসব ইতিহাস গ্রন্থের অবস্থা আর তা নিঃসন্দেহে ঘোলাটে বা অনিশ্চিত তথ্য সম্বলিত।

চতুর্থত ঃ

নাজ্জাসীর অবস্থা এরূপ ছিল যে তিনি যখন দেশের শাসক, তিনি কাফের ছিলেন এবং তারপর ইসলাম গ্রহণ করে তার রাজত্ব চলা কালে। তিনি তার স্বাক্ষর রেখেছিলেন পরিপূর্ণ ভাবে রাসূল (সা.) এর হুকুমের আনুগত্যের মাধ্যমে, যার মধ্যে অন্তর্ভূক্ত ছিল তার পুত্রকে প্রেরণ করা, রাসূল (সা.) এর কাছে কিছু লোকবল প্রেরণ এবং হিজরত করার জন্যে রাসূল (সা.) এর কাছে অনুমতি চাওয়া। রাসূল (সা.)-কে এবং তার দ্বীনকে সাহায্য করার মধ্যে অন্তর্ভুক্ত হলো তার অনুসারীদের সাহায্য করা। আপাত দৃষ্টিতে তিনি সব ত্যাগ করেছিলেন যা ছিল ইসলাম বিরোধী। তিনি সত্যকে জানার এবং দ্বীনকে শেখার চেষ্টা করেছিলেন মৃত্যু পর্যন্ত যা ঘটেছিল দ্বীনের বিধান পরিপূর্ণ হওয়ার পূর্বে এবং তার কাছে পরিপূর্ণ রূপে পৌঁছানোর পূর্বে। এই ব্যাপারটি রাসূল (সা.) এর বাণী থেকে এবং এ সম্পর্কিত সঠিক বর্ণনা থেকে প্রমাণিত। যারা এ ব্যাপারে একমত নন তাদের প্রত্যেককে আমরা চ্যালেঞ্জ জানাচ্ছি তারা যা বলছেন তা প্রমাণ করার জন্যে সঠিক দলিল দিয়ে কারণ শুধু মাত্র ইতিহাস গ্রন্থ কোন দলিল হতে পারে না।

যে পরিস্থিতির সঙ্গে তারা বর্তমান পরিস্থিতিকে তুলনা করছেন তা সম্পূর্ণ ভুল এবং ভিন্ন। এটা হচ্ছে এমন এক দল লোকের ব্যাখ্যা যারা নিজেদেরকে মুসলিম বলে দাবী করছে আবার তারা ত্যাগ করছে না যা ইসলামের বিপরীত বা ইসলামের সাথে সাংঘর্ষিক। তারা ইসলামের ওপর আছে বলে দাবী করছে আবার একই সময়ে তারা ধরে রেখেছে যা ইসলামের বিপরীত এবং এটা নিয়ে তারা গর্বও বোধ করে।

তারা নাজ্জাসী যেভাবে খৃষ্টধর্ম প্রত্যাখ্যান করেছিলেন, সেভাবে গণতন্ত্রের দ্বীনকে প্রত্যাখ্যান করেনি, বরং, তারা গণতন্ত্রের পক্ষে দেয়া বক্তব্যসমূহ ও প্রচারণায় মোহগ্রস্থ হয়ে মানুষেকেও এই মিথ্যা দ্বীনের প্রতি আহ্বান করছে। তারা নিজেদেরকে 'আলিহা'-তে পরিণত করে, মানুষের জন্য আইন প্রণয়ন করে, যে ব্যাপারে আল্লাহ্‌ কোন দিনও অনুমতি দেননি, তারা মন্ত্রী ও সংসদ সদস্যদের সাথে তাদের এই দ্বীনের ব্যাপারে একমত হয়ে তাদের কাজে যোগদান করে, তারা কাফিরদের সাথে তাদের তৈরী সংবিধান অনুসারে দেশ পরিচালনা করছে। তারা এই সংবিধানকে অনুসরণ করছে এবং তাদেরকে ঘৃণা করে যারা এই সংবিধানকে আক্রমন বা প্রত্যাখ্যান করে।

তারা দ্বীন পরিপূর্ণ হওয়ার পরে এবং তাদের কাছে আল-কুর'আনের বাণী এবং রাসূল (সা.) এর সুন্নাহ্‌ পৌঁছানোর পরেও এই সব কিছু করছে ।

আপনি যেই হোন না কেন আমি আপনাকে শপথ করে বলছি, এটা কি ন্যায় সঙ্গত যে এই মিথ্যা, অন্ধকারময়, দুর্গন্ধময় পরিস্থিতিকে এমন একজন মানুষের পরিস্থিতির সঙ্গে তুলনা করা, যে কিনা ইসলামের সঙ্গে বেশী দিন ধরে পরিচিত নয়, যে কিনা সত্যের সন্ধান করছিলেন এবং সাহায্য করেছিলেন দ্বীনকে তা পরিপূর্ণ হওয়ার এবং তার কাছে পৌঁছানোর পূর্বে? কতই না ব্যবধান এই দুই পরিস্থিতির মানুষগুলোর মধ্যে!

হ্যাঁ, তারা হয়তো বুঝাতে চায় দু'টি পরিস্থিতি একই কিন্তু তা সত্যের মাপকাঠিতে নয়! এই দুই অবস্থা সমান হতে পারে বাতিলের মানদন্ডে, যাদের উপর থেকে আল্লাহ্‌ তাঁর হেদায়েত বোঝার বোধশক্তি উঠিয়ে নিয়েছেন তাদের

ইসলাম বিরোধী গণতন্ত্র নামক দ্বীনে বিশ্বাসের কারণে।

ويلٌ للمطففين . الذين إذا اكتالوا على النَّاس يستوفون . وإذا كالوهم أو وزنوهم يُخسرون . ألا يظن أولئك أنهم مبعوثون . ليومٍ عظيم.

"দুর্ভোগ তাহাদের জন্যে যাহারা মাপে কম দেয়, যাহারা লোকের নিকট হইতে মাপিয়া লইবার সময় পূর্ণমাত্রায় গ্রহণ করে এবং যখন তাহাদের জন্যে মাপিয়া অথবা ওজন করিয়া দেয়, তখন কম দেয়। উহারা কি চিন্তা করে না যে, উহারা পুনরুত্থিত হইবে মহাদিবসে?" [সূরা মুতাফফিফীন ৮৩ ঃ ১-৫]

তৃতীয় অযৌক্তিক অজুহাত ঃ

গণতন্ত্রকে বৈধ করার জন্যে তাকে পরামর্শসভা বা শুরা কমিটি নাম দেয়া বা তার সাথে তুলনা করা।

কিছু অজ্ঞ লোক মুওয়াহীদদের ব্যাপারে আল্লাহ্‌র বক্তব্যকে ঃ

وأمرهم شورى بينهم

"... যাহারা নিজেদের মধ্যে পরামর্শের মাধ্যমে নিজেদের কর্ম সম্পাদন করে।"[২৫]

এবং রাসূল (সা.) এর কথাকে - وشاورهم في الأمر *"... এবং তারা সকল বিষয়ে পরামর্শ করে"* ব্যবহার করে তাদের ভ্রান্ত দ্বীন গণতন্ত্রের পক্ষে দলিল দেয়ার জন্যে। তারা গণতন্ত্রকে শুরা (তারা বলে যে গণতন্ত্র আর ইসলামিক শুরা বোর্ড একই) বলে অভিহিত করে এই ভ্রান্ত দ্বীনকে ধর্মীয় রংয়ে-রাঙ্গাতে চায় এটাকে বৈধ করার জন্যে।

এই ব্যাপারে আমাদের বক্তব্য নিচে দেয়া হলো এবং আমরা আল্লাহ্‌র সাহায্য কামনা করছি ঃ

প্রথমত ঃ নাম পরিবর্তন করার কোন প্রয়োজন নেই, কারণ নাম পরিবর্তন করার মাধ্যমে মূল বিষয়টি পরিবর্তিত হয়ে যায় না। কিছু ধর্মীয় দল কাফেরদের এই দ্বীনে বিশ্বাস করে এবং বলে ঃ আমরা গণতন্ত্র বলতে বুঝাতে চাচ্ছি (আমরা যখন এর দিকে আহ্বান করি, উৎসাহ দেই, এর পক্ষে কাজ করি) বাক স্বাধীনতা এবং মানুষকে ইসলামের দিকে ডাকার স্বাধীনতা এবং এই ধরনের আরো অনেক কিছু।

আমরা তাদেরকে বলি ঃ তুমি এর দ্বারা কি বুঝাতে চাচ্ছ বা কি কল্পনা করছো তাতে কিছু যায় আসেনা কিন্তু গুরুত্বপূর্ণ বিষয় হলো, গণতন্ত্র আসলেই কী ত্বাগুতেরা যেটিকে প্রয়োগ করছে এবং তারা যেই মতবাদের দিকে মানুষকে ডাকছে এবং যার নামে নির্বাচন করা হচ্ছে। শাসন ও বিচার ব্যবস্থা যেখানে আপনারা অংশ গ্রহণ করছেন কার দেয়া বিধান অনুসারে চলবে? আপনারা হয়তো মানুষকে প্রতারিত করতে পারবেন কিন্তু কখনই আল্লাহ্‌কে প্রতারিত করতে পারবেন না।

إنّ المنافقين يُخادعون الله وهو خادعهم

"নিশ্চয়ই মুনাফিকরা আল্লাহ্‌কে প্রতারিত করতে চায় কিন্তু আল্লাহ্‌ই তাদেরকে প্রতারিত করবেন।" [সূরা নিসা ৪ ঃ ১৪২]

এবং

يُخادعون الله والذين آمنوا وما يخدعون إلا أنفسهم وما يشعرون

[২৫] সূরা শূরা ৪২ ঃ ৩৮।

"আল্লাহ্ এবং মুমিনগণকে তারা প্রতারিত করতে চায়। অথচ তারা যে নিজেদেরকে ভিন্ন কাউকেও প্রতারিত করে না, এটি তারা বুঝতে পারে না"। [সূরা-বাকারা ২ ঃ ৯]

সুতরাং কোন জিনিসের নাম পরিবর্তন করে দিলেই ঐ জিনিসের রীতি-নীতির পরিবর্তন হয়ে যায় না। নাম পরিবর্তনরে মাধ্যমে হারাম কখনও হালাল হবে না এবং হালাল কখনও হারাম হয়ে যাবে না। রাসূল (সা.) বলেছেন ঃ

لَيَسْتَحِلَّنَ طائفةٌ مِنْ أُمّتي الخمرَ باسمٍ يُسَمُّونَها إيَّاه

"আমার উম্মতের এক দল লোক মদকে বৈধ করবে একে ভিন্ন একটি নাম দিয়ে।"

আলেম এবং বিচারকগণ যারা ইসলামের তাওহীদকে অপমান বা আক্রমন করে, তাদের প্রত্যেককেই কাফের বলে গণ্য করেন। তারা গণ্য করেন তাদের প্রত্যেকেই কাফের হিসেবে যাদের বিরুদ্ধে প্রমাণ হয়ে যায় যে, তারা কোন শির্কী কাজের নাম বদলে দিয়ে সেই কাজে লিপ্ত হয়; ঠিক তাদের মত যারা এই শির্কী মতবাদ, কুফর তথা গণতন্ত্রকে "শুরা" বলে তা বৈধ করতে চায় এবং মানুষকে এদিকে ডাকে।

দ্বিতীয়ত ঃ মুশরিকদের গণতন্ত্রের সাথে মুওয়াহীদদের পরামর্শকে (শুরা) তুলনা করা এবং শুরা পরিষদ এর সাথে পাপিষ্ঠ, অবাধ্য কাফেরদের পরামর্শ পরিষদ একই রকম বলা একটা নিকৃষ্ট তুলনা। আপনি জানেন যে, সংসদীয় পরিষদ হলো মূর্তি পূজার একটি মন্দিরের ন্যায় এবং শিরক-এর প্রানকেন্দ্র যেখানে থাকে গণতন্ত্রের উপাস্যগুলো এবং তাদের প্রভু ও সহযোগীরা, যারা দেশ শাসন করে তাদের সংবিধান এবং আইন অনুসারে যার অনুমতি আল্লাহ্ তা'আলা দেননি। আল্লাহ্ বলছেন ঃ

"হে কারা সঙ্গীরা ভিন্ন ভিন্ন বহু প্রতিপালক শ্রেয় না পরাক্রমশালী এক আল্লাহ্ ? তাঁকে ছেড়ে তোমরা কেবল কতগুলো নামের ইবাদত করছো, যেই নাম তোমাদের পিতৃপুরুষ ও তোমরা রেখেছো, এইগুলোর কোন প্রমাণ আল্লাহ্ পাঠান নাই। বিধান দেবার অধিকার কেবল আল্লাহ্রই। তিনি আদেশ দিয়েছেন অন্য কারও ইবাদত না করতে, কেবল তাঁর ব্যতীত, এটাই সরল দ্বীন কিন্তু অধিকাংশ মানুষ ইহা আবগত নয়।" [সূরা ইউসুফ ১২ ঃ ৩৯-৪০]

এবং তিনি আরও বলছেন ঃ "তাদের কি অন্য অংশীদার/*ইলাহ* আছে যারা তাদের জন্যে বিধান দিয়েছে এমন দ্বীনের যার অনুমতি আল্লাহ্ দেন নাই?" [সূরা শূরা ৪২ ঃ ২১]

সুতরাং এই তুলনাটি শিরক-এর সঙ্গে তাওহীদের, অবিশ্বাস এর সঙ্গে বিশ্বাস (আল্লাহ্তে) এর তুলনা করার মত। এটা হচ্ছে আল্লাহর ও তার দ্বীনের উপর মিথ্যা আরোপ করা। এটি হচ্ছে সত্যের সাথে মিথ্যার, অন্ধকারের সঙ্গে আলোর সংমিশ্রণ করা। এক জন মুসলিমকে অবশ্যই জানতে হবে যে আল্লাহ্র দেয়া শুরা এর সঙ্গে নোংরা গণতন্ত্রের পার্থক্য হচ্ছে আকাশের সঙ্গে পাতালের যে রূপ পার্থক্য বা স্রষ্টা ও সৃষ্টির মধ্যে যে পার্থক্য সে রূপ। শুরা বা পরামর্শ করা হচ্ছে একটি স্বর্গীয় পদ্ধতি বা নিয়ম এবং গণতন্ত্র হচ্ছে মানুষের তৈরী যা দুর্নীতিগ্রস্থ এবং কুরুচীপূর্ণ।

পরামর্শ করা হলো আল্লাহ্র দেয়া একটি বিধান, আল্লাহ্র দ্বীনের অংশ কিন্তু গণতন্ত্র হলো আল্লাহ্র বিধান, আল্লাহ্র দ্বীনের সাথে কুফরী করা, আল্লাহ্র দ্বীনকে অস্বীকার করা। পরামর্শ বা শুরা হবে সেই বিষয়ে যেই বিষয়ে আল্লাহ্ ও তাঁর রাসূলের কোন পূর্ব সিদ্ধান্ত নেই কিন্তু যখনই আমাদের কাছে আল-কুর'আনের আয়াত থাকবে, দলিল বা রায় থাকবে, তখন কোন পরামর্শ হবে না। আল্লাহ্ বলছেন ঃ

وما كان لمؤمنٍ ولا مؤمنةٍ إذا قضى الله ورسولُه أمراً أن يكون لهم الخيرة من أمرهم

"যখন আল্লাহ্ ও তাঁর রাসূল কোন বিষয়ে নির্দেশ দেন, তখন সে বিষয়ে কোন মুমিন পুরুষ বা মুমিন নারীর ভিন্ন সিদ্ধান্তের অধিকার নেই"। [সূরা আহযাব ৩৩ ঃ ৩৬]

গণতন্ত্রের দুই দিকই ঝুঁকিপূর্ণ। এক দিকে আল্লাহ্র বিধান নিয়ে পরামর্শের কোন সুযোগ নেই। এবং অন্য পাশে গণতন্ত্রে মানুষের বিধান, মানুষের দেয়া আইনকে গুরুত্ব দেয়া হয়। তারা এটা তাদের সংবিধান থেকে পেয়েছে ঃ

জনগণই সকল ক্ষমতার উৎস। গণতন্ত্রে মানুষই সর্বময় কর্তৃত্ব বা ক্ষমতার মালিক। গণতন্ত্র হচ্ছে অধিকাংশ লোকের দেয়া আইন, অধিকাংশ লোকের শাসন, এবং অধিকাংশ লোকের দেয়া দ্বীন। অধিকাংশই নির্ধারণ করে কোনটি হালাল, কোনটি হারাম। এভাবে গণতন্ত্রে মানুষ সৃষ্টিকর্তার স্থানে নিজেকে বসিয়ে দিয়েছে। কিন্তু শুরায়, মানুষ বা অধিকাংশ লোক আল্লাহ্‌র হুকুম, আল্লাহ্‌র রাসূলের হুকুম এবং তারপর মুসলিম নেতার আনুগত্য করতে বাধ্য। এবং নেতা অধিকাংশের মতামত বা রায় গ্রহণ করতে বাধ্য নয়। এমন কি অধিকাংশ লোক নেতার আনুগত্য করতে বাধ্য যদিও নেতা কোন ভুল সিদ্ধান্ত নেয় যতক্ষণ না তা আল্লাহ্‌র অবাধ্যতা হয়।

গণতন্ত্র এবং এর দিকে আহ্বানকারীরা আল্লাহ্‌র আইনের, আল্লাহ্‌র বিধানের কাছে আত্মসমর্পণ করতে অস্বীকার করে। তারা আত্মসমর্পণ করতে নাকচ করে এই বলে যে ঃ আইন হবে অধিকাংশের মতের অনুসারে, ...। এই পৃথিবীতে এই কথা শোনা অনেক ভাল মহান বিচার দিবসে শোনার চেয়ে যে দিন মানুষ তার বিচারের সম্মুখীন হবে, যখন তারা হাউজে কাওসারের কাছে যাওয়ার চেষ্টা করবে এবং ফেরেশতারা তাদেরকে প্রতিরোধ করবে। বলা হবে "তারা পরিবর্তন করে ছিল", তখন রাসূল (সা.) বলবেন ঃ

سُحقاً سُحقاً لمن بدّل بعدي

"তারা জাহান্নামে, তারা জাহান্নামে, যারা আমার পরে পরিবর্তন সাধন করেছে।"

গণতন্ত্রের উৎপত্তি কুফরী এবং নাস্তিকতার ভূমি থেকে, এটি ইউরোপের কুফরী এবং দুর্নীতির কেন্দ্রস্থলগুলো হতে উদ্ভূত হয়, যেখানে দৈনন্দিন জীবনের রীতি-নীতি ও ধর্ম ছিল আলাদা। এই মতবাদের মাধ্যমে সৃষ্টি হয়েছিল এমনই এক পরিবেশের যেখানে এই মতবাদের সমস্ত বিষ ও ত্রুটি বিদ্যমান ছিল। সম্ভবত পশ্চিমা বিশ্বে সেকুলারিজম (ধর্ম থেকে জীবনের আলাদা করার রীতি) চর্চা শুরুর পূর্বে থেকেই গণতন্ত্রের চর্চা ছিল, আর সে কারণেই সমকামিতা, মদ্যপান ও অন্যান্য গর্হিত কাজ সেখানে বৈধ ছিল। তাই যে কেউ এই মতবাদের প্রশংসা করে বা এটিকে 'শুরা'র সাথে এক করে সে অবশ্যই একজন কাফের-অবিশ্বাসী, না হয় মূর্খ এবং নির্বোধ। বর্তমানে এখানেই ঘটেছে দুইটি বিপরীত জিনিসের সংমিশ্রণ। শয়তানের অনুসারীরা যে কাফেরদের মতবাদে মোহগ্রস্থ হয়ে পড়েছে এতে অবাক হওয়ার কিছু নেই। কিন্তু অবাক হয়ে যাই তাদের কথা শুনলে যারা নিজেদেরকে মুসলিম বলে দাবী করে আবার মানুষকে গণতন্ত্রের প্রতি উৎসাহ দেয় এবং একে বৈধতার রং দিতে চায়।

পূর্বে যখন মানুষ সমাজতন্ত্রের প্রতি মোহগ্রস্থ হয়ে পড়েছিল, তখন কিছু লোক ইসলামি সমাজতন্ত্রের কথা বলা শুরু করেছিল এবং তারও পূর্বে ছিল জাতীয়তাবাদ, আরব জাতীয়তাবাদ এর কথা। আজকাল তাদের অনেকেই গর্ববোধ করছে এবং মোহাবিষ্ট হয়ে পড়েছে এই সংবিধানের প্রতি... তারা লজ্জাও বোধ করে না ইসলামিক ফুকাহাদের বাদ দিয়ে এই সংবিধানের দাসদের *ফুকাহা* নাম দিতে এবং তাদেরকে এই নামে ডাকতে। তারা একই অভিব্যক্তিগুলো ব্যবহার করে যেরূপ ইসলামিক আইনের ক্ষেত্রে ব্যবহার করা হয় যেমন আইনদাতা, বৈধ, অবৈধ, অনুমোদন যোগ্য, নিষিদ্ধ, এবং তারপরও তারা ভাবে তারা সকলেই সঠিক পথে আছে, তারাই হেদায়েত প্রাপ্ত। কোন শক্তি, কোন ক্ষমতা নেই শুধু মাত্র আল্লাহ্‌র ছাড়া। এটি জ্ঞানী ও বিবেকবানদের হারানো ছাড়া কিছুই নয় এবং সঠিক ও যোগ্য লোকদের বাদ দিয়ে অযোগ্য লোকদেরকে কঠিন কাজের দায়িত্ব অর্পন করা। তারা সমস্ত কিছু অযোগ্য, কুচক্রের অধিকারী লোকদের কাছে দিয়ে দিয়েছে। কি করুনাই করা হয়েছে বিজ্ঞজন ও জ্ঞানীদের প্রতি, দ্বীন এবং এর প্রকৃত আহ্বানকারীদের প্রতি। আমি আল্লাহ্‌র নামে কসম করে বলছি, এটা খুবই আজব ব্যাপার যে, অনেক মানুষই নিজেকে মুসলিম দাবী করে কিন্তু তারা *'লা ইলাহা ইলালাহ'*-এর অর্থ জানে না। তারা জানে না এর শর্তগুলো কী, এর দাবীগুলো কী। তাদের অনেকই সব সময় এর (আল্লাহ্ ছাড়া কোন উপাস্য নেই) বিরোধিতা করে এবং বর্তমানের শির্কী মতবাদে জড়িয়ে পড়েছে। তারা নিজেদেরকে মুওয়াহীদ এবং এর দিকে মানুষকে আহ্বানকারী বলে দাবী করে।

তাদের অবশ্যই এই কালেমার অর্থ ও এর প্রকৃত দাবী সম্পর্কে জানতে আলেমদের কাছে যেতে হবে, কারণ আল্লাহ্ বনী আদমকে প্রথম যে হুকুমটি দিয়েছেন তা হলো এই কালেমা সম্পর্কে জানা। এই কালেমার শর্তগুলো কী কী এবং কী কী এর সাথে সাংঘর্ষিক তা অজু বা সালাত ভঙ্গের কারণ জানার পূর্বে জানতে হবে কারণ কোন অজু বা

কোন সালাতই কবুল হবে না যদি কারও মধ্যে তাওহীদের বিপরীত কিছু থাকে। যদি তারা উদ্ধত হয় ও সত্য গ্রহণ না করে, তাহলে তারা ক্ষতি গ্রস্থদের মধ্যে অন্তর্ভুক্ত হবে।

ইসলামী আইনবীদ এবং আলেম আহমেদ শাকির (রহ.)-এর কিছু গুরুত্বপূর্ণ বক্তব্য দিয়ে আমি শেষ করবো, যিনি ঐ সব কাফেরদের কথার উত্তর দিয়েছেন যারা আল্লাহ্‌র বাণীর বিকৃতি ঘটায় এবং "যাহাদের বিষয়গুলো পারস্পরিক আলোচনার মাধ্যমে স্থিরকৃত হয়" এই আয়াতের অপব্যবহারকরে তাঁর নামে মিথ্যার উদ্ভাবন করে গণতন্ত্রকে সাহায্য করে এবং যারা কাফেরদের দ্বীন বাস্তবায়নে সদা তৎপর।

"এবং তারা সকল বিষয়ে পরামর্শ করে" এবং "যাহারা নিজেদের মধ্যে পরামর্শের মাধ্যমে নিজেদের কর্ম সম্পাদন করে" এই আয়াতগুলোর ব্যাখ্যায় আহমেদ শাকির উমদাদ-আত-তাফসীর-গ্রন্থে বলেছেন ঃ বর্তমান সময়ে যারা এই দ্বীনকে নিয়ে উপহাস করে- তারা এই আয়াতগুলোর রূপক অর্থে ব্যাখ্যা দেয় ইউরোপীয় সাংবিধানিক পদ্ধতিকে; তারা তাদের মতের বৈধতা প্রমানের জন্য 'গণতান্ত্রিক পদ্ধতি' নাম দিয়ে মানুষকে ভুল পথে পরিচালিত করছে।" এই সব উপহাসকারীরা এই আয়াতগুলিকে আদর্শবাণী বা তাদের শ্লোগান হিসেবে ব্যবহার করছে এবং এভাবে মুসলিম জাতিকে, মানুষকে এবং যারা ইসলামের দিকে ফিরে আসছেন তাদের প্রত্যেককে প্রতারিত করছে। তারা একটি সঠিক বাক্য ব্যবহার করছে কিন্তু তাদের উদ্দেশ্য খারাপ। তারা বলে ইসলাম পরামর্শের দিকে ডাকে এবং এই ধরনের আরো অনেক কথা।

সত্যিই! ইসলাম পরামর্শের দিকে ডাকে কিন্তু ইসলাম কোন ধরনের পরামর্শের দিকে ডাকে? আল্লাহ্ বলেছেন ঃ "এবং সকল বিষয়ে পরামর্শ কর। এবং যখন তোমরা কোন সিদ্ধান্তে পৌঁছাও, তখন আল্লাহ্‌র উপর ভরসা কর।"। এই আয়াতের অর্থ খুবই পরিষ্কার এবং সুনিশ্চিত। এই আয়াতের কোন ব্যাখ্যা অথবা রূপক ব্যাখ্যার প্রয়োজন নেই। এটা রাসূল (সা.)-এর উপর আল্লাহ্‌র একটি হুকুম ছিল এবং তারপর খলিফাদের উপর। অর্থাৎ সাহাবাদের যারা ছিলেন জ্ঞানী ও বুদ্ধিমান মতামত ব্যক্ত করতেন সেসব বিষয়ের উপর যেসবের ব্যাপারে মতামত বা যুক্তি দেয়া যায়। তারপর তিনি সিদ্ধান্ত নিতেন যেটা তিনি সবচেয়ে সঠিক, সবচেয়ে ভাল, সবচেয়ে উপকারী মনে করতেন কোন বিষয়ের সমাধান করার জন্যে এবং তা কোন দল ইচ্ছা বা মতামতের উপর নির্ভর করত না অথবা কোন সংখ্যা বা সংখ্যালঘু বা সংখ্যাগুরু ইত্যাদি সংখ্যানীতির উপর নির্ভর করতো না। যখন তিনি কোন সমস্যার সমাধান করতেন তখন তিনি আল্লাহ্‌র উপর নির্ভর করতেন এবং যা যা করণীয় তা করতেন।

এজন্যে কোন দলিল বা প্রমাণের প্রয়োজন নেই যে, ঐসব মানুষেরা যাদেরকে আল্লাহ্‌র রাসূল (সা.) পরামর্শ করার জন্যে হুকুম দিয়েছিলেন তারা ছিলেন আদর্শ খলিফা তার মৃত্যুর পরে, ছিল সবচেয়ে ন্যায়নিষ্ঠ এবং যারা আল্লাহ্‌র বিধান প্রয়োগ করেছিলেন, সালাত প্রতিষ্ঠা করেছিলেন এবং যাকাত আদায় করেছিলেন। তারা ছিলেন আল্লাহ্‌র রাস্তায় যুদ্ধরত মুজাহিদ যাদের সম্পর্কে রাসূল (সা.) বলেছেন ঃ

لِيلني منكم أولو الأحلام والنهى

"আমার পরে তোমাদের মধ্য হতে ভদ্র ও বুদ্ধিমান লোকেরা আসবে।"

তারা নাস্তিক ছিল না, অথবা তারা আল্লাহ্‌র দ্বীন ও হুকুমের বিরুদ্ধাচরণ করেননি। তারা সেই সব অসৎ লোকদের মত ছিলেন না যারা এখনকার সময়ে সমস্ত খারাপ কাজে লিপ্ত । তারা এরূপ ছিলা যে ক্ষমতা দাবী করতেন না অথবা এমন কোন আইন তৈরী করতেন না যা আল্লাহ্‌র আইনের বিরোধী এবং আল্লাহ্‌র আইনকে ধ্বংস করে দেয়। এই সব কাফেরদের স্থান হচ্ছে তলোয়ারের অথবা চাবুকের নিচে, পরামর্শ সভায় নয়। আরেকটি আয়াত আছে সূরা আস-শুরায় যার অর্থ পরিষ্কার ও সুনিশ্চিত ঃ "যারা তাদের প্রভুর হুকুমের আনুগত্য করে এবং তারা তাদের স্বর্গীয় দায়িত্ব যথাযথ ভাবে পালন করে, তাদের বিষয়গুলো তারা পারস্পরিক আলোচনার মাধ্যমে সমাধান করে, তারা ব্যয় করে যা আমি তাদের দিয়েছি।"

চতুর্থ অযৌক্তিক অজুহাত ঃ

রাসূল (সা.) আল-ফুজুল সংগঠনে যোগ দিয়ে ছিলেন।

কিছু বোকা লোক নবুয়্যতের পূর্বে রাসূল (সা.)-এর আল-ফুজুল সংগঠনে যোগ দেয়াকে তাদের শির্কী শাসন ব্যবস্থার সংসদে যোগ দেয়াকে বৈধ করার জন্যে ব্যবহার করতে চায়। এই ব্যাপারে আমাদের বক্তব্য নিচে দেয়া হলো এবং আমরা আল্লাহ্র সাহায্য কামনা করছিঃ

যে ব্যক্তি এই প্রতারণামূলক অজুহাত ব্যবহার করতে চায়, হয় তারা বুঝে না আল-ফুজুল সংগঠনটি আসলে কি ছিল এবং সে এমন বিষয়ে কথা বলছে যে বিষয়ে তার জ্ঞান নেই অথবা সে মূল ব্যাপারটা জানে এবং সে সত্যের সঙ্গে মিথ্যার, আলোর সঙ্গে অন্ধকারের এবং শিরক এর সঙ্গে ইসলামের সংমিশ্রণ করতে চাচ্ছে।

ইবনে ইসহাক, ইবনে কাসির, এবং আল-কুরতুবি (রহ.) উল্লেখ করেছেন-আল-ফুজুল সংগঠনটি তখনই গঠন করা হয়েছিল যখন কুরাইশের কিছু গোত্র আব্দুলাহ্ বিন জাদান-এর সম্মানার্থে তার বাড়িতে একত্রিত হয়েছিলেন। তারা সকলে এতে একমত হয়েছিলেন যে যখনই মক্কায় তারা কোন নির্যাতিত লোক দেখবে, তারা তাকে ততক্ষণ পর্যন্ত সাহায্য করবে যতক্ষণ পর্যন্ত অত্যাচারী অত্যাচার বন্ধ না করে। কুরাইশরা তখন এই সংগঠনটির নাম দিল 'আল-ফুজুল' সংগঠন যার অর্থ 'নৈতিক উৎকর্ষতার' একটি সংঘ।

ইবনে কাসির (রহ.) আরও বলেছেন ঃ "আল-ফুজুল সংগঠনটি ছিল আরবদের জানা সবচেয়ে পবিত্র এবং সবচেয়ে সম্মানজনক সংগঠন। প্রথম যে ব্যক্তি এই ব্যাপারে কথা বলেছিলেন এবং এর দিকে আহ্বান করেছিলেন তিনি হলেন আল-যুবাইর বিন আব্দাল-মুত্তালিব। এই সংগঠনটি সংগঠিত হয়ে ছিল যুবাইদ গোত্রের এক লোকের কারণে। সে কিছু ব্যবসায়িক পণ্য নিয়ে মক্কায় এসেছিল। আল-আস ইবনে ওয়ায়িল তাকে আক্রমন করে তার পণ্য সামগ্রী ছিনিয়ে নেয়। তখন আল-যুবাইদী আল-আহ্লাফ গোত্রের কিছু লোককে সাহায্যের জন্যে আহ্বান করে কিন্তু তারা আল-আস বিন ওয়ায়িল-এর বিপক্ষে তাকে সাহায্য করতে অস্বীকার করে এবং আল-যুবাইদীকে অপমান করে। আল-যুবাইদী তার ক্ষতিপূরণের জন্যে পরের দিন সূর্য উদয়ের সময় আবূ-কুবায়স পাহাড়ের কাছে গেলেন যখন কুরাইশরা কাবার প্রাঙ্গনে সভা করছিল। তিনি তাদেরকে সাহায্যের জন্যে আহ্বান করলেন এবং কিছু কবিতা আবৃত্তি করলেন। তখন আল-যুবাইর বিন আব্দাল-মুত্তালিব দাড়িয়ে গেলেন এবং বললেন ঃ তার জন্যে কি কোন সমতা বিধানকারী নেই?

এর পরই হাশিম, যুহরাহ এবং তাইম ইবনে বিন মুর্রা আব্দুলাহ্ ইবনে জাদ'আনের বাড়িতে একত্রিত হলেন। আবদুলাহ ইবনে জাদ'আন তাদের জন্যে কিছু খাবার তৈরী করলেন। তারপর তারা নিষিদ্ধ মাসে যুলকা'দায় একত্রিত হয়ে আল্লাহ্র নামে শপথ করে এই মর্মে অঙ্গীকারবদ্ধ হন যে, তারা অত্যাচারিতের পক্ষে অত্যাচারীর বিরুদ্ধে ঐক্যবদ্ধ ভাবে কাজ করবেন যাতে করে জালিম মজলুমের পাওনা আদায় করতে বাধ্য হয়। যতদিন পর্যন্ত সমুদ্রে ঢেউ উত্থিত হবে, যতদিন পর্যন্ত হেরা ও ছাবীর পর্বতদ্বয় আপন স্থানে স্থির থাকবে, ততদিন পর্যন্ত তাদের এই অঙ্গীকার অব্যাহত থাকবে। আর জীবন যাত্রায় তারা একে অপরের সাহায্য করবে। তারপর তারা আস ইবনে ওয়ায়িল-এর নিকট গিয়ে তার থেকে যুবাইদীর পণ্য উদ্ধার করে তাকে ফেরত দেন। একটি গরীব পর্যায়ের হাদীসে কাসিম ইবনে ছাবিত উল্লেখ করেন, কাছ'আম গোত্রের এক ব্যক্তি হজ্জ কিংবা উমরাহ উপলক্ষে মক্কায় আগমন করে। তার একটি কন্যা তার সঙ্গে ছিল। মেয়েটি ছিল অত্যন্ত রূপসী এবং তার নাম ছিল আল-কাতুল। নাবীহ্ ইব্ন হাজ্জাজ মেয়েটিকে পিতার নিকট হতে অপহরণ করে নিয়ে লুকিয়ে রাখে। ফলে কাছ'আমী লোকটি তার মেয়েকে উদ্ধারের ফরিয়াদ জানায়। তাকে তখন বলা লো, তুমি "হিলফুল ফুজুল" সংগঠনের শরণাপন্ন হও। লোকটি কা'বার নিকটে দাঁড়িয়ে হাঁক দিল, হিলফুল ফুজুলের সদস্যগণ কোথায়? সঙ্গে সঙ্গে হিলফুল ফুজুল-এর কর্মীগণ কোষমুক্ত তরবারি হাতে ছুটে আসে এবং বলে, তোমার সাহায্যকারীরা হাজির; তোমার কি হয়েছে? লোকটি বলল, নাবীয়াহ আমার কন্যাকে ধর্ষন করেছে এবং তাকে জোর করে আটকে রেখেছে। অভিযোগ শুনে তারা লোকটিকে নিয়ে নাবীয়াহ-এর গৃহের দরজায় গিয়ে উপস্থিত হন। নাবীয়াহ বেরিয়ে আসলে তারা বলেন, "মেয়েটিকে নিয়ে আয়। তুই তো জানিস আমরা কারা, কি কাজের শপথ নিয়েছি আমরা!" নাবীয়াহ বলল, "ঠিক আছে, তাই করছি, তবে আমাকে একটি মাত্র রাতের জন্য মেয়েটিকে রাখতে দাও!" তারা উত্তরে বলেছিল- "না কক্ষণো না, একটি উটের দুগ্ধ দোহন করার সময়ের জন্য নয়।" তারপর সেই

মুহূর্তেই নাবীয়াহ মেয়েটিকে ফিরিয়ে দিয়েছিল।"

"তাকে এমন এক ব্যক্তি সম্পর্কে জিজ্ঞাস করা হলো, যাকে বন্দী করে তার সামনে কুফর পেশ করা হয়েছে, তাতে বাধ্য করা হয়েছে, তার কি ধর্ম ত্যাগ করার অনুমতি আছে? তিনি এটাকে খুব কঠিনভাবে অপছন্দ করলেন। তিনি বললেন, 'আমার কাছে এদের অবস্থা ঐ সমস্ত সাহাবাদের অবস্থার মত মনে হয় না, যাদের ব্যাপারে আয়াত নাযিল হয়েছে। তাদেরকে কুফরি কথা বলতে বাধ্য করা হত, তারপর ছেড়ে দেওয়া হত, তারা যা ইচ্ছা করতে পারতেন। কিন্তু এরা তো তাদেরকে কুফরির ওপর প্রতিষ্ঠিত রাখতে এবং স্বীয় দ্বীন পরিত্যাগ করতে বাধ্য করছে। এ দুটো এক নয়। কারণ যাদের কুফরি কথা উচ্চারণের জন্য বাধ্য করা হয়, তারপর ছেড়ে দেওয়া হয়, তাদের তো এতে কোনো ক্ষতি নেই। আর এই ব্যক্তি, যে তাদের মাঝে অবস্থানরত, সে তো স্থায়ী কুফরকে গ্রহণ করা, হারামসমূহকে হালাল করা, ফরজ ও ওয়াজিবসমূহকে বর্জন করা এবং অন্যায় ও নিষিদ্ধ কাজসমূহে লিপ্ত হওয়ার ব্যাপারে তাদের আহ্বানগুলোকে গ্রহণ করে নিচ্ছে। সে যদি নারী হয়, তাহলে তারা তাকে বিয়ে করবে, তার থেকে তাদের কাফের বাচ্চা জন্ম দেবে। এমনিভাবে পুরুষ হলেও। তাদের বাহ্যিক অবস্থা এটাই যে, তারা প্রকৃত কুফর গ্রহণ করে নিয়েছে এবং সরল দ্বীন থেকে সরে গিয়েছে।' "

(আল-মুগনি, মুরতাদ অধ্যায়, পরিচ্ছেদ: 'যাকে কুফরি কথা উচ্চারণ করতে বাধ্য করা হয়েছে তার জন্য উত্তম হলো অটল থেকে তা না বলা'...)

দ্বিতীয় প্রকার প্রতিবন্ধকসমূহ: موانع في الفعل

অর্থাৎ, যে কাজের কারণে তাকফির করা হয় উক্ত কাজের মধ্যে প্রতিবন্ধকসমূহঃ

১। কথা বা কাজটি কুফরের অর্থ বুঝাতে স্পষ্ট না হওয়া।

২। উক্ত কথা বা কাজটিকে কুফর প্রমাণ করতে যে শরঈ' দলিলটি পেশ করা হয়েছে সে দলিলটি উক্ত কথা বা কাজটিকে কুফর বোঝাতে অকাট্য না হওয়া।

তাকফিরের বিচ্যুতিসমূহ শিরোনামের অধীনে ষষ্ঠ ও সপ্তম ভুলের মাঝে এ ব্যাপারে আলোচনা আসবে ইন-শা-আল্লাহ।

তৃতীয় প্রকার: موانع في الثبوت (প্রমাণিত হওয়ার ক্ষেত্রে প্রতিবন্ধকসমূহ):

এটা হচ্ছে প্রতিবন্ধকসমূহের বিচারিক দিক। এক্ষেত্রে যদি তার মাঝে কুফরের অবশ্য ফলাফলগুলো ধারাবাহিকভাবে প্রকাশ পেতে থাকে, যেমন মুসলমানদের রক্ত ও সম্পদ নিজের জন্য বৈধ করে নেয়, তাহলে এ ব্যাপারে গুরুত্ব দেওয়া হবে এবং কঠোর পদক্ষেপ নেওয়া হবে।

এই প্রতিবন্ধকটি হচ্ছে এমন, অভিযুক্ত ব্যক্তির ওপর কুফরটি শরঈ'ভাবে প্রমাণিত হলো না। অর্থাৎ তার নিজের স্বীকারোক্তি বা ন্যায়পরায়ণ দুজন ব্যক্তির সাক্ষ্য, এর কোনোটাই হলো না। অথবা সাক্ষীদের কেউ পাগল হওয়ার কারণে বা শিশু হওয়ার কারণে বা অন্য কোনো কারণে এ ব্যাপারে অগ্রহণযোগ্য। অথবা এমন হলো যে, সাক্ষী অভিযুক্ত ব্যক্তির শত্রু, অথবা সাক্ষীর ন্যায়পরায়ণতা প্রশ্নবিদ্ধ, আর অভিযুক্ত ব্যক্তিও তার অভিযোগ অস্বীকার করে এবং কসম করে তার কথা প্রত্যাখ্যান করে।

তাকফিরের প্রতিবন্ধকগুলো প্রসঙ্গে কয়েকটি জ্ঞাতব্য বিষয়

(জ্ঞাতব্য : ১) তাকফিরের প্রতিবন্ধকগুলো বর্ণনা করা ওয়াজিব হচ্ছে, مقدورعليه তথা কর্তৃত্বাধীনের ক্ষেত্রে; ممتنع অর্থাৎ প্রতিরোধ বা যুদ্ধ পরিচালনাকারীর ক্ষেত্রে তা ওয়াজিব নয়:

পূর্বোক্ত আলোচনার পর যে বিষয়টি আপনাদেরকে জানতে হবে, তা হচ্ছে এই যে, এই প্রতিবন্ধকগুলো বর্ণনা করা কেবল কর্তৃত্বাধীনের কাছেই ওয়াজিব; প্রতিরোধকারীর কাছে তা বর্ণনা করা ওয়াজিব নয়।

الامتناع তথা প্রতিরোধ করার দুইটি অর্থঃ

১) পূর্ণ শরিয়ত বা আংশিক শরিয়ত পালন করতে অস্বীকার করা।

২) মুসলমানদের ক্ষমতাবলয় থেকে নিজেকে নিরাপদ করে নেওয়া, যাতে মুসলমানরা তাকে আল্লাহর শরিয়তের সম্মুখীন করতে না পারে।

উল্লেখ্য, উভয় প্রকারের মাঝে সমন্বয় আবশ্যক নয়। কখনো হতে পারে, কেউ শরিয়ত পালন করতে অস্বীকার করেছে, কিন্তু সে ইসলামি রাষ্ট্রে মুসলমানদের ক্ষমতাধীন রয়েছে। যেমন,

কোনো একজন ব্যক্তি যাকাত অস্বীকার করলো এবং সে মুসলমানদের ক্ষমতাধীন ইসলামি রাষ্ট্রে বসবাস করছে। কখনো উভয়টি একসাথেও হতে পারে। যেমন, শরিয়ত পালনে অস্বীকৃতি জ্ঞাপনকারী ব্যক্তি দারুল কুফরের মাধ্যমে আত্মরক্ষা করলো, অথবা রাষ্ট্রীয় ক্ষমতা, সেনাবাহিনী বা আইন-কানুনের মাধ্যমে প্রতিরোধ গড়ে তুললো। যার ফলে মুসলমানেরা তাকে আল্লাহর হুকুমের সামনে উপস্থিত করতে এবং তার উপর আল্লাহর শাস্তি বাস্তবায়ন করতে সক্ষম হচ্ছে না।

মুসলমানদের ক্ষমতাবলয় থেকে নিরাপত্তা অবলম্বনকারী কখনো হাত দ্বারা যুদ্ধ করতে পারে, কখনো বা জবান দ্বারাও যুদ্ধ করতে পারে। (দেখুন আস সারিমুল মাসলুল, পৃ:৩৮৮)

উলামায়ে কেরাম এ ব্যাপারে স্পষ্ট বলেছেন যে, মুসলমানদের ক্ষমতা বলয় থেকে নিরাপত্তা ও আত্মরক্ষা অবলম্বনকারী থেকে তওবা চাওয়া ওয়াজিব নয়। সুতরাং যে আগ্রাসী মুসলমানদের দেশসমূহে আক্রমণ করে তা দখল করে নেয় এবং শাসনের চাবিকাঠি হাতে নিয়ে নেয়, তার থেকে তো কিছুতেই তওবা চাওয়া হবে না।

এখানে তওবা চাওয়ার দুটি অর্থ:

১) যার ওপর ধর্ম ত্যাগের বিধান আরোপ করা হয়েছে তার কাছ থেকে তওবা চাওয়া।

২) কারও ওপর ধর্ম ত্যাগের বিধান আরোপের আগে তার কাছে তাকফিরের শর্তাবলি ও তার প্রতিবন্ধকসমূহ বর্ণনা করা। আর এই প্রকারটির ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করাই আমাদের উদ্দেশ্য।

(জ্ঞাতব্য: ২) এমন কতগুলো অজুহাত, যেগুলোকে মুরতাদরাসহ অন্যান্যরা ওযর হিসাবে পেশ করে থাকে, অথচ সেগুলো তাকফিরের প্রতিবন্ধক বিষয়গুলোর অন্তর্ভুক্ত নয়:

১। কারও বেতন-ভাতা বন্ধ করে দেওয়া, চাকরি থেকে অব্যাহতি দেওয়া, দুনিয়াবি কোনো সম্পদ বাজেয়াপ্ত করা, দুনিয়ার সামান্য স্বার্থ বন্ধ করে দেওয়া ও এ জাতীয় যেসব বিষয়গুলোর মাধ্যমে হুমকি দেওয়া হয়ে থাকে, তার আশঙ্কা। এ ব্যাপারে আল্লাহ তাআলা বলেন,

ومن الناس من يقول آمنا بالله فإذا أوذي في الله جعل فتنة الناس كعذاب الله

“মানুষের মধ্যে কতক লোক এমন আছে, যারা বলে, আমরা আল্লাহর প্রতি ইমান এনেছি। তারপর যখন আল্লাহর পথে তাদের কোনো কষ্ট-ক্লেশ দেখা দেয়, তখন তারা মানুষের দেওয়া কষ্টকে আল্লাহর আযাব তুল্য গণ্য করে।” (আনকাবুত: ১০)

আল্লাহ সুবহানাহুতা’লা অন্যত্র বলেন,

يا أيها الذين آمنوا لا تتخذوا اليهود والنصارى أولياء بعضهم أولياء بعض ومن يتولهم منكم فإنه منهم إن الله لا يهدي القوم الظالمين * فترى الذين في قلوبهم مرض يسارعون فيهم يقولون نخشى أن تصيبنا دائرة فعسى الله أن يأتي بالفتح أو أمر من عنده فيصبحوا على ما أسروا في أنفسهم نادمين * ويقول الذين أمنوا أهؤلاء الذين أقسموا بالله جهد أيمانهم إنهم لمعكم حبطت أعمالهم فأصبحوا خاسرين * يا أيها الذين أمنوا من يرتد منكم عن دينه

“হে মুমিনগণ! ইয়াহুদি ও খৃষ্টানদের বন্ধুরূপে গ্রহণ করো না। তারা নিজেরাই একে অন্যের বন্ধু! তোমাদের মধ্যে যে ব্যক্তি তাদেরকে বন্ধু বানাবে, সে তাদেরই মধ্যে গণ্য হবে। নিশ্চয়ই আল্লাহ জালিমদেরকে হিদায়াত দান করেন না।

সুতরাং যাদের অন্তরে (মুনাফেকির) ব্যাধি আছে, তুমি তাদেরকে দেখতে পাচ্ছ যে, তারা অতি দ্রুত তাদের মধ্যে ঢুকে পড়ছে। তারা বলছে, আমাদের আশঙ্কা হয়, আমরা কোনো মুসিবতের পাকে পড়ে যাব। (কিন্তু) এটা দূরে নয় যে, আল্লাহ মুসলিমদের বিজয় দান করবেন অথবা নিজের পক্ষ হতে অন্য কিছু ঘটাবেন, ফলে তখন তারা নিজেদের অন্তরে যা গোপন রেখেছিল, তজ্জন্য অনুতপ্ত হবে।

এবং (তখন) মুমিনগণ (পরস্পরে) বলবে, এরাই কি তারা, যারা জোরদারভাবে কসম করে বলত যে, তারা অবশ্যই তোমাদের সাথে। তাদের কর্ম নিস্ফল হয়ে গেছে এবং তারা অকৃতকার্য হয়েছে।

হে মুমিনগণ! তোমাদের মধ্য হতে কেউ যদি নিজ দ্বীন থেকে ফিরে যায়...।” (মায়িদাহ: ৫১-৫৪)

সুতরাং এই সব আয়াতসমূহে ঐ সব লোকদের ধর্ম ত্যাগের কথা বলা হয়েছে, যারা শুধু ভয়ের কারণে কাফেরদের সাথে বন্ধুত্ব স্থাপন করেছে এবং এ কথাও স্পষ্ট ভাবে বলা হয়েছে যে, তাদের সব কর্ম বিনষ্ট হয়ে গেছে। আর এটা একমাত্র কুফরের কারণেই হতে পারে।

২। এ কারণে এটাও তাকফিরের কোনো প্রতিবন্ধক নয় যে, মুরতাদরা ও তাদের সহযোগীরা অসহায়ত্বের ওযর পেশ করে এবং এই ওযর পেশ করে যে, শাসকদের কারণে তাদের কিছু করার নেই।

কেননা তাদের যদি বাস্তবে গ্রহণযোগ্য ওযর থেকেও থাকে, তথাপি তা তো তাদের শিরক ও কুফরের সাহায্য করা এবং তার অনুসারীদের মুসলমানদের বিরুদ্ধে সাহায্য করার অনুমোদন দেয় না। কেননা কেউ তো তাদের এই কাজটিতে বাধ্য করে না, কেউ তাদের ঐ সব পদের দায়িত্ব নিতেও বাধ্য করে না, যাতে এ ধরনের কুফরিসমূহ রয়েছে। বরং তারাই তা অর্জনের

জন্য মৃত্যুর ঝুঁকিও নিতে চায় এবং তা লাভের জন্য বিভিন্ন সুপারিশ ও মাধ্যম তালাশ করতে থাকে।

অতএব বুঝা গেল, আল্লাহ সুবহানাহুতা’লা, অসহায় হওয়ার দলিল দিয়ে কাফেরদের কুফর ও শিরকের অনুসরণকারীদের ওযর গ্রহণ করেননি, যা অনেক আয়াতে স্পষ্ট। যেমন আল্লাহ তা’আলা বলেন,

وإذ يتحاجون في النار فيقول الضعفاء للذين استكبروا إن كنا لكم تبعاً فهل انتم مغنون عنا نصيباً من النار * قال الذين استكبروا إنا كل فيها إن الله قد حكم بين العباد

“এবং সেই সময়কে স্মরণ রাখ, যখন তারা জাহান্নামে একে অন্যের সঙ্গে ঝগড়া করবে। সুতরাং (দুনিয়ায়) যে ছিল দুর্বল, সে আত্মগর্বীদের বলবে, আমরা তো তোমাদের অনুগামী ছিলাম। তা তোমরা কি আমাদের পরিবর্তে আগুনের কিছু অংশ গ্রহণ করবে?

যারা আত্মগর্বী ছিল তারা বলবে, আমরা সকলেই জাহান্নামে আছি। আল্লাহ বান্দাদের মধ্যে ফয়সালা করে ফেলেছেন।” (গাফির: ৪৭-৪৮)

অন্যত্র বলেন,

ولو ترى إذ الظالمون موقوفون عند ربهم يرجع بعضهم إلى بعض القول يقول الذين استضعفوا للذين استكبروا لولا أنتم لكنا مؤمنين قال الذين استكبروا للذين استضعفوا أنحن صددناكم عن الهدى بعد إذ جاءكم بل كنتم مجرمين * وقال الذين استضعفوا للذين استكبروا بل مكر الليل والنهار إذ تأمروننا أن نكفر بالله ونجعل له أندادا ، وأسروا الندامة لما رأوا العذاب وجعلنا الأغلال في أعناق الذين كفروا هل يجزون إلا ما كانوا يعملون

“তুমি যদি সেই সময়ের দৃশ্য দেখতে, যখন জালিমদেরকে তাদের প্রতিপালকের সামনে দাঁড় করানো হবে আর তারা একে অন্যের কথা রদ করবে। দুনিয়ায় যাদেরকে দুর্বল মনে করা হয়েছিল, তারা ক্ষমতা-দর্পীদের বলবে, তোমরা না হলে আমরা অবশ্যই মুমিন হয়ে যেতাম।

যারা ক্ষমতাদর্পী ছিল তারা, যাদেরকে দুর্বল মনে করা হত তাদের বলবে, হিদায়াত তোমাদের কাছে এসে যাওয়ার পর আমরাই কি তোমাদের তা থেকে ফিরিয়ে রেখেছি? প্রকৃতপক্ষে তোমরা নিজেরাই অপরাধী ছিলে। যাদেরকে দুর্বল মনে করা হয়েছিল তারা ক্ষমতাদর্পীদেরকে বলবে, না, বরং এটা তো তোমাদের দিবা-রাত্রের চক্রান্তই ছিল (যা আমাদেরকে হিদায়াত থেকে ফিরিয়ে রেখেছিল), যখন তোমরা আমাদের আদেশ করছিল আমরা যেন আল্লাহর কুফরি করি এবং তার সাথে (অন্যদেরকে) শরিক সাব্যস্ত করি। তারা যখন আযাব দেখবে তখন তারা অনুতাপ গোপন করবে এবং যারা কুফরি অবলম্বন করেছিল আমি তাদের সকলের গলায় বেড়ি পরাব। তাদের তো কেবল তাদের কৃতকর্মের প্রতিদান দেওয়া হবে।”

(সাবা: ৩১-৩৩)

৩। মুরতাদরা এবং তাদের সহযোগীরা নিজেদের মুমিন দাবি করে, অথবা এই দাবি করে যে, তারা যেসব কুফরিতে লিপ্ত হচ্ছে, তাতে তারাই সত্যের ওপর আছে, এটাও তাকফিরের প্রতিবন্ধকসমূহের অন্তর্ভুক্ত নয়।

কারণ আল্লাহ সুবহানাহুতা'লা অনেক কাফেরদেরই এরূপ অবস্থা বর্ণনা করেছেন। আর তিনি এটাকে তাদের জন্য তাকফিরের প্রতিবন্ধক হিসবে গণ্য করেননি।

যেমন আল্লাহ সুবহানাহুতা'লা বলেন,

قل هل ننبئكم بالأخسرين أعمالا الذين ضل سعيهم في الحياة الدنيا وهم يحسبون أنهم يحسنون صنعا

"বলে দাও, আমি কি তোমাদেরকে বলে দেব, কর্মে কারা সর্বাপেক্ষা বেশি ক্ষতিগ্রস্ত? তারা সেই সব লোক, পার্থিব জীবনে যাদের সমস্ত দৌড়-ঝাপ সরল পথ থেকে বিচ্যুত হয়েছে, অথচ তারা মনে করে, তারা খুবই ভাল কাজ করছে।" (কাহফ: ১০৪)

তিনি আরো বলেন,

إنهم اتخذوا الشياطين أولياء لهم من دون الله ويحسبون أنهم مهتدون

"নিশ্চয়ই তারা আল্লাহকে ছেড়ে শয়তানদেরকে বন্ধুরূপে গ্রহণ করেছে আর তারা মনে করছে যে, তারা সরল পথে প্রতিষ্ঠিত আছে।" (আ'রাফ: ৩০)

৪। যাকে কুফরির কারণসমূহের কোনো কারণে লিপ্ত হওয়ার ফলে বা ইসলাম ভঙ্গকারী বিষয়সমূহের কোনো বিষয়ে লিপ্ত হওয়ার ফলে তাকফির করা হয়, সে ইসলামের কিছু কিছু বিধান পালন করে, যেমন নামায পড়ে বা আল্লাহ ও আল্লাহর রাসুলের ব্যাপারে স্বাক্ষ্য দেয় বা এজাতীয় আরো কিছু করে- এটাও তাকফিরের কোনো প্রতিবন্ধক নয়।

আল্লাহ সুবহানাহুতা'লা তার কিতাবে উল্লেখ করেছেন যে, মুশরিকদেরও অনেক আমল আছে এবং তাদের কারও মাঝে ইমানের শাখাসমূহের অনেক শাখা বিদ্যমান, কিন্তু এগুলো তার শিরককে মুছে ঢেকে দেয় না। যেমন আল্লাহ সুবহানাহুতা'লা বলেন,

وما يؤمن أكثرهم بالله إلا وهم مشركون

"তাদের মধ্যে অধিকাংশ লোকই এমন যে, তারা আল্লাহর প্রতি ইমান রাখলেও তা এভাবে যে, তাঁর সঙ্গে শরীক করে।"

৫। যে স্পষ্ট কোনো কুফরি কাজে লিপ্ত হয়েছে সে ধর্মীয় গুরু, সন্ন্যাসী, নেতা, শাসক বা অন্যান্যদের দ্বারা পথভ্রষ্ট হওয়াও তাকফিরের কোনো প্রতিবন্ধক নয়। আল্লাহ তাআলা বলেন,

إن الله لعن الكافرين وأعد لهم سعيرا * خالدين فيها أبدا لا يجدون وليا ولا نصيرا * يوم تقلب وجوههم في النار يقولون يا ليتنا أطعنا الله وأطعنا الرسولا * وقالوا ربنا إنا أطعنا سادتنا وكبراءنا فأضلونا السبيلا * ربنا آتهم ضعفين من العذاب والعنهم لعنا كبيرا

"এতে কোনো সন্দেহ নেই যে, আল্লাহ কাফেরদেরকে তাঁর রহমত থেকে বিতাড়িত করেছেন এবং তাদের জন্য প্রস্তুত রেখেছেন জ্বলন্ত আগুন। তাতে তারা সর্বদা এভাবে থাকবে যে, তারা কোনো অভিভাবক পাবে না এবং সাহায্যকারীও না।

যেদিন আগুনে তাদের চেহারা ওলট-পালট হয়ে যাবে, তারা বলবে, হায়! আমরা যদি আল্লাহর আনুগত্য করতাম এবং রাসুলের কথা মানতাম! এবং বলবে, হে আমাদের প্রতিপালক! প্রকৃতপক্ষে আমরা আমাদের নেতৃবর্গ ও আমাদের গুরুজনদের আনুগত্য করেছিলাম, তারা আমাদেরকে সঠিক পথ থেকে বিচ্যুত করেছে।

হে আমাদের প্রতিপালক! তাদেরকে দ্বিগুণ শাস্তি দিন এবং তাদের প্রতি এমন লানত করুন, যা হবে অতি বড় লানত।" (আহযাব: ৬৪-৬৮)

এই বিষয়ে অনেক আয়াত রয়েছে।

৬। মুরতাদ ইলমের অধিকারী, বা শ্মশ্রুমণ্ডিত বা অমুক ইসলামি দলের সদস্য বা শরিয়া বিষয়ে এত এত ডিগ্রিধারী বা এ জাতীয় যা কিছু রয়েছে, এগুলোও তাকফিরের কোনো প্রতিবন্ধক নয়, যেমনটা কেউ কেউ মনে করে থাকে।

কেননা স্বীয় যামানার সবচেয়ে বড় আলেম ছিল, এমন এক ব্যক্তির ব্যাপারে আল্লাহ সুবহানাহুতা'লা বলেছেন,

واتل عليهم نبأ الذي آتيناه آيتنا فانسلخ منها فأتبعه الشيطان فكان من الغاوين

"এবং (হে রাসুল!) তাদেরকে সেই ব্যক্তির ঘটনা পড়ে শোনান, যাকে আমি আমার নিদর্শন দিয়েছিলাম, কিন্তু সে তা সম্পূর্ণ বর্জন করে। ফলে শয়তান তার পিছু নেয়। পরিণামে সে পথভ্রষ্টদের অন্তর্ভুক্ত হয়ে যায়"

আল্লাহ সুবহানাহু ওয়া তাআলা আরেক স্থানে তার সৃষ্টির সবচেয়ে শ্রেষ্ঠ দল তথা আম্বিয়া আলাইহিমুস সালামদের ব্যাপারে বলেন,

ولو أشركوا لحبط عنهم ما كانوا يعملون * أولئك الذين آتيناهم الكتاب والحكم والنبوة

"তারা যদি শিরক করত, তবে তাদের সমস্ত (সৎ) কর্ম নিস্ফল হয়ে যেত। তারা এমন লোক, যাদেরকে আমি কিতাব, হিকমত ও নবুওয়াত দান করেছিলাম।" (আনআম: ৮৮-৮৯)

কিন্তু এখানে দুটি বিষয়ের মাঝে পার্থক্য করতে হবে: একটি হলো, এমন স্পষ্ট কুফর, যা ধর্ম থেকে বের করে দেয়। উপরে এইমাত্র এটার কথাই আলোচিত হয়েছে।

আরেকটি হলো, যা কুফর নয়, বরং এমন ভুল ইজতিহাদ বা গবেষণা, যার জন্য ইজতিহাদকারীকে ইজতিহাদের সাওয়াব দেওয়া হবে, অথবা ঐ সব ত্রুটি-বিচ্যুতি, যা কখনো কখনো উলামায়ে কেরাম ও তালিবুল ইলমদের হয়ে যায়। এর কারণে তাদের সাথে অশিষ্ট আচরণ করা বা তাদের ব্যাপারে জবানের অসংযত চর্চা করা বা তাদের ইলম থেকে বিমুখতা অবলম্বন করা বা যুবকদের তাদের কিতাবসমূহ থেকে দূরে রাখা উচিত হবে না। বিশেষত যখন তারা আল্লাহর দ্বীনের ওপর প্রতিষ্ঠিত ও তার সাহায্যকারী হয় এবং তাগুত ও মুরতাদগোষ্ঠী থেকে সম্পর্ক ছিন্নকারী হয়, তখন তো কিছুতেই না।

৭। নির্দিষ্ট কোনো কুফরি কাজে লিপ্ত হওয়ার কারণে যাদের তাকফির করা হবে, তারা সংখ্যায় অনেক, এটাও তাকফিরের কোনো প্রতিবন্ধক নয়। কেননা আল্লাহর দ্বীন কারও প্রতি ভ্রুক্ষেপ করে না। আল্লাহ সুবহানাহুতা'লা বলেন,

وقال موسى إن تكفروا أنتم ومن في الأرض جميعاً فإن الله لغني حميد

"এবং মূসা বলেছিল, তোমরা এবং পৃথিবীতে বসবাসকারী সকলেই যদি অকৃতজ্ঞতা কর, তবে (আল্লাহর কোনোও ক্ষতি নেই। কেননা) আল্লাহ অতি বেনিয়ায, তিনি আপনিই প্রশংসার উপযুক্ত।" (ইবরাহিম: ৮)

আল্লাহ সুবহানাহুতা'লা আরো বলেন,

وما أكثر الناس ولو حرصت بمؤمنين

"এতদসত্ত্বে অধিকাংশ লোক ইমান আনার নয়, তা তোমার অন্তর যতই কামনা করুক না কেন।"

(ইউসুফ: ১০৩)

আল্লাহ সুবহানাহুতা'লা আরো বলেন,

وإن كثيرا من الناس بلقاء ربهم لكافرون

"বহু লোকই এমন, যারা নিজ প্রতিপালকের সাথে মিলিত হওয়াকে অস্বীকার করে।" (রূম: ৮)

৮। কুফরি কথা, ঠাট্টা, বিনোদন ও খেল-তামাশাচ্ছলে বলাও উলামায়ে কেরামের সর্বসম্মতিক্রমে তাকফিরের কোনো প্রতিবন্ধক নয়। তার দলিল হলো আল্লাহ সুবহানাহুতা'লার বাণী-

ولئن سألتهم ليقولن إنما كنا نخوض ونلعب ، قل أبالله وآياته ورسوله كنتم تستهزءون لا تعتذروا قد كفرتم بعد إيمانكم

"তুমি যদি তাদেরকে জিজ্ঞেস কর, তবে তারা অবশ্যই বলবে, আমরা তো হাসি-তামাশা ও ফূর্তি করছিলাম। বল, তোমরা কি আল্লাহ, আল্লাহর আয়াত ও তার রাসুলকে নিয়ে ফূর্তি

করছিলে? অজুহাত দেখিও না। তোমরা ইমান জাহির করার পর কুফরিতে লিপ্ত হয়েছ।” (তাওবা: ৬৫-৬৬)

আল্লাহ সুবহানাহুতা'লা তাদের এই ওযর গ্রহণ করলেন না। অথচ তারা রাসুল ﷺ এর সাথে সংকটময় যুদ্ধে জিহাদের জন্য বের হয়েছে। আর ঐ সব কুফরি বাণীগুলো তারা ঠাট্টাচ্ছলে ও সফরের পথে সময় কাটানোর জন্য বলেছিল, যেমন, সওয়ারিরা রাস্তা পার করার জন্য পরস্পরে বিভিন্ন কথাবার্তা বলে থাকে, যেমনটি আয়াতগুলো অবতীর্ণ হওয়ার প্রেক্ষাপট প্রসঙ্গে বর্ণিত হয়েছে।

৯। কাফের আখ্যা দানকারীগণ যাদের কাফের আখ্যা দিয়েছেন, তাদের ওপর কুফরের শাস্তিগুলো বাস্তবায়ন করতে পারবেন না, এটাও তাকফিরের কোনো গ্রহণযোগ্য প্রতিবন্ধক নয়। যেমন, তাদের ওপর ধর্ম ত্যাগের শাস্তি বাস্তবায়ন করতে পারবেন না, কাফের শাসককে হটাতে পারবে না ইত্যাদি।

এ ব্যাপারে সত্য এবং সঠিক কথা হলো, যা আল্লাহ সুবহানাহুতা'লা আমাদেরকে তাঁর প্রজ্ঞাময় কিতাবে আদেশ করেছেন:

فاتقوا الله ما استطعتم

“সুতরাং তোমরা যথাসাধ্য আল্লাহকে ভয় করে চলো।” (তাগাবুন: ১৬)

অনুরূপ আল্লাহ সুবহানাহুতা'লা শুআইব (আঃ) এর ব্যাপারে বলেন:

إن أريد إلا الإصلاح ما استطعت

“নিজ সাধ্যমত সংস্কার করা ছাড়া অন্য কোনো উদ্দেশ্য আমার নেই।” (হুদ: ৮৮)

এ হিসাবেই ফুকাহায়ে কেরাম তাদের প্রসিদ্ধ ফিকহি মূলনীতি নির্ধারণ করেছেন, “কঠিন বিষয়টির কারণে সহজ বিষয়টি রহিত হয়ে যাবে না।” সুতরাং যখন কোনো সময় মুসলমানগণ কাফের শাসকের বিরুদ্ধে বিদ্রোহ করতে এবং তাকে হটাতে না পারবে তখন এর অর্থ এই হবে না যে, তারা তাকে তাকফির করাও ছেড়ে দেবে, বরং এটি একটি শরঈ' হুকুম, যা তারা করতে সক্ষম।

সুতরাং তাদের এর ব্যাপারে আল্লাহকে ভয় করতে হবে এবং শাসককে তাকফির করার অন্য যেসব ফলাফল রয়েছে, যেগুলো তারা বাস্তবায়ন করতে সক্ষম সেগুলোর ব্যাপারেও আল্লাহকে ভয় করা উচিত।

অর্থাৎ তার সাহায্য করা, পৃষ্ঠপোষকতা করা এবং তার কুফরি আইনের কাছে বিচার-ফয়সালা চাইতে যাওয়া থেকে বিরত থাকবে, তাকে তাদের দ্বীনি বিষয়ের দায়িত্বশীল বানাবে না, যতক্ষণ

পর্যন্ত কোনো উপায় থাকে ততক্ষণ পর্যন্ত তাকে তাদের ওপর কর্তৃত্বশীল বানাবে না, তার বায়আতে প্রবেশ করবে না, তার পতাকাতলে যুদ্ধ করবে না, তাকে তার বাতিলের ওপর সাহায্য করবে না বা কোনো মুসলিমের বিরুদ্ধে তাকে সাহায্য করবে না, ইত্যাদি যে যে বিষয়গুলো তারা করতে পারবে তা করবে। এছাড়া শাসকের কুফরি জানতে পারলে তার যথাযথ ব্যবস্থা নিতে ও প্রস্তুতি গ্রহণ করতে প্রেরণা জোগাবে এবং এর ফলে কোনো একদিন তাকে হটানোর মত যোগ্যতা সৃষ্টি হবে।

১০। কুফরিতে লিপ্ত ব্যক্তি মন্দভাবে প্রতিপালিত হয়েছে, এটাও তাকফিরের কোনো প্রতিবন্ধক নয়। অথচ এমন কতিপয় লোক এটাকে তাকফিরের প্রতিবন্ধক মনে করছে, যাদের অনুসরণ করা হয় এবং যাদের দিকে রীতিমত আঙ্গুল দিয়ে ইশারা করা যায়। তাও এমন লোকদের ব্যাপারে, যারা আল্লাহ, দ্বীন ও রাসুল ﷺ-কে গালিগালাজ করে।

অথচ অধিকাংশ কাফের মুশরিকরা তো মন্দভাবে প্রতিপালিত ও বেড়ে উঠার কারণেই কুফর ও শিরক করেছে। যেমন, চির সত্যবাদী নবি ﷺ বলেছেন,

“প্রত্যেক নবজাতক ফিতরাত, তথা ইসলামের ওপর জন্মগ্রহণ করে, তারপর তার পিতা-মাতা তাকে ইহুদি, অগ্নিপূজক বা মুশরিক বানায়।” (হাদিসটি ইমাম মুসলিম ও অন্যান্যরা বর্ণনা করেছেন)

সুতরাং এটা তাদেরকে কাফের আখ্যাদান করতে বাধা দেবে না।

১১। কোনো প্রকাশ্য ও স্পষ্ট কুফরিকে কল্যাণ বিবেচনা করে বা সময়োপযোগী মনে করে করা, অথবা ‘দাওয়াতের স্বার্থ’র নাম দিয়ে কুফরি করা, এগুলোও তাদের কাফের সাব্যস্ত হওয়ার জন্য প্রতিবন্ধক নয়। কেননা শিরক বা কুফরিতে কোনো গ্রহণযোগ্য কল্যাণ নেই।

কারণ এটা হচ্ছে আসমান-জমিনের সবচেয়ে বড় গুনাহ, যার দ্বারা আল্লাহ সুবহানাহুতা’লার অবাধ্যতা করা হয়। এ কারণেই আল্লাহ সুবহানাহুতা’লা বলেন,

إن الله لا يغفر أن يشرك به ويغفر ما دون ذلك لمن يشاء

“নিশ্চয়ই আল্লাহ তাঁর সঙ্গে শরিক করাকে ক্ষমা করেন না। এর নিচের যে-কোনো গুনাহ যার ক্ষেত্রে চান ক্ষমা করে দেন।” (নিসাঃ ১১৬)

বুখারি ও মুসলিমের বর্ণনায় রয়েছে:

রাসুলুল্লাহ ﷺ-কে জিজ্ঞাসা করা হলো: কোন গুনাহ সবচেয়ে বড়?

রাসুল ﷺ বললেন, তা হচ্ছে এই যে, তুমি আল্লাহর সমকক্ষ সাব্যস্ত করলে, অথচ তিনিই তোমাকে সৃষ্টি করেছেন।

(জ্ঞাতব্য: ৩) أسباب التكفير (তাকফিরের কারণসমূহ):

ফিকহি মূলনীতিবিদদের মতে শরিয়তে 'কারণ' হলো, এমন একটি বাহ্যিক ও সুনির্দিষ্ট বৈশিষ্ট্য, যার দ্বারা হুকুম সাব্যস্ত হয়, এই হিসাবে যে, শরিয়ত তার সাথে উক্ত হুকুমটিকে সম্পৃক্ত করেছেন। অথবা তার সংজ্ঞাটি এভাবেও বলা যায়, 'কারণ' বলা হয়, যার উপস্থিতির কারণে তার ফলাফল বা পরিণতিটির উপস্থিতি এবং তার অনুপস্থিতির দ্বারা পরিণতিটির অনুপস্থিতি অনিবার্য হয়।

যেহেতু আহলুস সুন্নাহ ওয়াল জামাতের মত হলো, ইমান তিনটি রুকন বা ভিত্তি-বিশিষ্ট: বিশ্বাস, কথা ও কাজ। এ কারণে হুবহু এর বিপরীত তিনটি বিষয় হবে তাকফিরের কারণ। অর্থাৎ কুফরি কথা, অথবা কুফরি কাজ (এর মাঝে ঐ সব জিনিস পরিত্যাগ করাও অন্তর্ভুক্ত, যা পরিত্যাগ করা কুফর) অথবা সন্দেহ বা কুফরি বিশ্বাস।

সাধারণত: এগুলোই কুফরির কারণ।

তবে তাকফিরের সেই সব কারণ, যা দুনিয়াবি বিধানাবলির ক্ষেত্রে প্রযোজ্য হবে সেগুলো কেবল কুফরি কথা বা কুফরি কাজের মধ্যেই সীমাবদ্ধ। শরিয়ত দুনিয়াতে কাফের সাব্যস্ত করার কারণগুলোকে শুধু এর মাঝেই সীমাবদ্ধ করেছে। কারণ অবিশ্বাস ও সন্দেহ হলো, অপ্রকাশ্য কারণ, যা দুনিয়াবি বিধানগুলোতে নিয়ন্ত্রণ করা সম্ভব নয়। এ কারণে শরিয়ত তার সাথে কোনো দুনিয়াবি বিধানের সম্পর্ক রাখেনি এবং দুনিয়াতে তাকে তাকফিরের কারণও গণ্য করেনি। এটাকে সেই সত্ত্বার কাছে কারণ হিসাবে গণ্য করেছে, যিনি অন্তরের রহস্য ও গোপন বিষয়গুলো জানেন। এ কারণে এটা হচ্ছে কাফের সাব্যস্ত করার পরকালীন কারণ। তার সাথে দুনিয়াবি বিধি-বিধানের কোনো সম্পর্ক নেই।

এ কারণে যে কুফর গোপন রাখে, প্রকাশ করে না; বরং ইসলামের নিদর্শনগুলোই প্রকাশ করে তাকে বলা হয় মুনাফিক। দুনিয়াতে তার সাথে মুসলমানদের অনুরূপ আচরণ করা হবে। আর সে যে কুফরি বিষয়গুলোকে গোপন রাখত এর হিসাব আল্লাহ পরকালে নেবেন। ফলে তার পরিণাম হবে জাহান্নামের সর্বনিম্ন স্তর। এ কারণে যখন মুকাল্লাফ (বিধানাবলির আওতাধীন ব্যক্তি) কুফরের প্রকাশ্য কারণসমূহের কোনোটিতে লিপ্ত হয়, তথা কুফরি কথা বলে বা কুফরি কাজ করে, আর তাকফিরের শর্তগুলো পাওয়া যায় এবং কোনো প্রতিবন্ধকও না থাকে, তখন

তাকে তাকফির করা হবে, যদিও সে এ কথা বলে যে, সে এর দ্বারা কুফরি করা বা দ্বীন থেকে বের হয়ে যাওয়ার ইচ্ছা করেনি। কেননা কেউই এর ইচ্ছা করে না, একমাত্র আল্লাহ যা ব্যতিক্রম চান। এমনকি খৃষ্টানদেরকেও যদি জিজ্ঞাস করা হয়, তোমরা কি 'ঈসা আল্লাহর পুত্র' এ কথার দ্বারা কুফরি করার ইচ্ছা করো? তারা না করবে এবং তা অস্বীকার করবে।

তাকফিরের কারণগুলোর ব্যাপারে একটি জ্ঞাতব্য:

মনে রাখবেন, যখনই কোনো মুকাল্লাফ কুফরের প্রকাশ্য কারণসমূহের কোনোটিতে লিপ্ত হয় আর তার ক্ষেত্রে তাকফিরের কোনো প্রতিবন্ধকও না থাকে, তখনই তাকে কাফের আখ্যা দেওয়া যাবে। তাকফিরের জন্য একাধিক কারণ জমা হওয়া শর্ত নয়; বরং একাধিক কারণ কুফরিকে আরো কঠিন ও বৃদ্ধি করবে। অতএব ইমানের মতো কুফরেরও বিভিন্ন স্তর রয়েছে।

শাইখ আবু মুহাম্মদ আসিম আল-মাকদিসী (আল্লাহ তাঁকে হেফাজত করুন)

রচিত একটি অপূর্ব প্রবন্ধ

শীঘ্রই আমি তোমাকে শিখাবো, কিভাবে বাজপাখি শিকার করতে হয়

(সুওয়াকাহ কারাগার থেকে লিখিত কিছু কথা)

লেখক: আবু মুহাম্মদ আসিম আল-মাকদিসী

পরিবেশনায়: বালাকোট মিডিয়া

নিঃসন্দেহে এই সময়টা আমাদের জন্যে খুবই আবেগঘন সময়, আর এখানে আমরা সারা দুনিয়া থেকে বিচ্ছিন্ন হয়ে আছি, আজ কারাগারে আমাদের বন্দীরত জীবনের চতুর্থ রমজানে এসে আমরা পৌঁছেছি।

এই সময়ে মানুষ আল্লাহর যিকিরে ব্যস্ত থাকে অথবা অন্যান্য উপকারী আমলে ব্যস্ত থাকে যেন সে তার আবেগ ও স্মৃতির পাতায় হারিয়ে না যায়, বিশেষ করে আজকের এই মুহূর্তগুলোতে যখন কিনা আমার মনে এমন একটি দৃশ্য রয়েছে যা প্রতি বছর রমজান মাসের প্রথম দিনটি এলেই আমার চোখে ভেসে উঠে।

খাবারের টেবিলের চতুর্দিকে বাচ্চাদের দৌড়াদৌড়ি আর আযানের জন্য অপেক্ষা, আর তাদের ইফতার প্রস্তুত করার জন্য তাদের মায়ের ইতস্তত ছোটাছুটি, যেখানে বাচ্চাদের কেউই সেই বয়সে পৌঁছায় নি যে বয়সে মানুষের উপর রোজা ফরয হয়। তবুও তারা সকলেই রোজা রাখার ব্যাপারে অতি উৎসাহী, বিশেষ করে রমজানের প্রথম দিনটিতে তো অবশ্যই।

যা কিছুই নতুন, তার সবটাতেই বাচ্চারা এমন উচ্ছলতা দেখায়। তারা প্রবল উৎসাহ ও উদ্দীপনার সাথে সবটুকু খাবার খেয়ে নেয়! ঠিক আছে...তবে, সত্যের পথে অবিচল থাকার জন্য শুধু উৎসাহই যথেষ্ট নয়, তাই নয় কি?

আমার কারাকক্ষের ছোট্ট জানালাটা দিয়ে আমি কাহালাহ মরুভূমিতে সূর্যাস্তের অপরূপ দৃশ্য তাকিয়ে দেখছি। সূর্য তার রশ্মিগুলোকে এক আশ্চর্য পদ্ধতিতে গুটিয়ে নিচ্ছে...এবং বেশ দ্রুত, আযানের ধ্বনি নিশ্চিত করে দিচ্ছে যে সূর্য ডুবে গেছে।

আহ...জীবনটা কত ছোট!...এক ঝাঁক পাখি লাল আকাশের অসীম দিগন্তের পানে উড়ে উড়ে তাদের নীড়ে ফেরত যাচ্ছে যেখানে তাদের কচি ছানাগুলো রয়েছে, অন্ধকার নেমে আসার আগেই পৌঁছাতে হবে। মুতামিদ বিন ইবাদ কারারুদ্ধ অবস্থায় যা বলেছিলেন সেই কথাগুলো আমার বার বার মনে পড়ছিল,

আল্লাহ বিড়ালের শাবকগুলোকে রক্ষা করেছেন,
আর আমার ক্ষুদ্র ছানাগুলো পানি ও ছায়ার কাছে প্রতারিত হলো।

এটাই মানব প্রকৃতি, আল্লাহ তাদের অন্তরে স্বীয় রহমতের যে বীজ বপন করে দিয়েছেন তা নিয়ে তারা বিনত। কখনো এই রহমত মানুষকে পুরোপুরি পরাভূত করে ফেলে সে যতই কঠিন, শক্ত ও সহিষ্ণু হোক না কেন।

আমি এই স্মৃতির জাল থেকে নিজেকে ছাড়িয়ে নেই এবং মুখ ফিরিয়ে নেই, আমার ছোট্ট কারাকক্ষের দেয়ালগুলোতে কিছু কবিতার পংক্তি লিখেছিলাম সেগুলো মনে পড়ে যায়,

হে আমার ভাই, আমরা তো খারাপ কিছু আশা করি নি
মহাপরাক্রমশালী প্রতিপালকের ওয়াদার ব্যাপারে,
এই বন্দীত্ব তো আমাদের দৃঢ়তাকেই বৃদ্ধি করেছে,
আর বৃদ্ধি পেয়েছে আমাদের নিশ্চিত বিশ্বাস এই কারাগারে।

ভাইদের উপর যে নির্যাতন ঘটেছে,
আর শত শত দায়ীকে যে হত্যা করা হয়েছে,
সে তো শুধুমাত্র আমাদের ঈমানের পতাকাকেই উত্তোলন করেছে,
আর আমাদের দ্বীন ও তাওহীদের সত্যতাকে সুপ্রতিষ্ঠিত করেছে।

এক রবের সন্তুষ্টি অর্জন এবং এক দ্বীনকে সমর্থন করতে
এই কারাগার তো সুগন্ধময় আর মৃত্যুও সুমিষ্টরূপ,
এক মহাপরাক্রমশালী ও পরম করুণাময় রবকে খুশি করতে
এই জীবন আর সন্তান-সন্ততি সবই শূণ্যের স্বরূপ।

এই মুহূর্তগুলোতে আমার শিশু ছেলে উমার এর কিছু কথা মনে পড়ছে যা অতীতের একটি রমজানে সে তার মাকে বলছিল, “আমার বাবা একজন ভালো মানুষ, আমি তাকে ভালবাসি, তাকে নিয়ে আমি গর্বিত। কিন্তু আমি তাকে আমাদের সাথে দেখতে চাই, কারাগারে না।”

তার মা তার কথার উত্তর দিতে গিয়ে তাকে পূর্বেকার কিছু ঘটনা স্মরণ করিয়ে দিলো, আর আমি যেন রাতের আঁধারে সেই কথাগুলোর প্রতিধ্বনি শুনতে পাচ্ছিলাম, “উমার? এসব তুমি কি বলছো? আমি কি তোমাকে ইবরাহীম (আলাইহিস সালাম) এর ঘটনাটি বলি নি যে, তিনি যে বিষয়ের দিকে আহবান করেছিলেন সে জন্য তাঁকে আগুনে নিক্ষেপ করা হয়েছিল? আর মূসা ও ঈসা (আলাইহিমাস সালাম), আসহাবে কাহফ আর আসহাবুল উখদুদের কথাও ভুলে গেলে?”

হে উমার! এর প্রয়োজন আছে। তোমার মনে আছে নিশ্চয়ই যখন আমি ছুটির দিনগুলো তোমাদের সাথে কাটিয়েছিলাম। কোথায় তোমার সেই কথাগুলো যা তুমি আমার মানহাজের (কর্ম পদ্ধতির) সমালোচনাকারীদের ব্যাপারে তোমার মাকে বলেছিলে, “আমি আমার বাবার মতো হতে চাই, আর যখন আমি বড় হবো তখন আমি সেটাই করবো যা তিনি করেছিলেন। আর আমি স্বৈরাচারী শাসকদের বিরুদ্ধে সংগ্রাম করবো।”

আর আজকে তুমি কি বলছো? দিন ও রাতের দৈর্ঘ্য কি এতই বেড়ে গেছে? যাত্রা তো সবে শুরু হয়েছে, ব্যাটা আমার। তুমি কি তোমার ছোট দুই ভাইবোনের মতো হয়ে গেছো যারা আমার কারাবন্দীত্বে অতিমাত্রায় ব্যথিত হয়ে পড়েছে? তুমি কি বিজয়ের ব্যাপারে হতাশ হয়ে এই রাস্তা পরিত্যাগ করেছো?

আমার এখনো মনে পড়ে তোমার চোখের সেই ঝলকানির কথা, যখন মধ্যরাতে আল্লাহর শত্রুরা আমাদের বাসায় হানা দেয় আর তুমি তাদের প্রতি চিৎকার করছিলে, যখন শীতের সেই রাতে তুমি হঠাৎ ঘুম থেকে উঠে গেলে, আর তাদের নোংরা গলার আওয়াজ শুনে বিছানা থেকে উঠে এসে দেখলে যে, পুরো বাড়িতে তারা ছড়িয়ে আছে, প্রতিটা জিনিস আর ঘরের প্রতিটা কোণা তারা খুঁজে খুঁজে দেখছে। তাদের মধ্যে একটা কাফের তোমাকে জিজ্ঞেস করলো, “তোর বাবা কই?”

তাই তুমি নিঃশঙ্ক চিত্তে চোখ ডলতে ডলতে বললে, "আমি জানি না।" অথচ তুমি খুব ভালোভাবেই জানতে যে, সেই রাতে তোমার বাবা কোথায় ছিল।

আবু হাফস, আমার এখনো মনে পড়ে, আর আমি তা কখনো ভুলবো না যে, সেই রাতে তুমি তাদের দিকে কিভাবে ক্রুদ্ধ দৃষ্টিতে তাকিয়ে ছিলে যখন শেষবারের মতো আমি তোমাদের ছেড়ে যাই; রাতটা ছিল আমার গ্রেফতার হবার রাত, আজকের থেকে চার বছর আগে। আমার হাতে তারা হাতকড়া পরিয়ে দেয় আর চতুর্দিক থেকে আমাকে ঘিরে ফেলে, আর লাঠি আর রাইফেলের বাট দিয়ে আমাকে ধাক্কাতে ধাক্কাতে সামনে নিয়ে যায়। আমি তোমাকে আঁধারের মাঝেও দেখছিলাম যখন তুমি বারান্দায় দাঁড়িয়েছিলে, যখন আমি তোমাকে বলছিলাম, "এদেরকে ভয় পেয়ো না! এদের দ্বারা শঙ্কিত হয়ো না! এরা পোকামাকড় ছাড়া কিছুই না! এরা সব মাছি!" আমার খুব ভালোভাবেই মনে আছে যে, তোমার মনে এই কথাগুলো কিভাবে গেঁথে গেছে আর তোমার স্মৃতিতে মুদ্রিত হয়েছে, কারণ ছ'মাস পর যখন তারা আমাকে তাদের থানা থেকে কারাগারে নিয়ে গেলো আর তুমি আমাকে দেখতে গেলে, তখন তোমাকে সেই রাতের কথা মনে করিয়ে দেবার সাথে সাথেই তুমি বলে উঠেছিলে, "হ্যা বাবা, আমার খুব ভালোমতোই মনে আছে। তুমি আমাদেরকে বলেছিলে যে, তাদেরকে ভয় না পেতে, আর বলেছিলে যে, তারা তো কীটপতঙ্গ আর মাছি।"

আমার অবাক লাগছে যে, তোমার কচি মন সেই অন্ধকারময় রাতের এত ঘটনার মাঝে কিভাবে শুধু ঐ কথাগুলোই মনে রেখেছে। আমি তোমাকে সেদিন ইবনুল কাইয়্যুমের (রহিমাহুল্লাহ) কবিতা থেকে একটি পংক্তি শুনিয়েছিলাম, যা আমি তোমার জন্য আমার কারাকক্ষের দেয়ালে লিখেও রেখেছি,

তাদের অধিক সংখ্যাকে ভয় করো না,
যেহেতু তারা গুরুত্বহীন এবং মাছির মতো।
তোমরা কি একটা মাছি কে ভয় পাও?

মনে পড়ছে কি? ও উমার! আল্লাহর দুশমনেরা এই লেখাটি দেখে রাগে অগ্নিশর্মা হয়ে পড়ে। তাদের এত ক্রোধান্বিত দশা সত্ত্বেও তোমাকে এই কথাটি জানাতে আমার আনন্দ লাগছে।

তাহলে আজকে কেন তুমি আমাকে পাওয়ার জন্য এত ব্যাকুল হয়ে পড়ছো?

আচ্ছা ঠিক আছে, তুমি এখনোও ছোট্ট, আর এই রাস্তাটি অনেক দীর্ঘ এবং প্রতিকূলতায় ভরা। এমনকি সেরারাও এই রাস্তার ধারে পড়ে থাকে, কত মানুষ এই চলার পথে থেমে যায়!

আমি কি তোমাকে এবং অন্যান্যদেরকে বার বার বলি নি যে, অন্যান্য দেশে আমাদের ভাইদের উপর চালানো অত্যাচারের তুলনায় আমাদের প্রতি চালানো এই অত্যাচার খুবই কম? এটা তো শুধু সূচনা মাত্র, ছোট্ট ছেলে আমার। আর এই মূল্যবান দাওয়াত এবং মহামূল্য পুরস্কার লাভের পথে এগুলো তো প্রথম ধাপ মাত্র, যার মূল্য দিতে শুধুমাত্র সত্যিকার পুরুষেরাই উঠে দাঁড়ায়,

مِّنَ ٱلْمُؤْمِنِينَ رِجَالٌ صَدَقُوا۟ مَا عَـٰهَدُوا۟ ٱللَّهَ عَلَيْهِ ۖ فَمِنْهُم مَّن قَضَىٰ نَحْبَهُۥ وَمِنْهُم مَّن يَنتَظِرُ ۖ وَمَا بَدَّلُوا۟ تَبْدِيلًا ﴿٢٣﴾

মুমিনদের মধ্যে কতক পুরুষ আছে যারা আল্লাহর সাথে তাদের কৃত অঙ্গীকার পূর্ণ করেছে; তাদের মধ্যে কেউ কেউ শাহাদাত বরণ করেছে এবং কেউ কেউ প্রতীক্ষায় রয়েছে। তারা স্বীয় সংকল্প একটুও পরিবর্তন করে নি।[১]

হে আল্লাহর পুরস্কার, নও তুমি কম দামি,
বরং, অলসদের জন্য তুমি সাধ্যাতীত দামি।
হে আল্লাহর পুরস্কার, যদি এমন না হতো যে, তুমি -
প্রত্যেক কষ্টবেষ্টিত, যখনই কেউ তোমার দিকগামী,
তবে কেউই আজ পিছনের দিকে বসে থাকতো না,
আর দ্বিতীয় শ্রেণীর পুরস্কার বলেও কিছু থাকতো না।

---

[১] সূরা আহযাব, আয়াত: ২৩

যাই হোক, এটি প্রতিটি অপ্রিয় কষ্টের দ্বারা বেষ্টিত,
যেন সেই অলস মিথ্যারোপকারীরা হয় দ্রুত বিতাড়িত,
আর যেন এটি সে সকল উচ্চাকাঙ্ক্ষীদের দেয়া যায়,
যে স্পৃহা মহান রবের ইচ্ছায় তাঁর পানে উপনীত হয়।

ইবনুল কাইয়্যুমের (রহিমাহুল্লাহ) কথাগুলো কতই না সুন্দর। তাঁর কবিতার পংক্তিগুলোতে কি সুন্দর করে বর্ণনা করলেন, "আল্লাহর কসম, এটি তো সস্তা নয় যে, একজন দেউলিয়া লোক তা কিনে নিয়ে যাবে। এটি তো এমনও নয় যে, বিক্রয় না করে অভাবগ্রস্ত মানুষের প্রয়োজন পূরণে তা সম্পূর্ণরূপে দান করা হয়। বরং বাজারে এটিকে খুবই উঁচু দামে উপস্থিত করা হয়, আর এটির একমাত্র মূল্য নির্ধারিত হয় যে, নিজের সত্তাকে সম্পূর্ণরূপে দিয়ে দিতে হবে। তাই অস্বীকারকারীরা পিছু হটে যায়, আর যারা এটিকে ভালোবাসে তারা তা দেখার জন্য দাঁড়িয়ে যায় যে, কে এটি ক্রয় করার সম্মানের অধিকতর যোগ্য। পুরস্কারটা তাদের হাতে ঘুরতে থাকে, আর শেষ পর্যন্ত সেটা তার হাতে গিয়ে পড়ে যে,

أَذِلَّةٍ عَلَى ٱلْمُؤْمِنِينَ أَعِزَّةٍ عَلَى ٱلْكَٰفِرِينَ

...মুসলমানদের প্রতি হবে দয়ালু ও মেহেরবান এবং কাফেরদের প্রতি হবে অত্যন্ত কঠোর...[২]

যখন ক্রমান্বয়ে আরো বেশী মানুষ এসে এই পুরস্কারের দাবি করছিল তখন তাদেরকে নিজ দাবির সত্যতা প্রমাণ করতে বলা হয়। কারণ যদি শুধু এই দাবির ভিত্তিতেই তাদেরকে এটা দিয়ে দেয়া হতো, তাহলে যারা এই পুরস্কারের ব্যাপারে পরোয়া করে না সেই সব লোকেরাও এসে দাবি তুলতো যে, তারা সেটিকে প্রবলভাবে কামনা করে। সুতরাং, এভাবে বিভিন্ন ধরনের মানুষেরা যখন তাদের দাবি তুলতে লাগলো, তখন বলা হলো, 'এই প্রমাণ ছাড়া তাদের দাবি গৃহীত হবে না,'

[২] সূরা মায়িদা, আয়াত: ৫৪

قُلۡ إِن كُنتُمۡ تُحِبُّونَ ٱللَّهَ فَٱتَّبِعُونِي يُحۡبِبۡكُمُ ٱللَّهُ

যদি তোমরা আল্লাহকে ভালোবাসো, তবে আমার অনুসরণ করো, এবং আল্লাহ তোমাদেরকে ভালোবাসবেন...[৩]

ফলে, অধিকাংশ লোক পিছু হটে গেলো, আর শুধুমাত্র তারাই রয়ে গেলো যারা প্রিয়নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কে তাদের আমল (কর্ম), কথা ও চারিত্রিক ক্ষেত্রে অনুসরণ করে। তাই তারা যেন নিজেদের দাবি প্রমাণ করতে পারে সে জন্য সেই শর্তে তারা কিছু স্পষ্ট বিষয় যোগ করতে অনুরোধ করলো যা করার মাধ্যমে তারা সেই দাবি প্রমাণ করতে পারবে, ফলে বলা হলো,

يُجَٰهِدُونَ فِي سَبِيلِ ٱللَّهِ وَلَا يَخَافُونَ لَوۡمَةَ لَآئِمٖۚ

...তারা আল্লাহর রাহে জিহাদ করবে, আর তারা কোনো নিন্দুকের নিন্দার পরোয়া করবে না...[৪]

এর ফলে ভালোবাসার দাবিদার বেশীরভাগ লোকই সরে পড়লো, আর শুধুমাত্র মুজাহিদীনগণ থেকে গেলেন। তাদেরকে বলা হলো, 'যারা এই ভালোবাসার দাবিদার তারা তো নিজেদের জীবন ও ধন-সম্পদের মালিক নয়, সুতরাং এগিয়ে গিয়ে আল্লাহর সাথে চুক্তি পূর্ণ করো,'

إِنَّ ٱللَّهَ ٱشۡتَرَىٰ مِنَ ٱلۡمُؤۡمِنِينَ أَنفُسَهُمۡ وَأَمۡوَٰلَهُم بِأَنَّ لَهُمُ ٱلۡجَنَّةَۚ

নিশ্চয়ই আল্লাহ মুমিনদের নিকট থেকে তাদের প্রাণ ও তাদের ধন-সম্পদ সমূহকে এর বিনিময়ে খরিদ করে নিয়েছেন যে, তাদের জন্যে রয়েছে জান্নাত...[৫]

তাই যখন তারা এই খরিদকারীর মহত্ত্ব ও মহানুভবতা সম্পর্কে জানলো, তাঁর পুরস্কারের গুণকে বুঝলো, আর যাদের হাত এই চুক্তিতে আবদ্ধ তাদের মর্যাদাকে উপলব্ধি করলো; তখন তারা এই পুরস্কারের মূল্য বুঝলো, বুঝলো যে এটা সত্যিকার অর্থেই মহাগুরুত্বপূর্ণ বিষয়। তারা দেখলো যে, সবচেয়ে বড় ক্ষতিগ্রস্থ হচ্ছে সেই ব্যক্তি যে অল্প দামে এই পুরস্কারকে বিক্রি করে দেয়। তাই

---

[৩] সূরা আলে ইমরান, আয়াত: ৩১

[৪] সূরা মায়িদা, আয়াত: ৫৪

[৫] সূরা তাওবা, আয়াত: ১১১

তারা সন্তুষ্টচিত্তে অন্য কোনো বিকল্পের কথা না ভেবেই এই চুক্তিতে আবদ্ধ হয়ে গেলো, আর তারা বললো, 'আমরা এই রাস্তা থেকে হটবো না।' ফলে যখন এই চুক্তিটি সম্পূর্ণ হলো এবং বেচাকেনা শেষ হলো, তখন তাদেরকে বলা হলো, 'আমার জন্যে তোমাদের জীবন ও সম্পদ যখনই নিঃশেষ হয়ে যাবে, তখন এগুলোকে আমি বহুগুণে বর্ধিত করে ফেরত দিবো!'

وَلَا تَحْسَبَنَّ ٱلَّذِينَ قُتِلُوا۟ فِى سَبِيلِ ٱللَّهِ أَمْوَٰتًۢا ۚ بَلْ أَحْيَآءٌ عِندَ رَبِّهِمْ يُرْزَقُونَ ﴿١٦٩﴾
فَرِحِينَ بِمَآ ءَاتَىٰهُمُ ٱللَّهُ مِن فَضْلِهِۦ

যারা আল্লাহর রাস্তায় নিহত হয় তাদেরকে তোমরা মৃত ধারণা করো না; বরং তারা জীবিত, তারা তাদের প্রতিপালক হতে জীবিকা প্রাপ্ত হয়। আল্লাহ তাদেরকে স্বীয় অনুগ্রহ হতে যা দান করেছেন তা নিয়ে তারা উৎফুল্ল...[৬]

সুতরাং, যখন তারা তাদের মহান প্রতিপালকের অনুগ্রহ লাভ করলো তখন তারা তাঁর প্রশংসা করলো, আর মহান অভিভাবকের থেকে যে পুরস্কার তারা পেয়েছে সে জন্য তাঁর প্রতি কৃতজ্ঞতাজ্ঞাপন করলো, এবং পরদিন সকালেও তারা আবারও তাঁর প্রশংসা করতে লাগলো।"

আমার ব্যাটা, তোমাকে এটা খুব ভালোভাবে বুঝতে হবে। এটা মুখস্ত করে ফেলো যাতে এই পথের বাস্তবতা ও এর চাহিদা সম্পর্কে জানতে পারো। তাই আজকের পর আর কখনোও অধৈর্য হয়ো না, আর যতদিন জীবন ধারণ করছো কখনোও ক্লান্ত বা নিরাশ হয়ো না।

আমার সাথে তোমার শেষবারের সাক্ষাতের কথা মনে করো, আমি দর্শনার্থীর জানালা দিয়ে তোমার চোখের দিকে তাকিয়ে ছিলাম। সে চোখ দু'টো যেন আমাকে দেখার খুশিতে আনন্দে বড় হয়ে গিয়েছিল। তুমি বলছিলে, "বাবা! গতকাল আমি আমার উস্তাযের সাথে শিকারে গিয়েছিলাম, আর জীবনে প্রথমবারের মতো আমি রাইফেল দিয়ে একটি কবুতর শিকার করেছি! হ্যা বাবা! রাইফেল দিয়ে! আমি জীবনে প্রথমবার রাইফেল দিয়ে কবুতর শিকার করেছি!"

---

[৬] সূরা আলে ইমরান, আয়াত: ১৬৯-১৭০

“চমৎকার, উমার! চমৎকার! এখন হলো বাজপাখি শিকারের সময়। যদি আল্লাহ চান, শীঘ্রই আমি তোমাকে শিখাবো, কিভাবে বাজপাখি শিকার করতে হয়।”

আযান শেষ হয়েছে, স্মৃতির জানালাও বন্ধ হয়েছে। এক ফোঁটা মূল্যবান অশ্রু জমা হয়েছে চোখে। খুব দ্রুত আমি তা মুছে ফেললাম আর মৃদুস্বরে বললাম,

“হে আল্লাহ! তোমার ইচ্ছায় রাত শুরু হলো আর দিন শেষ হলো। তোমার কাছেই সব দোয়া, সুতরাং, আমাকে ক্ষমা করো।”

আবু মুহাম্মদ আসিম আল-মাকদিসী
রমজানের প্রথম রাত্রি,
রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর হিজরতের ১৪১৭ বছর পর

শাইখ আবু মুহাম্মদ আসিম আল-মাকদিসী (আল্লাহ তাঁকে হেফাজত করুন) রচিত
একটি উপকারী প্রবন্ধ

দাওয়াহ ও জিহাদের বিষয়ে সর্বসাধারণকে সম্বোধন: শৈথিল্য ও চরমপন্থার মাঝে ভারসাম্যকরণ

লেখক: আবু মুহাম্মদ আসিম আল-মাকদিসী

পরিবেশনায়: বালাকোট মিডিয়া

..."হে আমার জাতি! আল্লাহর ইবাদাত করো! তিনি ব্যতীত তোমাদের আর কোনো ইলাহ নেই। নিশ্চয়ই আমি তোমাদের জন্য এক মহা দিবসের আযাবের ভয় করছি!"[১]

[১] সূরা আরাফ, আয়াত: ৫৯

আমাদের দাওয়াহ ও জিহাদকে আরও সমৃদ্ধ করার জন্য নবীজি (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর জীবন থেকে আমাদের অনেক শিক্ষা নেবার আছে। এই শিক্ষা দায়ী ও মুজাহিদগণের সামনে যে পথ আছে তা সহজতর করে দেবে এবং তাদেরকে সফলতা অর্জন করতে সাহায্য করবে। ফলে দাওয়াহ ও জিহাদে কল্যাণ আসবে এবং একই সঙ্গে তা দায়ী ও মুজাহিদীনদেরকে মন্দ ও ক্ষতিকর প্রভাব থেকে দূরে রাখবে।

নবীজির (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) মহান, মহিমামন্ডিত জীবন ইতিহাসের উপর যত্ন সহকারে গবেষণা ও বিবেচনা করলে যে কেউ জানতে পারবেন যে, আল্লাহ সুবহানাহু ওয়া তাআলা তাঁর নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কে কিভাবে পরিচালিত করতেন। ফলে তিনি উপলব্ধি করতে পারবেন যে, দাওয়াহ এর ভাষা, পদ্ধতি, একাধিক পন্থার মধ্যে কোনটি সর্বোত্তম এবং কোন বিষয়টি অগ্রাধিকার পাবে ইত্যাদি নির্ধারণ করার ক্ষেত্রে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) যাকে বা যাদেরকে সম্বোধন করে দাওয়াহ দিতেন তাদের ব্যাপারে নিম্নোক্ত বিষয়গুলো বিবেচনা করতেন:

• সম্বোধিত ব্যক্তির স্বভাব এবং তার আদর্শিক, বুদ্ধিবৃত্তিক ও নৈতিক অবস্থানের পটভূমি। কাজেই একটি নির্দিষ্ট এলাকার মানুষজন, তাদের গোত্রসমূহ, এবং তাদের স্বভাব সম্পর্কে জ্ঞান থাকা প্রয়োজন।
• সম্বোধিত ব্যক্তির দাওয়াহ গ্রহণের স্পৃহা এবং আল্লাহর দ্বীনের প্রতি তার অবস্থান, অর্থাৎ সে দ্বীনের বিরুদ্ধে যুদ্ধে লিপ্ত কি না সেই তথ্য।
• মুমিনদের দল এবং দাওয়াহ এর সামর্থ্য সম্পর্কে সুস্পষ্ট ধারণা, অর্থাৎ সেই নির্দিষ্ট পর্যায়, অবস্থা, বাস্তবতা বা সময়ের প্রকৃতি সম্পর্কে সুস্পষ্ট ধারণা।

এসবকিছুই করা হয় শরীয়তের সুনির্দিষ্ট মানদণ্ড অনুযায়ী। যেকোনো ব্যাপারে লাভ-ক্ষতি বিশ্লেষণের ক্ষেত্রে, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) পর্যবেক্ষণ করতেন যে, শরীয়তের অপরিবর্তনীয় নীতিমালা এবং দ্বীন ও তাওহীদের সুদৃঢ় খুঁটিসমূহ লঙ্ঘন না করে কোন বিষয়টি সবচেয়ে বেশী উপকার বয়ে এনেছে এবং সবচেয়ে বেশী ক্ষয়-ক্ষতি এড়াতে সহায়তা করেছে।

রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর দাওয়াহ এর প্রারম্ভিক যুগের দিকে মনযোগ দিয়ে লক্ষ্য করলে বুঝা যায় যে, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তাঁর দাওয়াহ এর সম্বোধিত ব্যক্তির স্বভাব, নৈতিক, সামাজিক ও বুদ্ধিবৃত্তিক অবস্থানের পটভূমি এবং যেসকল গুণাবলী ও চারিত্রিক বৈশিষ্ট্য ব্যক্তিটি অত্যন্ত শ্রদ্ধা করে ও ভালোবাসে সেগুলোকে কিরূপে বিবেচনা করতেন এবং গুরুত্ব দিতেন। উদাহরণস্বরূপ, আবু সুফিয়ান (রাদিয়াল্লাহু আনহু) যখন ইসলামের শত্রু ছিলেন, তখন তিনি ও রোমানদের নেতা হেরাক্লিয়াসের মাঝে একবার কথোপকথন হয়। সেখানে হেরাক্লিয়াসের প্রশ্ন ছিল, "তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তোমাদেরকে কি করার নির্দেশ দেন?" হেরাক্লিয়াসের এই প্রশ্নের জবাবে আবু সুফিয়ান (রাদিয়াল্লাহু আনহু) রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) যে দাওয়াহ এর প্রতি মানুষদেরকে সম্বোধন করতেন তার মূলভিত্তি তথা তাওহীদের কথা উল্লেখ করেন। এরপর তিনি বলে চলেন, "তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আমাদেরকে নামায পড়া, যাকাত দেয়া, সত্যবাদিতা, সচ্চরিত্র ও পারস্পরিক সুসম্পর্ক বজায় রাখার নির্দেশ দেন।" এক মুহূর্ত ভেবে দেখুন, দাওয়াতের বক্তব্য কতটা শক্তিশালী হলে তা শত্রুর মনেও গেঁথে যায়!

অন্যান্য হাদীসের বর্ণনায় এসেছে যে, নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ওয়াদা পালন করা, আমানতদারিতা রক্ষা করা, ভালোবাসা ছড়িয়ে দেয়া, ভালোবাসাহীন কর্কশ ব্যবহারকে তিরস্কার করা এবং অনুরূপ সর্বজনস্বীকৃত উত্তম গুণাবলী চর্চা করার নির্দেশ দিতেন। জনগণকে দ্বীনের ভালো দিকগুলো দেখানোর জন্যই তিনি এমনটা করেছিলেন। এটা এজন্য যেন তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তাদেরকে এই শিক্ষা দিতে পারেন যে, যেসকল চারিত্রিক বৈশিষ্ট্য নিয়ে সমাজের বুদ্ধিমান ও অভিজাত মানুষেরা গর্ববোধ করে এবং যেসকল উত্তম গুণাবলীকে তারা শ্রদ্ধার চোখে দেখে, সেগুলোকে উৎকর্ষ দান করাই ছিল তাঁর উদ্দেশ্য।

অনুরূপভাবে, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তাদেরকে ইবরাহীম (আলাইহিস সালাম) এর মিল্লাতের ব্যাপারে দাওয়াহ দিয়েছিলেন। ইবরাহীম (আলাইহিস সালাম) কে কুরাইশরা সম্মান করতো এবং তাঁর অনুসারী হিসেবে নিজেদেরকে দাবি করতো। রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তাদেরকে বুঝান যে, তিনি এবং যারা তাঁর উপর বিশ্বাস স্থাপন করেছে তারাই ইবরাহীম (আলাইহিস সালাম) এর সবচেয়ে যোগ্য অনুসারী।

একইভাবে, হেরাক্লিয়াসের কাছে প্রেরিত পত্রে নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তাওহীদের বাণীর পরেই উল্লেখ করেন,

“ইসলাম গ্রহণ করুন এবং আপনি নিরাপত্তা লাভ করবেন, এবং আল্লাহ আপনাকে দ্বিগুণ পুরস্কার দেবেন। আর যদি আপনি ইসলামের এই দাওয়াহ প্রত্যাখ্যান করেন, তবে আপনার অধীনস্তদের বিপথগামিতার গুনাহসমূহ আপনার উপর অর্পিত হবে।”

এই বার্তা হেরাক্লিয়াসের রাজ্যে তার অধীনস্তদের মাঝে সচেতনতা তৈরি করে এবং তাদেরকে জানিয়ে দেয় যে, রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তাদের হেদায়াতের জন্য চিন্তিত ছিলেন, এবং সেই সাথে এটা আরও ইঙ্গিত করে যে, তাদের পথভ্রষ্টতার জন্য হেরাক্লিয়াসই দায়ী ছিল। এ ধরনের বিবৃতির মাধ্যমে নবীগণ (আলাইহিমিস সালাম) প্রমাণ করেছিলেন যে, তারা আন্তরিকভাবেই মানুষদের হেদায়াতের জন্য চিন্তিত ছিলেন এবং তাদের জন্য ভয়াবহ শাস্তির ভয় করেছিলেন। সকল নবীর (আলাইহিমিস সালাম) দাওয়াতেই একই মঙ্গল কামনা, উদ্বেগ ও আশংকা প্রতিধ্বনিত হয়। এর উদাহরণ আমরা দেখতে পাই যখন নূহ (আলাইহিস সালাম) তাঁর সম্প্রদায়কে বলেছিলেন,

يَٰقَوْمِ ٱعْبُدُوا۟ ٱللَّهَ مَا لَكُم مِّنْ إِلَٰهٍ غَيْرُهُۥٓ إِنِّىٓ أَخَافُ عَلَيْكُمْ عَذَابَ يَوْمٍ عَظِيمٍ ﴿٥٩﴾

…“হে আমার জাতি! আল্লাহর ইবাদাত করো! তিনি ব্যতীত তোমাদের আর কোনো ইলাহ নেই। নিশ্চয়ই আমি তোমাদের জন্য এক মহা দিবসের আযাবের ভয় করছি!”[২]

এমন কথা ব্যবহারে কোনো লজ্জা নেই যা মানুষের হেদায়াতের ব্যাপারে একজন দায়ী বা মুজাহিদের আন্তরিকতার সাক্ষ্য দেয়। এটি আরও সাক্ষ্য দেয় যে, সে কিভাবে তাদের মঙ্গল কামনা করে, কিভাবে সে দুর্বল ও মজলুমদের সাহায্য করতে ভালবাসে এবং তাদেরকে জুলুম থেকে, জালেম ও সীমালঙ্ঘনকারীদের শোষণ থেকে রেহাই দিতে চায়, অথবা কিভাবে সে নিরাপত্তা, ন্যায়বিচার ও ন্যায়পরায়ণতা প্রতিষ্ঠা করতে চায়, আর লড়াই করতে চায় জুলুম, মন্দ ও স্বৈরশাসনের বিরুদ্ধে। আল্লাহর কসম, দুর্বল মনের অধিকারীরা এবং নবীজির (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) জীবন ও অন্যান্য সকল নবীদের (আলাইহিমিস সালাম) দাওয়াতের ব্যাপারে অজ্ঞ

---

[২] সূরা আরাফ, আয়াত: ৫৯

লোক ছাড়া আর কেউ এমন কথায় লজ্জা পেতে পারে না অথবা তার সমালোচনা করতে পারে না।

আমদের দ্বীন এসেছে সমগ্র মানবজাতিকে পথ প্রদর্শন করতে, এবং তাদেরকে দাসদের (সৃষ্টির) ইবাদত থেকে মুক্ত করে সকল দাসের পালনকর্তা এক আল্লাহর ইবাদতমুখী করতে। আর আমাদের নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) প্রেরিত হয়েছেন সমগ্র মানবজাতির প্রতি রহমত স্বরূপ।

এ ধরনের বিবৃতি দ্বীনের মৌলিক বিষয়াদিকে বিকৃত করে না, অথবা তার নীতিগুলোকে অস্পষ্ট করে ফেলে না, কিংবা কাফেরদেরকে তোষামোদ করে না। বরং এটি দ্বীনের অপরিবর্তনীয় মৌলিক ভিত্তিসমূহ থেকে উৎসরিত এক জ্যোতির্ময় ও সুদৃঢ় সত্যকে উপস্থাপন করে। মানুষদের কাছে দায়ীকে অবশ্যই পরিষ্কারভাবে তা ব্যাখ্যা করতে হবে। যে সকল কাফেররা এই সকল গুণাবলীকে ভালোবাসে ও শ্রদ্ধা করে তাদেরকে সম্বোধনের সময় এই সত্যকে আলোকিত করা এবং তুলে ধরার মাঝে দোষের কিছু নেই।

হুদায়বিয়াহ সন্ধির ব্যাপারে বুখারীতে বর্ণিত একটি ঘটনাও এই বিষয়টির পক্ষে সাক্ষ্য দেয়। বুখারী শরীফে বর্ণিত হয়েছে, কুরাইশ বংশের বনু কিনানাহ গোত্রের এক ব্যক্তি নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ও তাঁর সাহাবীদের (রাদিয়াল্লাহু আনহুম) কাছে এসে বললো, "এ হচ্ছে অমুক ও অমুক এবং সে এমন এক সম্প্রদায়ের লোক যারা কোরবানির জন্য নির্ধারিত পশুদেরকে সম্মান করে, তাই পশুগুলো তাকে দিয়ে দাও।" তাই তাকে পশুগুলো দিয়ে দেয়া হয় এবং তাকে সমাদর করা হয় যখন তাঁরা তালবিয়াহ পাঠরত অবস্থায় ছিলেন। এই দৃশ্য দেখে সে বলে উঠলো, "আল্লাহ মহান! এই লোকসকলকে কাবায় যেতে না দেয়া ন্যায়সঙ্গত হবে না।" পরে সে তার গোত্রের মানুষদের কাছে ফিরে এসে বললো, "আমি মালা পরানো এবং চিহ্নিত করা কোরবানির পশু দেখেছি, তাই আমি মনে করি যে, তাদেরকে কাবায় যেতে না দেয়া যুক্তিসঙ্গত হবে না...।"

সুতরাং তৎকালীন সময়ে জনগণের সাধারণ অবস্থার প্রতি রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর জ্ঞান এবং অন্তর্দৃষ্টির প্রখরতা সম্পর্কে ভাবুন। আরেকটি উদাহরণ হচ্ছে তাঁর বাণী,

“ঈমান হচ্ছে ইয়েমেনীদের মাঝে, আর কুফর পূর্ব দিক হতে; শান্তি তাদের মধ্যে যারা ছাগল ও ভেড়া লালনপালন করে, আর অহংকার ও লোকদেখানো ভাব – এবং আরেক বর্ণনা অনুযায়ী: আত্মগরিমা - রয়েছে ঘোড়ার অসামাজিক ও অভদ্র মালিক আর বেদুঈনদের মধ্যে।”

এর মাধ্যমে রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তাঁর সাহাবীদেরকে (রাদিয়াল্লাহু আনহুম) সেসকল মানুষদের অবস্থা ও প্রকৃতি সম্পর্কে ধারণা দেন যাদেরকে নিয়ে তাঁরা কাজ করতেন।

তাই তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) যখন হাসান (রাদিয়াল্লাহু আনহু) কে বিদ্রূপাত্মক বর্ণনার মাধ্যমে কুরাইশদেরকে আক্রমণ করতে আদেশ দেন তখন তিনি তাঁকে আগে আবু বকর (রাদিয়াল্লাহু আনহু) এর কাছে গিয়ে কুরাইশদের যুদ্ধ ও ইতিহাসের ব্যাপারে জেনে নিতে আদেশ করেছিলেন। একইভাবে, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) মুআয (রাদিয়াল্লাহু আনহু) কে ইয়েমেনের উদ্দেশ্যে পাঠানোর সময় প্রথমে বলেন, “তুমি কিতাবীদের কাছে যাচ্ছ।” এরূপে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) মুআয (রাদিয়াল্লাহু আনহু) কে প্রথমেই তাদের আদর্শিক বা সাংস্কৃতিক পটভূমি সম্বন্ধে অবহিত করেন এবং তারপর নির্দেশ করেন যে, কিভাবে তাদের সাথে কথা বলতে হবে, তাদেরকে সম্বোধন করার সময় কোন বিষয়টি প্রাধান্য দিতে হবে এবং কি বিষয় দিয়ে তাদেরকে দাওয়াহ দেয়া শুরু করতে হবে।

এই বিষয়গুলো বিবেচনা করুন এবং তা নিজের অন্তরে গেঁথে নিন। তারপর ভেবে দেখুন কিভাবে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) মানুষদেরকে তাদের বুদ্ধিমত্তা অনুযায়ী দাওয়াহ দিয়েছেন এবং তাদের সাথে কথা বলেছেন। মানুষেরা যে ব্যাপারগুলো শ্রদ্ধা করে সেগুলো ইসলামের সাথে সাংঘর্ষিক না হলে তিনি সেগুলোকে স্পষ্টভাবে ইসলামের দৃষ্টিভঙ্গি থেকে তাদের সামনে তুলে ধরতেন! এই বিষয়টি বুঝার জন্য সংকীর্ণমনা হওয়া থেকে সতর্ক হোন, এ ব্যাপারটিকে কোনো প্রকারের চাটুকারিতা বা তোষামোদ ভাববেন না, যেমনটা অজ্ঞ লোকেরা ভেবে থাকে। কারণ বুখারীতে এসেছে আলী (রাদিয়াল্লাহু আনহু) এর বর্ণনায়,

“মানুষদেরকে তাদের বুঝ অনুযায়ী দাওয়াহ দাও – তুমি কি এমনটা পছন্দ করবে যে, আল্লাহ ও তাঁর রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর ব্যাপারে মিথ্যা ধারণা দেয়া হোক?”

সম্বোধিত ব্যক্তি একগুঁয়ে ও দ্বীনের বিরুদ্ধে যুদ্ধে লিপ্ত নাকি শান্ত ও শুনতে ইচ্ছুক এই বিষয়ে রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এর বিজ্ঞ বিবেচনার পরিচয় পাওয়া যায় যখন তিনি মহান আল্লাহ সুবহানাহু ওয়া তাআলার নিম্নোক্ত নির্দেশ বিচক্ষণতার সাথে প্রয়োগ ও বাস্তবায়ন করেছিলেন,

لَا يَنْهَىٰكُمُ ٱللَّهُ عَنِ ٱلَّذِينَ لَمْ يُقَٰتِلُوكُمْ فِى ٱلدِّينِ وَلَمْ يُخْرِجُوكُم مِّن دِيَٰرِكُمْ أَن تَبَرُّوهُمْ وَتُقْسِطُوٓا۟ إِلَيْهِمْ ۚ إِنَّ ٱللَّهَ يُحِبُّ ٱلْمُقْسِطِينَ ﴿٨﴾

যারা দ্বীনের ব্যাপারে তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করে নি এবং কখনোও তোমাদেরকে তোমাদের বাড়িঘর থেকে বহিস্কার করে নি, তাদের প্রতি সদ্ব্যবহার ও ন্যায় আচরণ করতে আল্লাহ তোমাদেরকে নিষেধ করেন না। নিশ্চয়ই আল্লাহ ন্যায়পরায়ণদেরকে ভালবাসেন।[৩]

আল্লাহ সুবহানাহু ওয়া তাআলা আরও বলেন,

۞ وَلَا تُجَٰدِلُوٓا۟ أَهْلَ ٱلْكِتَٰبِ إِلَّا بِٱلَّتِى هِىَ أَحْسَنُ إِلَّا ٱلَّذِينَ ظَلَمُوا۟ مِنْهُمْ ۖ

তোমারা কিতাবধারীদের সাথে উত্তম পন্থা ব্যতীত কোনোরকম তর্ক-বিতর্ক করো না, তবে তাদের মধ্যে যারা জুলুম করে তাদের কথা আলাদা...[৪]

অনুরূপভাবে, স্বৈরশাসক ফেরাউনকে প্রথমবার সম্বোধন করার সময় আল্লাহ সুবহানাহু ওয়া তাআলা মূসা ও হারূন (আলাইহিমাস সালাম) কে নির্দেশ দিয়েছিলেন,

فَقُولَا لَهُۥ قَوْلًا لَّيِّنًا لَّعَلَّهُۥ يَتَذَكَّرُ أَوْ يَخْشَىٰ ﴿٤٤﴾

তোমরা তার সাথে নম্র কথা বলবে, হয়তো সে উপদেশ গ্রহণ করবে অথবা (আমায়) ভয় করবে।[৫]

---

[৩] সূরা মুমতাহিনা, আয়াত: ৮

[৪] সূরা আনকাবূত, আয়াত: ৪৬

[৫] সূরা ত্বা-হা, আয়াত: ৪৪

কিন্তু যখন সে সুস্পষ্ট আয়াতের বিরোধিতা ও প্রত্যাখ্যান করলো এবং অহংকার প্রদর্শন করলো, তখন মূসা (আলাইহিস সালাম) তাকে বললেন,

لَقَدْ عَلِمْتَ مَآ أَنزَلَ هَٰٓؤُلَآءِ إِلَّا رَبُّ ٱلسَّمَٰوَٰتِ وَٱلْأَرْضِ بَصَآئِرَ وَإِنِّى لَأَظُنُّكَ يَٰفِرْعَوْنُ مَثْبُورًا ﴿١٠٢﴾

..."তুমি একথা ভালো করেই জানো যে, এই সমস্ত স্পষ্ট নিদর্শনাবলী আকাশমন্ডলী ও পৃথিবীর প্রতিপালকই অবতীর্ণ করেছেন (তাঁর একত্ববাদ ও সর্বশক্তিমত্তার) প্রত্যক্ষ প্রমাণ স্বরূপ; হে ফেরাউন, আমি তো মনে করি তুমি সত্যিই একজন ধ্বংসপ্রাপ্ত মানুষ।"[৬]

তাই একবার ভেবে দেখুন, তাঁরা (আলাইহিমাস সালাম) ফেরাউনকে প্রথমে কিভাবে সম্বোধন করেছিলেন, আর একগুঁয়েমি প্রদর্শনের পর কিভাবে তাকে সম্বোধন করেছিলেন।

রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কিভাবে মুমিনদের ও তাঁদের দাওয়াতের সামর্থ্য এবং তাঁরা যে পর্যায়ে বসবাস করছিলেন তার প্রকৃতি, এবং জিহাদের বিধানসমূহের ধারাবাহিক আগমনের বাস্তবতাকে পর্যবেক্ষণ করেছিলেন তাও লক্ষ্যণীয়; যেখানে প্রাথমিক সময়ে ইসলামের শত্রুদের কৃত আক্রমণের প্রতিউত্তরে আক্রমণ না করা, ক্ষমা করা, উপেক্ষা করা এবং সেসকল মুশরিকদের থেকে মুখ ফিরিয়ে নেয়া এবং তাদের কৃত ক্ষয়-ক্ষতির ব্যাপারে ধৈর্যশীল হবার আদেশ দেয়া হয়েছিল।

মুমিনরা যখন হিজরত করলেন এবং আশ্রয় ও সমর্থন পেলেন, এবং তাঁরা যখন তাঁদের রাষ্ট্র প্রতিষ্ঠার প্রাথমিক পর্যায়ে ছিলেন, তখন তাঁদেরকে আত্মরক্ষামূলক ও মুশরিকদের আক্রমণ প্রতিহত করতে যুদ্ধের অনুমতি দেয়া হয়, কিন্তু তখনও তা তঁদের উপর ফরয (আবশ্যকীয়) ছিল না।

এই সময়ে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এমন অনেকের বিরুদ্ধে যুদ্ধ হতে বিরত থাকতেন যাদের মৃত্যু মুসলমানদের জন্য আরও বেশী ক্ষতির কারণ হয়ে দাঁড়াবে। মুনাফিকেরা

---

[৬] সূরা বনী ইসরাঈল, আয়াত: ১০২

কিভাবে তাঁদের ক্ষতিসাধন করেছে তা শুনে সাহাবীরা (রাদিয়াল্লাহু আনহুম) যখন সেসকল মুনাফিকদের হত্যা করার অনুমতি চেয়ে তাঁর (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কাছে আবেদন করতেন, তখন তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) উত্তর দিতেন, "তাদেরকে ছেড়ে দাও, (নতুবা) মানুষেরা বলবে মুহাম্মাদ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তাঁর সঙ্গীদেরকে হত্যা করে।" কোনো সময় তিনি বলতেন, "তাহলে ইয়াসরিবে অনেকগুলো নাক তার জন্য দাউ দাউ করে জ্বলে উঠবে।"

তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ইহুদীদের সঙ্গে সন্ধি ও শান্তি চুক্তি করেছিলেন এবং তাদের বিদ্যমান চুক্তি এই পর্যায়ে তুলে ধরেছিলেন যে, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এমনকি তাদের সাথে এই চুক্তিও করেন যে, তিনি কোনো যুদ্ধে লিপ্ত হলে তারা তাকে সাহায্য করবে। কিন্তু পরবর্তীতে তারা তাঁর (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ক্ষতি করতো এবং "রাইনা" বলতো যা অত্যন্ত অপমানজনক কথা হিসেবে বিবেচিত হতো, এবং তারা বলতো, "আমরা শুনি এবং তোমরা যেন কিছুই শুনতে না পাও," এবং অনুরূপ অন্যান্য বাক্য বলতো যা তিনি ধৈর্য সহকারে সহ্য করতেন। তারা তাঁর (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) মৃত্যু কামনা করে তাঁকে অভিবাদন জানাতো। এর জবাবে তিনি সহজ উত্তর দিতেন, "ওয়া আলাইকুম (তোমাদের উপরেও)।" তারা তাঁর (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ক্ষতিসাধন করা সত্ত্বেও তিনি তাদের বিরুদ্ধে দাঁড়াতেন না, তাদেরকে হত্যা করতেন না। বরং এর বিপরীতে যখন সাহাবাগণ (রাদিয়াল্লাহু আনহুম) তাদেরকে হত্যা করার অনুমতি চেয়ে আবেদন করেছিলেন তখন তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তাঁদেরকে বারণ করেছেন। রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তাদের সাথে নম্রভাবে কথা বলতেন। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আইশা (রাদিয়াল্লাহু আনহা) কে তাদের কৃত অনিষ্টের পাল্টা জবাবে তাদেরকে অভিশাপ দিতে বারণ করতেন, আর তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলতেন, "যেখানে উদারতা পাওয়া যায় সেখানে সৌন্দর্য বৃদ্ধি পায়, আর যেখানে উদারতা নেই তা ত্রুটিপূর্ণ হয়ে যায়।" নিঃসন্দেহে এগুলো একারণেই যে, রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) মুসলিম রাষ্ট্রের অবস্থার কথা বিবেচনা করতেন যেটা তখনও সূচনাপর্বের কাছাকাছি ছিল ও প্রতিষ্ঠিত হচ্ছিল মাত্র।

পরবর্তী আদেশ ছিল সীমালঙ্ঘনের প্রতিউত্তরে অনুরূপ জবাব দেয়া এবং তাদের বিরুদ্ধে যুদ্ধ করা যারা ঈমানদারদেরকে তাঁদের ঘরবাড়ি ও সম্পদসমূহ থেকে বহিষ্কার করেছিল।

শাসকদের আল্লাহর বিধানের সাথে সাংঘর্ষিক বিধান রচনা করা হচ্ছে একটি বড় কুফর। আমাদের সাথে দ্বিমত পোষণকারী কিছু লোক আছেন, যারা আল্লাহর বিধানের বিরুদ্ধে আইন প্রণয়ণকারী তথাকথিত মুসলিম শাসকদের পক্ষাবলম্বন করে বলে থাকেন, "তোমরা যে মূলনীতির উপর ভিত্তি করে মুসলিম শাসকগণ এবং তাদের সাহায্যকারী সাংবাদিকদল, তাদের রক্ষাকারী সৈন্যদল ও তাদের পক্ষাবলম্বনকারী অন্যান্যদের কাফের বলে ঘোষণা দাও, সে মূলনীতিতে আমরা তোমাদের সাথে একমত নই। কেননা এই শাসকদের কুফরী আমাদের মতে ছোট কুফর। বড় কুফর (যা কোন ব্যক্তিকে ইসলামের

---

[১] বড় কুফর ঃ যা মানুষকে ইসলাম থেকে বের করে দেয়, তার থেকে ইসলামের নিরাপত্তা বিধান উঠে যায়। যেমন: আল্লাহর বিধান পরিবর্তন করা।

[২] ছোট কুফর ঃ এটা বড় কুফরের বিপরীত, অর্থাৎ তা কোন মানুষকে ইসলাম থেকে বের করে না তবে তা অনেক অনেক বড় গুনাহ। যেমনঃ কোন নির্দোষ মুসলিম কে সেচ্ছায় হত্যা করা।

গন্ডি থেকে বের করে দেয়) নয়।" আর তাদের দাবি হচ্ছে, এ মতের প্রবক্তা ছিলেন কুরআনের শ্রেষ্ঠ ব্যাখ্যাকারী ইবনে আব্বাস (রাযিঃ)।

আমাদের জবাবঃ দ্বীনের বিভিন্ন বিষয়ে কিছু মানুষের মতানৈক্য থাকে। তবে তার একটি সীমারেখা আছে। যদি তা হয় শাখাগত বিষয়ে তবে তা মেনে নেয়া যায়। (উদাহরণস্বরূপ ৫ ওয়াক্ত সালাত যে ফরয এটি একটি মূল বিষয়। এতে মতভেদ হতে পারে না। কিন্তু সালাতের মধ্যে 'রফউল ইয়াদাইন' করা অথবা না করা এ নিয়ে মতভেদ থাকতেই পারে কারণ এটি শাখাগত বিষয়।) আলেমগণ বলেন, শাখাগত মাসআলায় মতানৈক্য সম্ভাব্য এবং স্বাভাবিক। কেননা অনেক ক্ষেত্রেই এ মতানৈক্য সৃষ্টি হয় কোন একটি হাদীস সহীহ বা যয়ীফ বলে রায় দেয়ার ক্ষেত্রে মতানৈক্য থাকার কারণে। অথবা কোন হাদীস ফক্বীহ পর্যন্ত না পৌছার কারণে বা এ ধরণের অন্য কোন সমস্যা থাকার কারণে। আর যদি এ মতভেদ হয় দ্বীনের মৌলিক বিষয়ে, তবে তা কিছুতেই মেনে নেয়া যায় না। তারপরও কেউ মতানৈক্য তুলতে পারে; তবে তার অর্থ এই নয় যে, সত্যের সন্ধান না করেই অন্ধ ভাবে কোন এক মতের অনুসরণ করতে হবে। সত্য তো একটিই, একাধিক হতে পারে না। আল্লাহ (সুবঃ) বলেন,

فَمَاذَا بَعْدَ الْحَقِّ إِلَّا الضَّلَالُ

অর্থ: 'সত্য স্পষ্ট হয়ে যাওয়ার পর বিভ্রান্তি ছাড়া আর কি অবশিষ্ট থাকে।' [সূরা ইউনুস: ৩২]

অপর স্থানে আল্লাহ (সুবঃ) বলেন:

وَلَوْ كَانَ مِنْ عِنْدِ غَيْرِ اللَّهِ لَوَجَدُوا فِيهِ اخْتِلَافًا كَثِيرًا

অর্থ: 'এটা যদি আল্লাহ ছাড়া অন্য কারো পক্ষ থেকে হত তবে তারা এর মধ্যে বহু অসঙ্গতি পেত।' [সূরা নিসা: ৮২]

সুতরাং দ্বীনের মৌলিক বিষয়ে মতানৈক্য, বিশেষ করে তাওহীদ, রিসালাত, শিরক, ঈমান ও কুফরের মত সর্বাধিক গুরুত্বপূর্ণ বিষয়ে মতানৈক্য কোন ভাবেই মেনে নেয়া যায় না। কোন ব্যক্তির জন্য এটি কোন ভাবেই বৈধ্য হবে না যে, এ ধরণের মতানৈক্যকে অজুহাত হিসেবে পেশ করে, এটিকে (মতানৈক্যকে) মুরতাদ ও মুশরিকদের সাথে বন্ধুত্ব স্থাপন বা তাদের থেকে সাহায্য গ্রহণের মাধ্যম হিসেবে গ্রহণ করবে। আর এ কাজটি যদি হয় সন্তুষ্টচিত্তে তবে তা হবে চূড়ান্ত পর্যায়ের অবৈধ। বরং অত্যাবশ্যক হলো যে

সকল মাসআলার উপর ঈমানের মূল ভিত্তি রয়েছে সেগুলোর মাঝে বিদ্যমান মতানৈক্যের সমাধান করা এবং সঠিক সিদ্ধান্তে উপনীত হওয়া। কেননা আল্লাহ (সুবঃ) বলেন:

أَفَحَسِبْتُمْ أَنَّمَا خَلَقْنَاكُمْ عَبَثًا وَأَنَّكُمْ إِلَيْنَا لَا تُرْجَعُونَ

অর্থ: 'তবে কি তোমরা মনে করেছিলে যে, আমি তোমাদেরকে উদ্দেশ্যহীন ভাবে এমনিই সৃষ্টি করেছি এবং তোমাদেরকে আমার কাছে ফিরিয়ে আনা হবে না।' [সূরা মু'মিনুন: ১১৫]

আর তিনি কোন বিষয় কুরআন মাজিদে আলোচনা ব্যতিরেকে ছেড়ে দেননি। যেমন তিনি (সুবঃ) বলেছেন,

مَا فَرَّطْنَا فِي الْكِتَابِ مِنْ شَيْءٍ

অর্থ:- 'আমি কিতাবে কোন ত্রুটি রাখিনি।' [সূরা আনআম: ৩৮]

সুতরাং সকল কল্যাণকর বিষয়ে আল্লাহ (সুবঃ) আমাদেরকে দিক নির্দেশনা দিয়েছেন এবং তাতে উদ্বুদ্ধ করেছেন। সকল মন্দ বিষয় জানিয়ে দিয়েছেন এবং তা থেকে সতর্ক করেছেন।

বর্তমানকালের শাসকদের বিভিন্ন কর্মকান্ডের দ্বারা তাদের কাফের হওয়া সুস্পষ্ট। আর কুফর হলো দ্বীনের মৌলিক বিষয়ের একটি অন্যতম দিক। যে ব্যক্তি আল্লাহ প্রদত্ত দ্বীন ও তাওহীদকে বুঝেছে তার নিকট এ সকল আল্লাহদ্রোহী শাসকদের কুফরের বিষয়টি দিবালোকের চেয়েও স্পষ্ট। কিন্তু এতে আশ্চর্য্যের কিছু নেই, যে ব্যক্তির চোখে পর্দা রয়েছে দ্বী-প্রহরের সূর্য্যও তার দৃষ্টিগোচর হবে না।

ইনশাআল্লাহ সামনে আমরা চেষ্টা করবো তাওহীদের পথ্য দ্বারা চোখের পর্দাকে সরিয়ে দিতে ও ঐশী আলো দ্বারা সকল আঁধার দূর করতে।

প্রথমত আমাদের জানা উচিৎ, এই সমস্ত আল্লাহদ্রোহী শাসকদের কে শুধুমাত্র একটি নীতির উপর ভিত্তি করে কাফের বলা হচ্ছে না। ফলে তাদেরকে ইবনে আব্বাস (রাযিঃ) এর বাণী كفر دون كفر 'এই কুফর সেই পর্যায়ের কুফর নয়' এর অপব্যাখ্যা দ্বারা রক্ষা করা সম্ভব নয়। বরং তাদের এই কুফরী অনেকগুলো মূলনীতির উপর ভিত্তি করে সাব্যস্ত হয়েছে। যার প্রত্যেকটি তাদেরকে স্পষ্ট কাফের হিসেবে সাব্যস্ত করার জন্য যথেষ্ট। ঐ সকল কারণসমূহ থেকে শুধুমাত্র ছয়টি কারণ এখানে উল্লেখ করা হল।

কুফরীর প্রথম কারণ:

কালিমার প্রথম দাবী 'তাগুতকে[৩] বর্জন' না করার কারণে তারা কাফের।

---

[৩] **ইমাম ইবনে জারীর তাবারী বলেন:** ঐ সকল আল্লাহদ্রোহী যারা আল্লাহর নাফরমানীতে সীমালংঘন করেছে এবং মানুষ যাদের আনুগত্য করে। সে মানুষ, জ্বীন, শয়তান, প্রতীমা, বা অন্য কিছুও হতে পারে।(তাফসীরে তাবারী : ৩/২১)

ইমাম ইবনে তাইমিয়্যাহ বলেন: আল্লাহ ছাড়া যাদের আনুগত্য করা হয় তারাই ত্বা-গুত। (মাজমুআতুল ফাতাওয়া : ২৮/২০০)

ইমাম মুহাম্মাদ ইবনে আব্দুল ওয়াহ্হাব: ত্বা-গুত হচ্ছে ঐ সকল মা'বুদ, লিডার, মুরুব্বী, আল্লাহর পরিবর্তে যাদের আনুগত্য করা হয় এবং তারা এতে সন্তুষ্ট। (মাজমুআতুত তাওহীদ : পৃ:৯)

ইমাম কুরতুবী (রহ:) বলেন: ত্বা-গুত হচ্ছে গণক, যাদুকর, শয়তান এবং পথভ্রষ্ট সকল নেতা। (আল জামে লি আহকামিল কুরআন : ৩/২৮২)

ইবনুল কাইয়্যিম বলেন: তাগুত হচ্ছে ঐ সকল মা'বুদ, লিডার, মুরুব্বী যাদের আনুগত্য করতে গিয়ে সীমালংঘন করা হয়। আল্লাহ এবং তার রাসূল কে বাদ দিয়ে যাদের কাছে বিচার-ফয়সালা চাওয়া হয় অথবা আল্লাহর পরিবর্তে যাদের ইবাদত করা হয়। অথবা আল্লাহর পক্ষ থেকে কোন দলীল-প্রমাণ ছাড়া আনুগত্য করা হয়। অথবা আল্লাহর আনুগত্য মনে করে যে সকল গাইরুল্লাহর ইবাদত করা হয়। এরাই হল পৃথিবীর বড় বড় তাগুত। তুমি যদি এই তাগুতগুলো এবং মানুষের অবস্থার প্রতি লক্ষ্য কর তবে বেশীর ভাগ মানুষকেই পাবে, যারা আল্লাহর ইবাদতের পরিবর্তে তাগুতের ইবাদত করে। আল্লাহ এবং তার রাসূলের কাছে বিচার-ফয়সালা চাওয়ার পরিবর্তে তাগুতের কাছে বিচার-ফয়সালা নিয়ে যায়। আল্লাহ এবং রাসূলের আনুগত্য করার পরিবর্তে তাগুতের আনুগত্য করে। (এ'লামুল মুওয়াক্কীঈন : ১/৫০)

ইমাম আব্দুর রহমান বলেন: আল্লাহর পরিবর্তে যাদের ইবাদত করা হয়, যারা বাতিলের দিকে আহ্বান করে এবং বাতিলকে সজ্জিত-মন্ডিত করে উপস্থাপন করে, আল্লাহর এবং তার রাসূলের আইন বাদ দিয়ে মানব রচিত আইন দ্বারা বিচার-ফয়সালা করার জন্য যাদেরকে নিয়োগ করা হয়েছে। এমনিভাবে গণক, যাদুকর, মূর্তিপূজকদের নেতা যারা কবরপূজার দিকে মানুষকে আহ্বান করে, যারা মিথ্যা কেচ্ছা-কাহিনী বর্ণনা করে মাজারের দিকে মানুষকে আকৃষ্ট করে। এরা সকলই তাগুত। এদের লিডার হচ্ছে শয়তান। (আদদুরারুস সানিয়্যাহ : ২/১০৩)

তাওহীদের সাক্ষ্যপ্রদানের মূল ভিত্তি হল দুটি। যার একটি অপরটি ব্যতীত কোনই
কাজে আসে না। বরং তাওহীদের কালেমাকে মেনে নেয়া এবং তার সত্যায়নের জন্য উভয়টি একইসাথে থাকা অত্যাবশ্যক। তার একটি হচ্ছে সকল বাতিল ইলাহ তথা গাইরুল্লাহকে প্রত্যাখ্যান (لا الــه) আর দ্বিতীয়টি হচ্ছে একমাত্র আল্লাহকে ইলাহ হিসাবে গ্রহণ তথা সত্যায়ন (إلا الله) যেমনটি আল্লাহ (সুবঃ) বলেছেন:

فَمَنْ يَكْفُرْ بِالطَّاغُوتِ وَيُؤْمِنْ بِاللَّهِ فَقَدِ اسْتَمْسَكَ بِالْعُرْوَةِ الْوُثْقَى

অর্থ:- 'অতঃপর যে ব্যক্তি তাগুত কে অস্বীকার করল এবং আল্লাহর প্রতি ঈমান আনল, সে এক মজবুত হাতল আঁকড়ে ধরল।' [সূরা বাক্বারাঃ ২৫৬]
উক্ত আয়াতে الكفر بالطاغوت 'তাগুতকে অস্বীকার' থেকে প্রথম ভিত্তি لا الــه এবং الايمان بــالله 'আল্লাহর প্রতি বিশ্বাস' থেকে দ্বিতীয় ভিত্তি إلا الله এর সুস্পষ্ট প্রমাণ পাওয়া গেল।
অতএব, যে ব্যক্তির মাঝে এই দুইটি ভিত্তির সমন্বয় ঘটল না, সে শক্ত হাতলকে মজবুত ভাবে আঁকড়ে ধরল না। ফলে সে হবে মুওয়াহ্হিদদের কাতার বহির্ভূত এক ব্যক্তি। আমরা যদি তাদের (দরবারী আলেমদের) দাবি মেনে নেই যে, এ সমস্ত শাসকবর্গ (যারা আল্লাহর সাথে অন্যদেরকে বিধানদাতা হিসেবে অংশীদার সাব্যস্ত করে এমনকি কখনও কখনও তারা নিজেরাও আল্লাহ প্রদত্ত বিধানের বিরোধী বিধান রচনা করে তাগুতে পরিণত হয়।) যদিও তারা তাওহীদের দ্বিতীয় ভিত্তি الايمان بالله (আল্লাহর প্রতি বিশ্বাস) আনয়ন করেছে তাও তারা আল্লাহর এককত্বে বিশ্বাসীদের কাতারে শামিল

মুহাম্মাদ হামেদ আল-ফক্বী বলেন: আল্লাহর একনিষ্ঠ ইবাদত করা হতে যারা মানুষকে বিরত রাখে এবং আল্লাহর পরিবর্তে যাদের ইবাদত করা হয় (চাই সে জ্বিন, মানুষ, গাছ, পাথর যাই হোক না কেন)। এমনিভাবে যারা আল্লাহর নাযিলকৃত বিধানকে বাদ দিয়ে মনগড়া আইনে হুদদ, কেসাস, যিনা-ব্যভিচার, মদ এবং সুদ ইত্যাদির বিচার-ফয়সালা করে। (হাশিয়া ফতহুল মুজিদ : পৃ: ২৮২)

হতে পারবে না। কেননা অপর একটি আবশ্যকীয় ভিত্তি এখনো বাকি রয়ে গেছে তা হল الكفربالطـاغوت। 'তাগুতকে অস্বীকার'। আর আল্লাহ (সুবঃ) الايمان بالله। 'আল্লাহর প্রতি বিশ্বাস' এ রুকনের পূর্বে তা উল্লেখ করেছেন।

الكفربالطاغوت। 'তাগুতকে অস্বীকার' করা ব্যতীত الايمان بـالله। 'আল্লাহর প্রতি বিশ্বাস' তৎকালীন মক্কার কাফের কুরাইশদের ঈমানের মতই। কেননা মক্কার কাফের কুরাইশরা আল্লাহ (সুবঃ) এর প্রতি বিশ্বাস রাখত কিন্তু তাগুতকে বর্জন করত না। (তারা আল্লাহকে রব হিসেবে গ্রহণ করেছিল ঠিকই কিন্তু আল্লাহর ইবাদাতের পাশাপাশি তারা মূর্তিরও ইবাদাত করত। মোটকথা তারা একমাত্র ইলাহ হিসাবে আল্লাহকে মেনে নেয় নি। তারা আল্লাহর বিধানসমূহকে নিজেদের জন্য গ্রহণ করে নি। তারা আল্লাহর হুকুমের আনুগত্য/ইতাআত করেনি।) আর এটি জানা কথা, এই ঈমান মক্কার কাফের কুরাইশদের কোন কাজে আসেনি। তাদের জান-মালকে রক্ষা করতে পারেনি। বরং আল্লাহর প্রতি ঈমানের সাথে শর্তযুক্ত ছিল তাগুতকে অস্বীকার করা, তাগুতের সাথে সকল সম্পর্কচ্ছেদ করা। এর পূর্বে শিরক মিশ্রিত ভেজাল ঈমান তাদের পার্থিব জগতের এবং পরকালের কোন বিধানের ব্যাপারে সামান্যতম উপকারেও আসেনি। আল্লাহ (সুবঃ) বলেন:

وَمَا يُؤْمِنُ أَكْثَرُهُمْ بِاللَّهِ إِلَّا وَهُمْ مُشْرِكُونَ

'তাদের অধিকাংশ আল্লাহ কে বিশ্বাস করা সত্ত্বেও মুশরিক।' [সূরা ইউসুফ: ১০৬]

আর শিরক হল ঈমানকে নষ্টকারী এবং নেক আমল ধ্বংসকারী।
আল্লাহ (সুবঃ) বলেন:

لَئِنْ أَشْرَكْتَ لَيَحْبَطَنَّ عَمَلُكَ وَلَتَكُونَنَّ مِنَ الْخَاسِرِينَ

অর্থ: 'যদি তুমি শিরক কর তাহলে তোমার সকল কর্ম নিষ্ফল হবে এবং তুমি ক্ষতিগ্রস্তদের অন্তর্ভূক্ত হবে।' [সূরা যুমার: ৬৫]

সকলের জানা আছে এসমস্ত শাসকেরা পাশ্চাত্যের তাগুতদেরকে (ব্রিটিশ সরকার, আমেরিকান সরকার, কানাডিয়ান সরকার ইত্যাদি যারা ইসলামী আইন বাস্তবায়নকারী এবং বাস্তবায়নকামী জনতার সাথে যুদ্ধে লিপ্ত।) এবং প্রাচ্যের তাগুতদেরকে (ভারত সরকার, চীন সরকার, জাপান সরকার ইত্যাদি।) অস্বীকার করে না। তাদের সাথে সম্পর্কচ্ছেদ করে না। বরং এরা

তাদেরই আস্থাভাজন ও তাদেরকেই ভালবাসে এবং ঝগড়া-বিবাদে তাদের নিকট মামলা দায়ের করে। তাদের রাষ্ট্রীয় নিয়ম অর্থাৎ কুফরী বিধান সমূহকে পছন্দ করে। তাদের সৃষ্ট আন্তর্জাতিক কুফরী সংস্থা (ট.ঘ.) জাতিসংঘের অপবিত্র ছায়ায় আশ্রয় নেয়।

এভাবে আরবী (এরাবিয়ান তথা আরবে রাজতন্ত্র প্রতিষ্ঠাকারী শাসকেরা যারা কাফেরদের কাছে আল্লাহর এককত্বে বিশ্বাসী মুসলিমদের এবং ইসলামী খিলাফতকামী মুসলিমদের তুলে দেয় কঠোর নির্যাতনের মাধ্যমে হত্যা করার জন্য।) তাগুতরা এবং তাদের নীতি সমূহ আন্তর্জাতিক কুফরী সংস্থা জাতিসংঘের নীতির মতই। আর এরা, এ সকল তাগুতদেরকেই ভালবাসে এবং তাদের সাথে বন্ধুত্ব রাখে। আর তাদের এমন গোলামে পরিণত হয়েছে যে, কোন বিষয়েই মনিবের অবাধ্য হয় না এবং শিরক, কুফর সকল কাজেই মনিবের শক্তি জোগায়। চোখে পর্দা থাকার কারণে কারো কারো নিকট এই সমস্ত শাসকদের তাগুত হওয়ার বিষয়টি যদিও সংশয়যুক্ত কিন্তু প্রাচ্য এবং পাশ্চাত্যের ইয়াহুদী, খ্রিষ্টান, হিন্দু, বৌদ্ধ এবং অন্যান্য কাফেরদের তাগুত হওয়ার ব্যাপারে কারো সামান্যতম সংশয় নেই। (কাউকে যদি আল্লাহ অন্ধ করে দেন তাহলে ভিন্ন কথা।) এ সত্ত্বেও তাদেরকে বর্জন করাতো দূরের কথা বরং এ শাসকরা তাদের সাথে বন্ধুত্ব ও ভ্রাতৃত্বের বন্ধনকে দৃঢ় করতে সদা সচেষ্ট। এমনকি তাদের সাথে জাতিসংঘ নামের কুফরী সংঘ চুক্তিতেও আবদ্ধ। ফলে কোন সমস্যা দেখা দিলে এরা জাতিসংঘের কুফরী আদালতে মামলা দায়ের করে।

অতএব তারা তাওহীদের প্রথম গুরুত্বপূর্ণ ভিত্তি الكفربالطــاغوت। (তাগুতকে অস্বীকার) পূর্ণ করেনি। সুতরাং কিভাবে তারা মুসলমান হতে পারে? তর্কের খাতিরে যদি মেনেও নেয়া হয়, তারা তাওহীদের দ্বিতীয় ভিত্তি الايمــان بـــالله। (আল্লাহর প্রতি বিশ্বাস) পূর্ণ করেছে। কিন্তু অপরদিকে তারা নিজেরাই তাগুত সেজে বসে আছে। ফলে আল্লাহকে ব্যতিরেকে তাদের ইবাদাত করা হচ্ছে। কারণ তারা মানুষের জন্য এমন সব আইন প্রণয়ণ করছে যার অধিকার আল্লাহ (সুবঃ) কোন মাখলুককে দেননি। উপরন্তু তারা মানুষদেরকে সেদিকে আহ্বানও করছে এবং তাদের সংবিধান মানতে বাধ্য করছে। (যার আলোচনা ইনশাআল্লাহ সামনে আসছে।)

কুফরীর দ্বিতীয় কারণ:

আল্লাহ প্রদত্ত দ্বীন এবং শরীয়াত নিয়ে ঠাট্টা-বিদ্রুপ করার কারণে তারা কাফের।

তারা আল্লাহর দ্বীন এবং শরীয়াত নিয়ে বিদ্রুপকারীদের জন্য সুযোগ সৃষ্টি করে দিয়েছে। যার ফলশ্রুতিতে তারা (বিদ্রুপকারীরা) পত্রিকা, রেডিও, টি.ভি. এবং অন্যান্য স্বাধীন সংবাদ সংস্থার মাধ্যমে দ্বীনের বিভিন্ন বিষয় নিয়ে প্রকাশ্য এবং আকার ইঙ্গিতে ঠাট্টা-বিদ্রুপ করছে। আর এ কুলাঙ্গার শাসকবর্গরা এ মাধ্যমগুলোর পৃষ্ঠপোষকতা করছে (আমরা প্রায়ই দেখতে পাই সমাজে যারা রাসূল (সাঃ) কে নিয়ে ঠাট্টা করে, ইসলাম নিয়ে মসকরা করে তাদেরকে শাসকবর্গরা নিরাপত্তা দিয়ে থাকেন)। সাথে সাথে তাদের স্ব-রচিত আইন এবং সেনাবাহিনী দ্বারা এদের নিরাপত্তা নিশ্চিত করে এ নাস্তিক মুরতাদদের আরো কয়েক ধাপ এগিয়ে দিচ্ছে।

আল্লাহ (সুবঃ) বলেন:

قُلْ أَبِاللَّهِ وَآيَاتِهِ وَرَسُولِهِ كُنتُمْ تَسْتَهْزِئُونَ (٦٥) لَا تَعْتَذِرُوا قَدْ كَفَرْتُم بَعْدَ إِيمَانِكُمْ (٦٦)

অর্থ: 'বল! তোমরা কি এক আল্লাহ, আল্লাহর আয়াত ও তার রাসূলকে নিয়ে বিদ্রুপ করছিলে? অজুহাত দেখিওনা তোমরা ঈমান আনার পরে কুফরী করেছ।' [সূরা তাওবা: ৬৫,৬৬]

এই আয়াতগুলো ঐসকল লোকের ব্যাপারে অবতীর্ণ হয়েছে যারা ছিল মুসলিম। তারা সালাত আদায় করতো, সিয়াম পালন করতো ও যাকাত দিত এমনকি তারা মুসলিমদের সাথে এক বড় জিহাদেও অংশগ্রহণ করেছিল। ইহা সত্ত্বেও যখন তারা কুরআন পাঠকারী সাহাবীদের ব্যাপারে উপহাস মূলক কথা বলল, তখন আল্লাহ (সুবঃ) তাদেরকে কাফের বলে ঘোষণা করলেন:

قال الزبير : وهو الذي شهد عليه الزبير بهذا الكلام و وديعة بن ثابت بن عمرو بن عوف وهو الذي قال : إنما كنا نخوض ونلعب وهو الذي قال : مالي أرى قرآنا هؤلاء أرغبنا بطونا وأجبننا عند اللقاء

যুবায়ের (রাঃ) বলেন, আর তিনি একথা বলার সময় উপস্থিত ছিলেন, ওদিয়া ইবনে ছাবেত বিন আমর বলল, আমরা শুধুমাত্র তোমাদের সাথে হাসি ঠাট্টা

করছি এবং সে আরো বলল, হায়! কি হল যে, এই কোরআন পাঠকারীরা দেখি আমাদের মধ্যে সবচেয়ে খাদ্যের প্রতি বেশী উৎসাহী, আর শত্রুর মোকাবেলায় সবচেয়ে বেশী ভীরু।
[তাবারানীর মুজামুল কাবীর :৩০১৭; প্রত্যেক রাবী আলাদা আলাদা ভাবে সিকাহ, তবে সনদটি গারীব। মোটকথা হাদীসটি হাসান স্তরের তাই গ্রহণযোগ্য।]
তাহলে ঐ সমস্ত লোকের ব্যাপারে চিন্তা করুন যাদের অন্তরে আল্লাহর বিধানের প্রতি সামান্যতম শ্রদ্ধাবোধ নেই বরং তাকে হাসি-তামাসার বস্তুরূপে গ্রহণ করেছে। নিজেদের পিছনে অবহেলা ভরে ছুঁড়ে মেরেছে। আর সবচেয়ে ভয়ানক বিষয় হলো তারা আল্লাহর কুরআনকে তথা কুরআনের বিধি-বিধানকে তাদের স্বহস্তে রচিত আইন-কানুনের নিচে অবস্থান দিয়েছে। কুরআনের আদেশ ও নিষেধ সমূহকে ধর্মনিরপেক্ষতাবাদী ইয়াহুদী-খৃষ্টান ও নাস্তিকদের সাথে সলাপরামর্শ করে রদ করছে (তারা বলে কুরআনের বিধান গুলো নাকি মানবতাবিরোধী ও বর্বর)। কিতাবুল্লাহ এর সাথে এর চেয়ে বড় উপহাস ও ঠাট্টা আর কী হতে পারে?

কুফরীর তৃতীয় কারণ:

তারা প্রাচ্য এবং পাশ্চাত্যের মুশরিকদের সাথে বন্ধুত্ব ও ভালবাসা রাখার কারণে এবং বিশ্বাসীদের বিরুদ্ধে কাফেরদের সাহায্য করার কারণে কাফের।

এই সমস্ত শাসকরা কাফেরদের সাথে পারস্পারিক সাহায্য চুক্তিতে আবদ্ধ হয়। এবং মুওয়াহ্হীদ (আল্লাহর এককত্বে বিশ্বাসী) মুসলমানদের কে জঙ্গী ও চরমপন্থী আখ্যা দিয়ে উক্ত চুক্তির পরিপ্রেক্ষিতে তাদের সংবাদ কাফেরদের সাথে আদান-প্রদান করে এবং মুসলিম মুজাহিদদের গ্রেফতার করে তাগুত সরকারদের হাতে অর্পণ করে। আল্লাহ (সুবঃ) বলেন:

وَمَنْ يَتَوَلَّهُمْ مِنْكُمْ فَإِنَّهُ مِنْهُمْ

অর্থ: 'তোমাদের মধ্যে যে ব্যক্তি তাদেরকে বন্ধু বানাবে, সে তাদেরই মধ্যে গণ্য হবে।' [সূরা মায়িদা: ৫১]

একারণেই শায়খ মুহাম্মদ বিন আব্দুল ওয়াহ্হাব نواقض الاسلام (নাওয়াক্বিযুল ইসলাম) নামক গ্রন্থে বলেন, ঈমান নষ্ট হওয়ার ৮নং কারণ হলো মুশরিকদের সাহায্য সহযোগিতা করা।

তার দৌহিত্র সুলাইমান বিন আব্দুল ওয়াহ্হাব তার حكم موالاة اهل الاشـــتراك (হুকমু মুওয়ালাতি আহলিল ইশতিরাক) নামক গ্রন্থে উল্লেখ করেছেন, আল্লাহ (সুবঃ) বলেন:

أَلَمْ تَرَ إِلَى الَّذِينَ نَافَقُوا يَقُولُونَ لِإِخْوَانِهِمُ الَّذِينَ كَفَرُوا مِنْ أَهْلِ الْكِتَابِ لَئِنْ أُخْرِجْتُمْ لَنَخْرُجَنَّ مَعَكُمْ وَلَا نُطِيعُ فِيكُمْ أَحَدًا أَبَدًا وَإِنْ قُوتِلْتُمْ لَنَنْصُرَنَّكُمْ وَاللَّهُ يَشْهَدُ إِنَّهُمْ لَكَاذِبُونَ

অর্থ:- 'তুমি কি মুনাফিকদেরকে দেখোনি যারা আহলে কিতাবের মধ্য হতে তাদের কাফির ভাইদেরকে বলে, 'তোমাদেরকে বের করে দেয়া হলে আমরাও তোমাদের সাথে অবশ্যই বেরিয়ে যাব এবং তোমাদের ব্যাপারে আমরা কখনোই কারো আনুগত্য করব না। আর তোমাদের সাথে যুদ্ধ করা হলে আমরা অবশ্যই তোমাদেরকে সাহায্য করব। আর আল্লাহ সাক্ষ্য দিচ্ছেন যে, তারা মিথ্যাবাদী।' [সূরা হাশর: ১১]

এই আয়াতগুলো অবতীর্ণ হয়েছে, এমন কিছু মানুষের ব্যাপারে, যারা বাহ্যিক ভাবে ইসলামকে প্রকাশ করত। একজন ব্যক্তি মুসলিম কি কাফের তার প্রমাণসরূপ তাদের বাহ্যিক প্রকাশকেই গ্রহণ করা হত। কেননা মুসলমানদের প্রতি হুকুম ছিল বাহ্যিকতার বিচার করার। কিন্তু যখন তারা সাহাবীগণের বিরুদ্ধে ইয়াহুদীদের সাহায্য করার জন্য চুক্তিবদ্ধ হলো (যদিও আল্লাহ (সুবঃ) জানতেন তাদের চুক্তিতে তারা মিথ্যাবাদী) তখন আল্লাহ (সুবঃ) ইয়াহুদীদেরকে তাদের ভাই বলে আখ্যা দিলেন। আর এ চুক্তিই ছিল তাদের কুফরীর কারণ। [হুকমু মুওয়ালাতি আহলিল ইশতিরাক]

অতএব ঐসমস্ত শাসকদের পরিণতি আরো কত করুণ, যারা প্রাচ্য এবং পাশ্চাত্যের আইন প্রণয়ণকারী মুশরিকদের সাথে পরস্পর সাহায্য চুক্তিতে আবদ্ধ হয় এবং তাওহীদে বিশ্বাসীদের বিরুদ্ধে লড়াই করে ও তাদেরকে আপন মনিবদের (আমেরিকা, ব্রিটেন ও অন্যান্য কাফের রাষ্ট্রের সরকারের) হাতে অর্পণ করে। কোন সন্দেহ নেই, অবশ্যই তারা এই হুকুমের অন্তর্ভূক্ত হবে।

কুফরীর চতুর্থ কারণ:

আল্লাহর দ্বীনের পরিবর্তে গণতন্ত্রকে দ্বীনরূপে গ্রহণ করার কারণে তারা কাফের।

আল্লাহ (সুবঃ) বলেছেন:

إِنَّ الدِّينَ عِندَ اللَّهِ الْإِسْلَامُ

'নিশ্চয়ই আল্লাহর নিকট গ্রহণযোগ্য দ্বীন কেবল ইসলামই'। [সূরা আল ইমরান: ১৯] ইসলাম হল আল্লাহর দ্বীনে হক্ব, যা দিয়ে তিনি মুহাম্মদ (সাঃ) কে প্রেরণ করেছেন। আর গণতন্ত্রের প্রবর্তক হল গ্রীকরা। নিঃসন্দেহে না এটা আল্লাহ্ প্রদত্ত, না সত্যের উপর প্রতিষ্ঠিত। আল্লাহ্ (সুবঃ) বলেন:

فَمَاذَا بَعْدَ الْحَقِّ إِلَّا الضَّلَالُ

'সত্য ত্যাগ করার পর বিভ্রান্তি ব্যতীত আর কী থাকে'। [সূরা ইউনুস: ৩২] আর এসকল লোকেরা সর্বদাই প্রকাশ্য ভাবে ঘোষণা করছে যে, তাদের একমাত্র পছন্দ ও গর্বের বিষয় গণতন্ত্র, ইসলাম নয়।

গণতন্ত্র ও ইসলাম এ দুটি পরিপূর্ণ ভিন্ন বিষয়। দুটিকে একত্র করা কিছুতেই সম্ভব নয়। আল্লাহ্ (সুবঃ) একমাত্র খালেছ ইসলামকেই কবুল করবেন। আর ইসলাম ঘোষণা দিয়েছে :

إِنِ الْحُكْمُ إِلا للهِ

'বিধানদাতা একমাত্র আল্লাহ্ রাব্বুল আলামীন।'[সূরা আনআম:৫৭,সূরা ইউসুফ:৪০]

আর গণতন্ত্র হল একটি শিরক ও কুফর মিশ্রিত জীবন বিধান। যা আল্লাহ্ কে বাদ দিয়ে বিধি-বিধান এবং আইন প্রণয়নকারী জনগণকে সাব্যস্ত করে।[যেমন বাংলাদেশ সংবিধান ৭/ক ধারা হল 'সকল ক্ষমতার মালিক জনগণ' বা 'সকল ক্ষমতার উৎস জনগণ'।] আর আল্লাহ্ রাব্বুল আলামীন এমন মানুষের আ'মাল কখনোই গ্রহণ করবেন না এবং তার প্রতি সন্তুষ্ট হবেন না যে কুফরকে গ্রহণ করে আবার ইসলামেরও দাবী করে, শিরকও করে আবার তাওহীদেরও বুলি আওড়ায়। বরং কোন ব্যক্তির ইসলাম ও তাওহীদ ততক্ষণ পর্যন্ত গ্রহণযোগ্য হবে না এবং সঠিক বলে গণ্য হবে না যতক্ষণ পর্যন্ত সে সত্যনিষ্ঠ দ্বীন ইসলাম ব্যতীত অন্য সকল দ্বীনকে অস্বীকার না করে

এবং সকল শিরক ও কুফর থেকে মুক্ত না হয়। কুরআনুল কারীমে বর্ণিত হয়েছেঃ

إِنِّي تَرَكْتُ مِلَّةَ قَوْمٍ لَا يُؤْمِنُونَ بِاللَّهِ وَهُمْ بِالْآخِرَةِ هُمْ كَافِرُونَ (٣٧) وَاتَّبَعْتُ مِلَّةَ آبَائِي إِبْرَاهِيمَ وَإِسْحَاقَ وَيَعْقُوبَ مَا كَانَ لَنَا أَنْ نُشْرِكَ بِاللَّهِ مِنْ شَيْءٍ (٣٨)

অর্থ: 'নিশ্চয়ই আমি পরিত্যাগ করেছি সে কওমের ধর্ম যারা আল্লাহর প্রতি ঈমান আনে না এবং যারা আখিরাতকে অস্বীকারকারী। 'আর আমি অনুসরণ করেছি আমার পিতৃপুরুষ ইবরাহীম, ইসহাক ও ইয়াকূবের ধর্ম। আল্লাহর সাথে কোন কিছুকে শরীক করা আমাদের জন্য সঙ্গত নয়।' [সূরা ইউসুফ: ৩৭, ৩৮]

এবং সহীহ্ হাদীসে বর্ণিত আছে রাসূল (সাঃ) বলেছেন:

عَنْ أَبِى مَالِكٍ عَنْ أَبِيهِ قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ –صلى الله عليه وسلم– يَقُولُ مَنْ قَالَ لاَ إِلَهَ إِلاَّ اللَّهُ وَكَفَرَ بِمَا يُعْبَدُ مِنْ دُونِ اللَّهِ حَرُمَ مَالُهُ وَدَمُهُ وَحِسَابُهُ عَلَى اللَّهِ . (صحيح مسلم)

অর্থ: 'আবি মালিক (রা.) তার পিতার সূত্রে বর্ণনা করেন যে, রাসূল (সাঃ) কে বলতে শুনেছি, যে ব্যক্তি لاَ إِلَهَ إِلاَّ اللَّهُ বলল এবং আল্লাহ ব্যতীত অন্য সকল উপাস্য কে অস্বীকার করল সে তার মাল সম্পদ, রক্ত এবং হিসাব কে আল্লাহর কাছ থেকে নিরাপদ করে নিল। [সহীহ মুসলিমঃ কিতাবুল ঈমান: ৩৭-(২৩)]

অন্য রেওয়াতে বর্ণিত হয়েছে مَنْ وَحَّدَ اللَّهَ 'যে আল্লাহকে এক বলে মেনে নিল' [সহীহ মুসলিম: কিতাবুল ঈমান: ৩৮-(২৩)]

দ্বীন বা জীবন বিধান বলতে শুধুমাত্র ইয়াহুদী-খ্রিষ্টান ধর্মকে বুঝায় না বরং গণতন্ত্র, সমাজতন্ত্র বা এধরণের মানব রচিত যত জীবন বিধান আছে সব গুলোই এর অন্তর্ভূক্ত। সুতরাং আবশ্যক হল এ ধরণের সকল মিথ্যা ধর্ম এবং বাতিল মতবাদ থেকে নিজেকে পবিত্র রাখতে হবে, যাতে আল্লাহ তার থেকে দ্বীন ইসলামকে কবুল করে।

যেমনিভাবে আল্লাহর দ্বীনের মধ্যে এই বৈধতা বা সম্ভবনা নেই, কোন মানুষ 'খৃষ্ট মুসলমান' বা 'ইয়াহুদী মুসলমান' হবে তেমনিভাবে আল্লাহ (সুবঃ) এটাও পছন্দ করেন না যে, কোন ব্যক্তি গণতন্ত্রী মুসলমান হবে। কেননা ইসলাম

হল আল্লাহ প্রদত্ত দ্বীন আর গণতন্ত্র হল একটি কুফরী মতবাদ। আল্লাহ (সুবঃ) বলেন:

وَمَنْ يَبْتَغِ غَيْرَ الْإِسْلَامِ دِينًا فَلَنْ يُقْبَلَ مِنْهُ وَهُوَ فِي الْآخِرَةِ مِنَ الْخَاسِرِينَ

অর্থ:'আর যে ইসলাম ছাড়া অন্য কোন দ্বীন চায়, তার কাছ থেকে তা কখনো গ্রহণ করা হবে না এবং সে আখিরাতে ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হবে।'[সূরা আল ইমরান:৮৫]

আর যদি কোন ব্যক্তি ইসলাম কে ছেড়ে দেয় এবং ইসলামের সীমারেখা, বিধি-বিধান অবজ্ঞা করে এবং গণতন্ত্রকে পছন্দ করে ও তার আইন-কানুন ও সীমারেখাকে গ্রহণ করে তাহলে তার অবস্থা কতই না শোচনীয়।

কুফরীর পঞ্চম কারণ:

তারা নিজেদেরকে এবং তাদের শাসকদেরকে আল্লাহর সমতুল্য সাব্যস্ত করার কারণে কাফের।

যে দ্বীনকে (জীবন বিধানকে)তারা নিজ দ্বীন হিসেবে গ্রহণ করেছে এটাই তাদের নিকট আল্লাহর (সুবঃ) চেয়ে অধিক সম্মানি। তাইতো আল্লাহর বিধান সমূহকে পরিত্যাগ করেছে এবং তা দেয়ালের পিছনে ছুড়ে মেরেছে। আর যে ব্যক্তি আল্লাহ প্রদত্ত বিধানের বিরোধীতা করে বা বিপক্ষে যায় এবং এর ব্যাপারে ঠাট্টা-বিদ্রুপ করে ও যুদ্ধে অবস্থান নেয় সে-ই তাদের প্রিয় পাত্রে পরিণত হয়। তাকে নিজেদের আইন দ্বারা রক্ষা করে। সে মুরতাদ হওয়া সত্ত্বেও মানব অধিকার, বাক স্বাধীনতা ইত্যাদি মুখরোচক শেস্নাগান তুলে তার জন্যে সাফাই গাওয়া হয়।

আর যদি কেউ তাদের নিয়মের বিরোধীতা করে এবং তাদের বিধি-বিধান কে তিরস্কার করে। তাদের শাসকদের বিপক্ষে দাড়ায়, তাহলে হয়তো তাকে তাদের রোষানলে পতিত হয়ে জীবন হারাতে হয়। অথবা তাকে বন্দি করে রাখা হয়।

পক্ষান্তরে কোন ব্যক্তি যদি আল্লাহ (সুবঃ) এবং তার রাসূল (সাঃ) কে অথবা ইসলামকে গালি দেয়। অতঃপর যদি তাকে আদালতে নেওয়া হয় তাহলে তার বিচার হয় বে-সামরিক আদালতে এবং তার শাস্তি হয় দু-মাস। এর বিপরীতে কেউ যদি তাদের বানানো ইলাহ বা রব তথা প্রেসিডেন্ট, মন্ত্রী এবং

তাদের দোসরদের গালি দেয় তাহলে তার বিচার হয় উচ্চ আদালতে এবং কমপক্ষে তার শাস্তি হয় তিন বছর।

যদি আল্লাহ (সুবঃ) এর জন্য তাদের সামান্যতমও সম্মানবোধ থাকতো তাহলে তারা নিজেদেরকে এবং তাদের শাসকদেরকে আল্লাহর (সুবঃ) সমতুল্য করতনা। উপরন্তু তারা এর চেয়ে আগে বেড়ে তাদের রবদেরকে (শাসকদেরকে) আল্লাহর চেয়ে বেশী সম্মান করে। প্রথম যুগের মুশরিকরাও তাদের শরীকদের কে আল্লাহর ন্যায় ভালবাসত এবং তারা তাদের রবদেরকে (সমাজপতিদের) বিধান প্রণয়ন, সম্মান প্রদান ও ইবাদতের ক্ষেত্রে আল্লাহর সমতুল্য সাব্যস্ত করত। আল্লাহ (সুবঃ) বলেন:

وَمِنَ النَّاسِ مَنْ يَتَّخِذُ مِنْ دُونِ اللَّهِ أَنْدَادًا يُحِبُّونَهُمْ كَحُبِّ اللَّهِ

অর্থ: 'এবং মানুষের মাঝে এমন কিছু লোক রয়েছে যারা আল্লাহ ছাড়া অন্যদেরকে এমনভাবে অংশীদার সাব্যস্ত করে যে, তাদেরকে তারা ভালবাসে আল্লাহকে ভালবাসার মত'।[সূরা বাক্বারা: ১৬৫]

অন্যত্র ইরশাদ হয়েছে:

تَاللَّهِ إِنْ كُنَّا لَفِي ضَلَالٍ مُبِينٍ (৯৭) إِذْ نُسَوِّيكُمْ بِرَبِّ الْعَالَمِينَ (৯৮)

অর্থ: 'আল্লাহর কসম! আমরাতো সেই সময় স্পষ্ট বিভ্রান্তিতে লিপ্ত ছিলাম। যখন আমরা তোমাদেরকে রাব্বুল আলামীনের সমকক্ষ মনে করতাম'। [সূরা শুআ'রা: ৯৭,৯৮]

আর আমাদের সময়ের মুশরিকরা তাদের চেয়ে অধিক ধৃষ্টতা দেখিয়েছে এবং তাদের রবদেরকে আল্লাহর উপর স্থান দিয়েছে। (তারা যা কিছু বলে আল্লাহ তাআলা তার অনেক উর্ধে)। তাদের আইন-কানুন এবং অবস্থা সম্পর্কে যার সামান্য অবগতি রয়েছে সে এ ব্যাপারে কোন আপত্তি তুলতে পারেনা।

সামনের আলোচনা থেকে পাঠকগণ বুঝতে পারবেন যে, তাদের নিকট প্রধান বিধানদাতা আল্লাহ রাব্বুল আলামীন নন, বরং তারা যাদের প্রণীত আইনের অনুসরণ করে সে সকল তাগুতই হল তাদের মূল ইলাহ। যাদেরকে তারা ভালবাসে এবং আল্লাহর চেয়ে বেশী সম্মান করে। যাদের জন্য এবং যাদের বিধি-বিধানের জন্য তারা লড়াই করে, প্রতিশোধ গ্রহণ করে এমনকি তা বাস্ত বায়নের জন্য সব ধরণের কষ্ট স্বীকারে সদা প্রস্তুত থাকে। যদি আল্লাহর দ্বীন ধ্বংস হয়ে যায় এবং তার শরীয়াতকে গালি দেওয়া হয় তাহলে তারা সামান্য প্রতিক্রিয়াও ব্যক্ত করে না। (বর্তমান সময়ের বাস্তব চিত্রই যার বড় প্রমাণ)

কুফরীর ষষ্ঠ কারণঃ

আল্লাহর বিধান বাদ দিয়ে নিজেদের পক্ষ থেকে বিধান রচনা করার কারণে তারা কাফের।

নিজেদের পক্ষ থেকে আইন প্রণয়ন এটা বর্তমান সময়ের একটি সর্বগ্রাসী শিরক। যার প্রচলন ঘটিয়েছে এই কুলাঙ্গার শাসকবর্গ এবং মানুষদেরকে তার দিকে আহ্বান করছে। প্রতিনিয়ত এ কাজে সদস্য হতে এবং অংশগ্রহণ করতে উদ্বুদ্ধ করছে। তারা তাদের সংবিধানে আল্লাহর তাওহীদ এবং সঠিক দ্বীনের বিরুদ্ধে আইন প্রণয়ন করছে। আর সংবিধান তাদেরকে সকল বিষয়ে আইন প্রণয়নের ক্ষমতা দিয়ে থাকে। [বাংলাদেশের সংবিধানের ১ম অনুচ্ছেদে ৭ এর (ক) ধারায় উল্লেখ আছে "প্রজাতন্ত্রের সকল ক্ষমতার মালিক জনগণ এবং জনগণের পক্ষে সেই ক্ষমতার প্রয়োগ কেবল এই সংবিধানের অধীনে ও কর্তৃত্বে কার্যকর হইবে"।]

যেমন জর্ডানের সংবিধানের ২৬ এর (ক) ধারা হল:

السلطة التشريعية تناط بالملك واعظاء مجلس الامة

"আইন প্রণয়নের ক্ষমতা বাদশা এবং জাতীয় পরিষদের সদস্যদের হাতে ন্যস্ত থাকবে।"

সংবিধানের ২৬ এর (খ) ধারায় আছে:

تمارس السلطة التشريعية صلاحيتهاوفقا لمواد الدستور

"আইন প্রণয়নের ক্ষমতা তখনই গ্রহণযোগ্য হবে যখন তা সংবিধানের মূলনীতি অনুযায়ী হবে।"

আল্লাহ (সুবঃ) মুশরিকদের ধিক্কার দিয়ে বর্ণনা করেছেন:

أَمْ لَهُمْ شُرَكَاءُ شَرَعُوا لَهُمْ مِنَ الدِّينِ مَا لَمْ يَأْذَنْ بِهِ اللَّهُ

অর্থ: 'তাদের জন্য কি এমন কিছু শরীক আছে, যারা তাদের জন্য দ্বীনের বিধান দিয়েছে, যার অনুমতি আল্লাহ দেননি।' [সূরা শু'রা : ২১]

অন্যত্র ইরশাদ হয়েছে:

أَأَرْبَابٌ مُتَفَرِّقُونَ خَيْرٌ أَمِ اللَّهُ الْوَاحِدُ الْقَهَّارُ

অর্থ: 'ভিন্ন ভিন্ন বহু রব শ্রেয়, নাকি ঐ এক আল্লাহ যার ক্ষমতা সর্বব্যাপী' [সূরা ইউসুফ: ৩৯]

আল্লাহ শুধু একটি মাসআলায় মুশরিকদের অনুসরণ করার ব্যাপারে বলেছেন:

وَإِنْ أَطَعْتُمُوهُمْ إِنَّكُمْ لَمُشْرِكُونَ

'আর তোমরা যদি তাদের অনুসরণ কর তাহলে নিশ্চয়ই তোমরা মুশরিকে পরিণত হবে' [সূরা আনআম: ১২১]

এ কথা স্পষ্ট যে, তারা আইন প্রণয়নের ক্ষেত্রে আল্লাহর সাথে বড় শিরক করেছে। জর্ডানের সংবিধানে উল্লেখ আছে:

ان الشريعة الاسلامية مصدر رئيسي من مصادرالتشريع

'আইন প্রণয়নের উৎস সমূহ থেকে প্রধান উৎস হল ইসলামী শরীয়াত।'[৪]

অর্থাৎ তারা আইন প্রণয়নে আল্লাহর একক ক্ষমতায় বিশ্বাসী নয়। বরং আইন প্রণয়নের ক্ষেত্রে তাদের ছোট বড় অনেক উৎস রয়েছে। আর ইসলামী শরীয়াত হল এ সমস্ত উৎসের একটি।

সারকথা হল : তাদের জন্য বিধানদানকারী অনেক প্রভূ রয়েছে, তাদের মধ্য থেকে কেউ বা প্রধান আবার কেউ বা ছোট। আর আল্লাহ রাব্বুল আলামীন হলেন এসব প্রভুদের মধ্য থেকে একজন। (তারা যা মিথ্যা বলে আল্লাহ (সুবঃ) তার থেকে অনেক উর্ধ্বে)

এই শাসকদের বিধি-বিধান সম্পর্কে যিনি অবগত তিনি অবশ্যই জেনে থাকবেন, তাদের মধ্যে একজন প্রধান থাকে। যার অনুমোদন ব্যতীত কোন আইন পাশ হয় না বা বাতিল হয় না। এই তাগুত-ই হল তাদের প্রধান বিধানদাতা তথা রব। চাই সে কোন বাদশা হোক বা প্রধানমন্ত্রী হোক বা প্রেসিডেন্ট হোক অথবা হোক কোন আমীর।

যদি আসমানে অবস্থিত মহান রবের বিধান থেকে কোন কিছুর প্রস্তাব পেশ করা হয়, তাহলে তাদের মনোনীত পৃথিবীর এই মিথ্যা রবের সন্তুষ্টি এবং

---

[৪] আর বাংলাদেশের সংবিধানের ১ম অনুচ্ছেদে ৭ এর (খ) ধারায় উল্লেখ আছে, "জনগণের অভিপ্রায়ের পরম অভিব্যক্তিরূপে এই সংবিধান প্রজাতন্ত্রের সর্বোচ্চ আইন এবং অন্য কোন আইন যদি এই সংবিধানের সহিত অসামঞ্জস্য হয়, তাহা হইলে সেই আইনের যতখানি অসামঞ্জস্যপূর্ণ, ততখানি বাতিল হইবে।" (সুতরাং দেখা যাচ্ছে বাংলাদেশ সংবিধানে আইনের প্রধান উৎস হিসাবে তো দূরের কথা, শাখা উৎস হিসাবে ইসলামী শরীয়াত নেই।)

অনুমোদন ব্যতীত তা বাস্তবায়ন হয় না। যদি সে অনুমোদন না করে তাহলে তা বতিল বলে গণ্য হয়।

আর এদের কুফর কুরাইশ কুফ্ফারদের কুফরের চেয়েও জঘন্যতম। কেননা তারা আল্লাহর সাথে একাধিক 'ইলাহ' এবং বহু রবের শরীক করতো, আর এ শিরক ছিল শুধু ইবাদাত তথা রুকু, সিজদার মাঝে সীমাবদ্ধ। পক্ষান্তরে এই তাগুতরা আল্লাহর শরীক সাব্যস্ত করে সকল বিধি-বিধানের ক্ষেত্রে। যার দুঃসাহস তৎকালিন মুশরিকরাও দেখাতে পারেনি। ফলে এদের শিরক হল অত্যাধিক জঘন্য ও ঘৃণিত। কেননা কুরাইশের মুশরিকরা আল্লাহ (সুবঃ) কে তাদের সবচেয়ে বড় এবং মহান রব হিসেবে গ্রহণ করেছিল। বরং তাদের বিশ্বাস ছিল তারা এ সমস্ত মূর্তির পূজা করে যাতে করে এরা তাদেরকে আসমানে অবস্থিত মহান রব আল্লাহ রাব্বুল আলামীনের নিকটবর্তী করে দেয়।

مَا نَعْبُدُهُمْ إِلَّا لِيُقَرِّبُونَا إِلَى اللَّهِ زُلْفَى

'আমরা কেবল এজন্যই তাদের ইবাদাত করি যে, তারা আমাদেরকে আল্লাহর নিকটবর্তী করে দেবে।'[সূরা যুমার: ৩]

তাদের কেউ কেউ আবার হজ্জের সময় তালবিয়া পাঠ করত:

لَبَّيْكَ لاَ شَرِيكَ لَكَ إِلاَّ شَرِيكًا هُوَ لَكَ تَمْلِكُهُ وَمَا مَلَكَ

অর্থ: 'হে আল্লাহ আমি উপস্থিত। তোমার কোন শরীক নেই কিন্তু একজন যার মালিক তুমি স্বয়ং এবং তার মালিকানাধীন সবকিছুর অধিকার তোমারই।' [সহীহ মুসলিম: কিতাবুল হাজ্জ: ২২-(১১৮৫)]

এই সমস্ত মুশরিকরা এ কথা স্বীকার করে যে, আল্লাহ (সুবঃ) রিযিক দান করেন। তিনিই মৃতকে জীবিত করেন। তিনিই আসমান থেকে বৃষ্টি বর্ষণ করেন, ফসল উৎপন্ন করেন, সুস্থতা দান করেন। যাকে চান পুত্র সন্তান দান করেন আর যাকে চান কন্যা সন্তান। অথবা কাউকে উভয়টা দিয়ে থাকেন কিংবা কাউকে বন্ধ্যা বানান।

এগুলোর কোনটির ক্ষমতা তাদের বাদশা বা সরকারের নেই। কিন্তু বর্তমান শাসকদের সাহায্যকারী সাংবাদিক, সৈনিক সহ অন্যান্য সরকারী আমলাদের বিশ্বাস হলো আইন প্রণয়ন করা এবং বিধি-বিধান প্রবর্তনের ক্ষমতা তাদের এই সমস্ত শাসক বা রবদের আছে। আর এই তাগুত গুলোই হল তাদের জমিনের ইলাহ। এরা শিরকের ক্ষেত্রে কুরাইশ কুফ্ফারদের মতই। কিন্তু এরা

এইসব ইলাহদের আদেশ নিষেধ এবং আইন কানুনকে আল্লাহর বিধি-বিধানের চেয়ে বেশী সম্মান করে থাকে। সুতরাং ঐ ব্যক্তির জন্য ধ্বংস যে আবু জাহেল এবং আবু লাহাবের চেয়েও নিকৃষ্টতম কাফের।

জেনে রাখা উচিৎ! এই সমস্ত লোকদের কুফর এবং শিরকের আরো অনেক কারণ রয়েছে। আমরা যদি সবগুলি এখানে উল্লেখ করি তাহলে লেখা অনেক দীর্ঘ হয়ে যাবে।

কুফরীর প্রায় সকল কারণ তাদের মধ্যে বিদ্যমান। বরং এই ক্ষেত্রে তারা অনেক আগে বেড়েছে। কিন্তু যা আলোচনা হলো তা-ই সত্য সন্ধানীর জন্য যথেষ্ট। তবে আল্লাহ (সুবঃ) যদি কারো অন্তরে মহর অংকিত করে দেন আর তার সামনে পাহাড় সমান প্রমাণ পেশ করা হয় তাহলে সেটা তার কোন কাজে আসবে না। তথাপি সে সত্য অনুসন্ধান করবে না।

এই অধ্যায়গুলোতে আমরা যা বুঝাতে চেয়েছি তা হলো এই সমস্ত লোকদের কুফরী শুধুমাত্র এক কারণে নয় যা কোন ব্যক্তি বিশেষের উক্তি বা সংশয়কে কেন্দ্র করে সৃষ্টি হয়েছে। বরং তারা শিরক ও কুফরের অতল গহ্বরে নিমজ্জিত।

তাদের যুক্তি খন্ডন:

ইবনে আব্বাস (রাযিঃ) এর মতের সঠিক ব্যাখ্যা:

আলী (রাঃ) এবং মুওয়াবিয়া (রাঃ) এর মধ্যে মতপার্থক্য এবং ভ্রাতৃঘাতী যুদ্ধের অবসান ঘটানোর জন্য উভয় পক্ষ থেকে একজন করে সালিস নির্ধারণ করা হল। তখন খারেজীরা ক্ষেপে উঠলো এবং বলতে লাগল حكمتم الرجال 'তোমরা মানুষদেরকে বিচারের ভার দিয়েছো' অতঃপর এই আয়াত পাঠ করতে লাগল

وَمَنْ لَمْ يَحْكُمْ بِمَا أَنْزَلَ اللّٰهُ فَأُولَئِكَ هُمُ الْكَافِرُونَ

"যারা আল্লাহর নাযিলকৃত বিধান অনুসারে ফায়সালা করে না তারা কাফের।" তখন ইবনে আব্বাস (রাঃ) বললেন, كفر دون كفر 'এটা সে পর্যায়ের কুফর নয়'।

আমাদের এই অধ্যায়গুলোতে সবচেয়ে বেশী অনুধাবন করার বিষয় হল আমরা এখানে যে শিরক ও কুফরের কথা বলেছি, তা হলো আল্লাহর আইনের পরিবর্তে নিজের পক্ষ থেকে আইন প্রণয়ন করা এবং সে আইনেই বিচার

পরিচালনা করা। আমাদের কথার অর্থ এই নয় যে, আল্লাহ প্রদত্ত বিধানের অনুসারী কোন মুসলিম শাসক কোন বিচার কার্যে ইসলামী শরীয়তের সঠিক বাস্তবায়নের ক্ষেত্রে স্বীয় প্রবৃত্তির তাড়নায় কোন শিথিলতা করে ফেললে সে সাথে সাথে কাফের হয়ে যাবে। (বিষয়টি ভালভাবে হৃদয়ঙ্গম করা জরুরী)

আর ইবনে আব্বাস (রাঃ) থেকে যে উক্তিটি (كفر دون كفر) বর্ণিত আছে বলে উল্লেখ করা হয়, [৫] তার সম্পর্ক হল এই দ্বিতীয় পর্যায়ের শাসকদের সাথে। আর প্রথম পর্যায়ের শাসকদের (যাদের শিরকের আলোচনা পূর্বে সবিস্তারে উদ্ধৃত হয়েছে) বিষয়ে ইবনে আব্বাস (রাঃ) এর সাথে খারেজীদের কোনই মতানৈক্য হয়নি। কেননা সে জামানায় মুসলমানদের এমন একজন শাসকও ছিলেন না যিনি আল্লাহর সাথে সাথে নিজেকেও আইন প্রণয়নের অধিকারী হিসেবে দাবি করার মত দুঃসাহস দেখাতে পারেন। অথবা কোন একটি বিষয়ে নিজের পক্ষ থেকে কোন বিধান প্রণয়নের কথা ভাবতে পারেন। কেননা এটা তাদের নিকট সর্বসম্মতিক্রমে বড় কুফর ছিল (যা কোন মানুষকে ইসলাম থেকে বের করে দেয়)।

আর ইবনে আব্বাস (রাঃ);

---

[৫] মুসতাদরাকে হাকেম এর বর্ণনাটিতে আল হাকিম বর্ণনা করেন, আলী বিন হারব থেকে , তিনি সুফিয়ান বিন উয়াইনাহ থেকে, তিনি হিশাম বিন হুজাইর থেকে, তিনি তাউস থেকে বণর্না করেন যে, ইবনে অব্বাস বলেছেন, 'এটা ঐ কুফর নয় যেদিকে তোমরা ঝুকে পড়ছ (বুঝাতে চাচ্ছ), "আল্লাহ যা নাযিল করেছেন সেই অনুযায়ী যারা ফায়সালা করে না তারা কাফির" হচ্ছে ছোট কুফর বড় কুফর নয় [কুফর দুনা কুফর]'। [আলমুস্তাদরাকে হাকেম, ভলিয়ম :২, পৃ:৩১৩]

হাদীসটির বিশুদ্ধতা ঃ যদিও আল হাকেম উক্ত হাদীসটিকে সহীহ বলেছেন; কিন্তু সত্যতা হল এই যে, ইমাম আহমাদ, ইয়াহইয়া ইবনে হুযাইর এবং আরও অনেকে হিশাম ইবনে হুযাইরকে 'যাঈফ' বলেছেন (দেখুন তাহযীব আত তাহযীব, খন্ড:৬/২৫)। ইবনে আদিও তাকে 'যাঈফ' বণর্নাকারীদের মধ্যে উল্লেখ করেছেন এবং আল উকাইলীও একই কথা বলেছেন (আয যুআফা আল কাবীর ,খন্ড ৪/২৩৮)। সুতরাং এই হাদীসটিকে প্রমাণ হিসাবে পেশ করা যাবে না এবং এই একই রাবী হিশাম বিন হুযাঈর এর কারণেই প্রায় একই হাদীসের আরেকটি বণর্না যা ইবনে কাসীর উল্লেখ করেছেন (তাফসীরুল কুরআনিল আযীম, খন্ড ২/৬২) সেটিও 'যাঈফ' এবং দলীল হিসাবে অগ্রহণযোগ্য।

وَإِنْ أَطَعْتُمُوهُمْ إِنَّكُمْ لَمُشْرِكُونَ

'আর তোমরা যদি তাদের অনুসরণ কর তাহলে নিশ্চয় তোমরা মুশরিকে পরিণত হবে'। [সূরা আনআম: ১২১] এ আয়াত অবতীর্ণ হওয়ার কারণ উল্লেখ করে বলেন, এ আয়াত অবতীর্ণ হয়েছে কোন একটি বিধানে মুশরিকদের অনুসরণ করার ব্যাপারে। [তানবীরুল মিক্ববাস মিন তাফসীরি ইবনে আব্বাস: ১/১৫৩]

সেই জামানার খারেজীরা যে বিষয় নিয়ে কোন্দল সৃষ্টি করেছিল তা যদি حكم তথা বিচার পরিচালনাকে تشـــريع তথা আইন প্রণয়নের অর্থে নিত, তাহলে ইবনে আব্বাস (রাঃ) কিছুতেই আইন প্রণয়নকে كفــر دون كفر বলতেন না। আর এটা বলা কিভাবেই বা তার পক্ষে বলা সম্ভব? কারণ তিনি তো ছিলেন কুরআনের উত্তম ব্যাখ্যাকারী।

বরং ঐ জামানার খারেজীরা,

وَمَنْ لَمْ يَحْكُمْ بِمَا أَنْزَلَ اللّٰهُ فَأُولَئِكَ هُمُ الْكَافِرُونَ

"যারা আল্লাহর নাযিলকৃত বিধান অনুসারে ফায়সালা করে না তারাই কাফের।"[সূরা মায়িদা: ৪৪]

এই আয়াতটি সাহাবায়ে কিরামের কিছু ইজতিহাদী বিষয়কে ভুল সাব্যস্ত করে ব্যবহার করত।

তার একটি দৃষ্টান্ত হল যখন আলী (রাঃ) এবং মুওয়াবিয়া (রাঃ) এর মধ্যে মতপার্থক্য এবং ভ্রাতৃঘাতী যুদ্ধের অবসান ঘটানোর জন্য উভয় পক্ষ থেকে একজন করে সালিস নির্ধারণ করা হল। তখন খারেজীরা ক্ষেপে উঠলো এবং বলতে লাগল حكمتم الرجــال 'তোমরা মানুষদেরকে বিচারের ভার দিয়েছো' অতঃপর এই আয়াত পাঠ করতে লাগল:

وَمَنْ لَمْ يَحْكُمْ بِمَا أَنْزَلَ اللّٰهُ فَأُولَئِكَ هُمُ الْكَافِرُونَ

"যারা আল্লাহর নাযিলকৃত বিধান অনুসারে ফায়সালা করে না তারাই কাফের।"

এবং তারা দাবি করত যে ব্যক্তিই বিচার পরিচালনার ক্ষেত্রে সামান্য কমবেশী করল, তার ব্যাপারেই বলা যাবে যে, সে আল্লাহর বিধান মোতাবেক বিচার পরিচালনা করল না সুতরাং সে কাফের। তাই তারা নিযুক্ত উভয় বিচারক

এবং তাদের বিচারের ব্যাপারে যারা সন্তুষ্ট ছিল সকলকে কাফের বলে ঘোষণা করল। এমনকি আলী (রাঃ) এবং মুওয়াবিয়া (রাঃ)-কেও কাফের বলতে লাগল (নাউযুবিল্লাহ)। আর এটাই ছিল খারেজীদের ইসলামের গন্ডি থেকে বের হওয়ার প্রথম কারণ। আর এ কারণেই তাদের প্রথম ফেরকাকে محكمة 'মাহকামাহ্' বলা হয়।

এ ব্যাপারে সাহাবায়ে কিরাম (রাঃ) তাদের সাথে আলোচনা পর্যালোচনা করলেন। ইবনে আব্বাস (রাঃ) ছিলেন যাদের অন্যতম। তিনি তাদেরকে বুঝাতে চেষ্টা করলেন, এই বিচারক নির্ধারণ মুসলমানদের মাঝে বিবাদ মিটানোর জন্য। এটাতো আল্লাহর বিধান ব্যতিরেকে এমন বিচার পরিচালনার জন্য নয় যাকে কুফরী বলা যায়। এবং তিনি প্রমাণ স্বরূপ কুরআনের আপর একটি আয়াত পেশ করলেন যা অবতীর্ণ হয়েছে স্বামী-স্ত্রীর মধ্যে বিবাদ মেটানোর জন্য।

وَإِنْ خِفْتُمْ شِقَاقَ بَيْنِهِمَا فَابْعَثُوا حَكَمًا مِنْ أَهْلِهِ وَحَكَمًا مِنْ أَهْلِهَا

"আর যদি তোমরা তাদের উভয়ের মধ্যে বিচ্ছেদের আশঙ্কা কর তাহলে স্বামীর পরিবার থেকে একজন বিচারক এবং স্ত্রীর পরিবার থেকে একজন বিচারক পাঠাও।" [সূরা নিসা: ৩৫]

স্বামী-স্ত্রীর মধ্যকার বিবাদ মিটানোর জন্য যদি বিচারক নির্ধারণ বৈধ হয় তাহলে মুহাম্মদ (সাঃ) এর উম্মতের মাঝে রক্তক্ষয়ী যুদ্ধ বন্ধ করার জন্য কেন বৈধ হবে না?

ইতিহাসে উল্লেখ আছে এভাবে তিনি আরো দলিল পেশ করেন। এবং তিনি বলেন এই বিষয়টিকে (যদিও তার মাঝে কিছু ভুল-ভ্রান্তি ও সত্যবিচ্যুতি হয়েছে) তোমরা যে ধরণের কুফর মনে করছ এটা সে ধরণের বড় কুফর নয়। আর এ কথার উপর ভিত্তি করেই كفر دون كفر বাক্যটিকে ইবনে আব্বাস (রাঃ) এর দিকে সম্বন্ধযুক্ত করা হয়। এ ঘটনার পর তাদের একদল ভুল বুঝতে পেরে সত্য পথে ফিরে আসে। অপর দল আপন অবস্থায় অটল থাকে। অতঃপর আলী (রাঃ) এবং সাহাবায়ে কিরাম তাদের বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করেন।

সুতরাং একটু ভেবে দেখুন! আল্লাহর সাথে নিজেকেও বিধানদাতা বানানো, আল্লাহর বিধানকে পরিবর্তন করা, গাইরুল্লাহকে বিধানদাতা হিসেবে গ্রহণ করা, গণতন্ত্র বা সমাজতন্ত্র অথবা অন্য কোন তন্ত্র-মন্ত্রকে দ্বীনরূপে গ্রহণ করা

আর অন্য দিকে সাহাবায়ে কিরাম (রাঃ) এবং খারেজীদের মাঝে যে বিষয়ে মতানৈক্য হয়েছে এবং সাহাবায়ে কিরাম তাদের সাথে কথা বলে তাদের দাবিকে মিথ্যা প্রতিপন্ন করেছেন ও ছোট কুফর বলে ঘোষণা দিয়েছেন এই দুই বিষয়ের মাঝে আদৌ কি সামান্যতম মিল আছে? **তাহলে সাহাবায়ে কিরামের এই ঘটনার দ্বারা বর্তমান সময়ে দলিল পেশ করে এই সমস্ত স্পষ্ট এবং জঘন্য কাফেরদের পক্ষে কেন সাফাই গাওয়া হচ্ছে?**

সারকথা হলঃ আল্লাহ (সুবঃ) এর বাণীঃ

وَمَنْ لَمْ يَحْكُمْ بِمَا أَنْزَلَ اللّٰهُ فَأُولٰئِكَ هُمُ الْكَافِرُونَ

"যারা আল্লাহর নাযিলকৃত বিধান অনুসারে ফায়সালা করে না তারাই কাফের।" এটা দুই ধরণের কুফরকে শামিল করেঃ বড় কুফর ও ছোট কুফর। ইসলামী শরীয়ার অনুসারী মুসলিম শাসক যদি জুলুম অথবা অন্যায়ভাবে বিচার পরিচালনা করে তাহলে তা ছোট কুফর। আর যদি নিজের পক্ষ থেকে আইন প্রণয়ন করে তাহলে তা হবে স্পষ্ট বড় কুফর।

আর এ কারণেই সালাফে সালেহীনগণ এই আয়াতকে যখন প্রথম ক্ষেত্রে (অর্থাৎ জুলুম ও অন্যায়ের ক্ষেত্রে) ব্যবহার করতেন তখন এটাকে ছোট কুফরের অর্থে ব্যবহার করতেন। আর যখন দ্বিতীয় ক্ষেত্রে (অর্থাৎ আইন প্রণয়ন ও আইন পরিবর্তনের ক্ষেত্রে) প্রমাণ পেশ করতেন তখন এটাকে স্বাভাবিক তথা বড় কুফরের অর্থে গ্রহণ করতেন। যদিওবা এই আয়াতের মূল অর্থ হল বড় কুফর। কেননা এই আয়াত অবতীর্ণ হয়েছিল ইহুদীদের সম্পর্কে যখন তারা আল্লাহর আইন বাদ দিয়েছিল এবং নিজেদের তৈরী আইনের উপর ঐক্যমত পোষন করেছিল। আর তাদের এই কাজ ছিল প্রকাশ্য বড় কুফর যা মানুষকে ইসলাম থেকে বের করে দেয়। এই বিষয়টিতে বিন্দুমাত্র সন্দেহের অবকাশ নেই। যেমনটি সহীহ মুসলিমে আছেঃ

مُرَّ عَلَى النَّبِىِّ –صلى الله عليه وسلم– بِيَهُودِىٍّ مُحَمَّمًا مَجْلُودًا فَدَعَاهُمْ –صلى الله عليه وسلم– فَقَالَ « هَكَذَا تَجِدُونَ حَدَّ الزَّانِى فِى كِتَابِكُمْ ».

قَالُوا نَعَمْ. فَدَعَا رَجُلاً مِنْ عُلَمَائِهِمْ فَقَالَ « أَنْشُدُكَ بِاللَّهِ الَّذِى أَنْزَلَ التَّوْرَاةَ عَلَى مُوسَى أَهَكَذَا تَجِدُونَ حَدَّ الزَّانِى فِى كِتَابِكُمْ ». قَالَ لاَ وَلَوْلاَ أَنَّكَ نَشَدْتَنِى بِهَذَا لَمْ أُخْبِرْكَ نَجِدُهُ الرَّجْمَ وَلَكِنَّهُ كَثُرَ فِى أَشْرَافِنَا فَكُنَّا إِذَا أَخَذْنَا الشَّرِيفَ تَرَكْنَاهُ وَإِذَا

أَخَذْنَا الضَّعِيفَ أَقَمْنَا عَلَيْهِ الْحَدَّ قُلْنَا تَعَالَوْا فَلْنَجْتَمِعْ عَلَى شَيْءٍ نُقِيمُهُ عَلَى الشَّرِيفِ وَالْوَضِيعِ فَجَعَلْنَا التَّحْمِيمَ وَالْجَلْدَ مَكَانَ الرَّجْمِ. فَقَالَ رَسُولُ اللَّهِ -صلى الله عليه وسلم- « اللَّهُمَّ إِنِّي أَوَّلُ مَنْ أَحْيَا أَمْرَكَ إِذْ أَمَاتُوهُ ». فَأَمَرَ بِهِ فَرُجِمَ فَأَنْزَلَ اللَّهُ عَزَّ وَجَلَّ (يَا أَيُّهَا الرَّسُولُ لاَ يَحْزُنْكَ الَّذِينَ يُسَارِعُونَ فِي الْكُفْرِ) إِلَى قَوْلِهِ (إِنْ أُوتِيتُمْ هَذَا فَخُذُوهُ) يَقُولُ ائْتُوا مُحَمَّدًا -صلى الله عليه وسلم- فَإِنْ أَمَرَكُمْ بِالتَّحْمِيمِ وَالْجَلْدِ فَخُذُوهُ وَإِنْ أَفْتَاكُمْ بِالرَّجْمِ فَاحْذَرُوا. فَأَنْزَلَ اللَّهُ تَعَالَى (وَمَنْ لَمْ يَحْكُمْ بِمَا أَنْزَلَ اللَّهُ فَأُولَئِكَ هُمُ الْكَافِرُونَ) (وَمَنْ لَمْ يَحْكُمْ بِمَا أَنْزَلَ اللَّهُ فَأُولَئِكَ هُمُ الظَّالِمُونَ) (وَمَنْ لَمْ يَحْكُمْ بِمَا أَنْزَلَ اللَّهُ فَأُولَئِكَ هُمُ الْفَاسِقُونَ) فِي الْكُفَّارِ كُلُّهَا

রাসূলুল্লাহ (সাঃ) একবার জিনার অপরাধে দন্ডপ্রাপ্ত কালিমাখা এক ইয়াহুদীর পাশ দিয়ে যাচ্ছিলেন। তখন রাসূল (সাঃ) ইয়াহুদীদেরকে ডাকলেন এবং বললেন তোমাদের কিতাবে কি জিনার শাস্তি এটাই আছে? তারা বলল হ্যাঁ! অতঃপর রাসূল (সাঃ) তাদের একজন আলেমকে ডাক দিয়ে বললেন, তোমাকে ঐ সত্তার শপথ করে বলছি যিনি মুসা (আঃ) এর উপর তাওরাত অবতীর্ণ করেছেন, তোমরা কি তোমাদের কিতাবে জিনার শাস্তি এমনটিই পেয়েছ? সে বলল, আল্লাহর শপথ! আপনি যদি আমাকে শপথ না দিতেন তাহলে আমি আপনাকে বলতাম না, আমরা আমাদের কিতাবে জিনার শাস্তি পেয়েছি 'রজম' (প্রস্তর নিক্ষেপে হত্যা)। কিন্তু আমাদের মর্যাদাশীল ব্যক্তিরা অহরহ জিনায় জড়িয়ে পড়েছে। এহেন পরিস্থিতিতে আমাদের মধ্য থেকে যখন কোন মর্যাদাবান লোক জিনা করত আমরা তাকে ছেড়ে দিতাম। আর কোন সাধারণ লোক জিনা করলে আমরা তার উপর 'হদ' (দন্ডবিধি) কায়েম করতাম। পরবর্তীতে আমরা এ বিষয়ে পরস্পরে পরামর্শ করলাম। যে, আসুন আমরা জিনার জন্য এমন একটি বিধান প্রণয়ন করি যা বিশিষ্ট সাধারণ সকল মানুষের ক্ষেত্রে প্রযোজ্য হয়। তখন কালি মাখা এবং দোররা মারার ব্যাপারে আমাদের ঐকমত হয়। এতদশ্রবণে রাসূল (সাঃ) বললেন, হে আল্লাহ আমিই সর্বপ্রথম তোমার এমন আদেশকে জীবিত করেছি যে আদেশকে তারা শেষ করে ফেলেছিল। তখন আল্লাহ (সুবঃ) অবতীর্ণ করেন:

وَمَنْ لَمْ يَحْكُمْ بِمَا أَنْزَلَ اللَّهُ فَأُولَئِكَ هُمُ الْكَافِرُونَ (والظالمون, والفاسقون)

"যারা আল্লাহর নাযিলকৃত বিধান অনুসারে ফায়সালা করে না তারাই কাফের"[৬] (যালেম[৭] ও ফাসেক[৮])। এ সবগুলো আয়াত কাফেরদের সম্পর্কেই অবতীর্ণ হয়। [সহীহ মুসলিম: কিতাবুল হুদূদ: ২৮-(১৭০০)]
যদি খারেজীরা এই আয়াতকে এমন ব্যক্তির ক্ষেত্রে প্রয়োগ করত যে ইয়াহুদীদের মত আল্লাহর আইনকে পরিবর্তন কিংবা বর্জন করে নিজেদের রচিত আইন দ্বারা বিচার ফায়সালা করে তাহলে আব্বাস (রাঃ) সহ অন্য সাহাবায়ে কিরাম কিছুতেই তাদের এই সিদ্ধান্তকে অস্বীকার করতেন না এবং এই আয়াতের আসল অর্থই বর্ণনা করতেন। অন্য কোন ব্যাখ্যার দিকে যেতেন না। আসল ব্যাপার হল সেই যামানায় এ ধরণের বড় কুফর অর্থাৎ আল্লাহর আইনকে পরিবর্তন করে মানব রচিত আইনে বিচার পরিচালনার অস্তিত্বই ছিলনা। কারণ যদি এর অস্তিত্ব থাকতই তাহলে তারা এর প্রমাণ স্বরূপ শুধু এই একটি আয়াত কেন বরং এর চেয়ে বেশী স্পষ্ট ও অধিক উপযোগী একাধিক আয়াত পেশ করত। (যে সমস্ত আয়াতের ব্যাপারে কোন দ্বিমত নেই।) যেমন আল্লাহ (সুবঃ) বলেন:

أَمْ لَهُمْ شُرَكَاءُ شَرَعُوا لَهُمْ مِنَ الدِّينِ مَا لَمْ يَأْذَنْ بِهِ اللَّهُ

অর্থ: 'তাদের কি এমন শরীক আছে যারা তাদের জন্য বিধান দিয়েছে এমন দ্বীনের যার অনুমতি আল্লাহ দেননি।' [সূরা শু'রা : ২১]

وَإِنَّ الشَّيَاطِينَ لَيُوحُونَ إِلَى أَوْلِيَائِهِمْ لِيُجَادِلُوكُمْ وَإِنْ أَطَعْتُمُوهُمْ إِنَّكُمْ لَمُشْرِكُونَ

আর শয়তানরা তাদের বন্ধুদেরকে প্ররোচনা দেয়, যাতে তারা তোমাদের সাথে বিবাদ করে। আর যদি তোমরা তাদের আনুগত্য কর, তবে নিশ্চয় তোমরা মুশরিক। [সূরা আনআম: ২১]

وَمَنْ يَبْتَغِ غَيْرَ الْإِسْلَامِ دِينًا فَلَنْ يُقْبَلَ مِنْهُ

অর্থ: 'যে ব্যক্তি ইসলাম ছাড়া অন্য কোন দ্বীন কবুল করতে চাবে তার থেকে তা কবুল করা হবে না।'[আল ইমরান: ৮৫]

---

[৬] সূরা মায়িদা: ৪৪।
[৭] সূরা মায়িদা: ৪৫।
[৮] সূরা মায়িদা: ৪৭।

এ সকল স্পষ্ট ও অকাট্য আয়াতকে এই জন্য দলিল হিসেবে পেশ করে নাই যে, আলোচ্য আয়াতগুলোর কোন একটি বিষয়ও সাহাবায়ে কিরামের সময় বিদ্যমান ছিল না।

সুতরাং সাহাবায়ে কিরাম (রাঃ) খারেজীদের উত্তরে যে কথা বলেছিলেন তা এই জামানার কুফর ও শিরক নিমজ্জিত শাসনের পক্ষে প্রমাণ স্বরূপ পেশ করা নিতান্তই অযৌক্তিক ও অজ্ঞতার পরিচায়ক। সুতরাং কোন ব্যক্তি যদি এই কাজটি করে তাহলে সে সত্যকে মিথ্যার চাদরে ঢেকে ফেলার অপচেষ্টা চালালো এবং আলোকে আঁধারে পরিণত করার ব্যর্থ চেষ্টায় লিপ্ত হল। বরং (কা'বার রবের শপথ!) সে এক ভয়ানক অপরাধ করল।

ভাবার বিষয় হল, খারেজীরা সাহাবায়ে কিরামের যে বিষয়টি নিয়ে সমালোচনা করেছিল সেটি এবং বর্তমান শাসকদের অবস্থা এক নয়। বরং উভয়ের মধ্যে আকাশ পাতাল পার্থক্য রয়েছে। কিন্তু কোন ব্যক্তি যদি উভয় বিষয়কে এক মনে করে, তাহলে এর অর্থ দাঁড়ায় সাহাবায়ে কিরামের বিষয়টি এবং এই সমস্ত শিরক দুটি একই মাপের। আর সাহাবায়ে কিরামকে তাদের সমমাপের মনে করা মানে সাহাবায়ে কিরামকেও তাদের মত কাফের ভাবা (নাউযুবিল্লাহ)। আর যে ব্যক্তি সাহাবায়ে কিরামদের তাকফীর করবে সে নিজেই কাফের হয়ে যাবে। কেননা সাহাবায়ে কিরামের প্রতি আল্লাহ (সুবঃ) সন্তুষ্ট এবং তারাও আল্লাহর প্রতি সন্তুষ্ট। এটা কুরআনের স্পষ্ট আয়াত দ্বারা প্রমাণিত। সুতরাং ঐ সমস্ত শাসকদের শিরকসমূহ থেকে কোন একটিকেও যদি সাহাবায়ে কিরামের প্রতি সম্বন্ধযুক্ত করা হয় তাহলে তা কুরআনের স্পষ্ট আয়াতকে অস্বীকার করা হবে অথবা আল্লাহর ব্যাপারে বলা হবে যে, তিনি কাফেরদের ব্যাপারে সন্তুষ্ট হয়েছেন! আর এই সবগুলোই কুফরী।

সুতরাং হে মুমিনগণ তোমরা আল্লাহকে ভয় কর। এবং সাহাবায়ে কিরামের কাজকে এই জামানার কাফেরদের সাথে তুলনা করে নিজেদের কে ধ্বংসের মুখে ঠেলে দিও না।

দ্বিতীয় সংশয়:
তারা তো লা ইলাহা ইল্লাল্লাহ পাঠ করে।

তারা বলে: কিরূপে তোমরা আইন প্রণয়নকারী শাসকবৃন্দ ও তাদের সাহায্যকারী সমস্ত সৈনিক, নিরাপত্তাবাহিনীর সদস্য ও অন্যদেরকে কাফের ঘোষণা দাও? আর এ কারণে তোমরা তাদেরকে সালাম পর্যন্ত দাওনা, তাদের সাথে কাফের সূলভ আচরণ কর। অথচ তারা সাক্ষ্য দেয় لَا إِلَٰهَ إِلَّا اللهُ 'আল্লাহ ছাড়া কোন ইলাহ নেই।' তোমাদের কাছে কি উসামা (রাঃ) এর ঘটনা পৌছেনি?

উসামা বিন যায়েদ ইবনে হারিসা (রাঃ) বলেন যে, রাসূল (সাঃ) জুহায়না গোত্রের হুরাকা সম্প্রদায়ের বিরুদ্ধে যুদ্ধ করার জন্যে আমাদের পাঠালেন। আমরা খুব ভোরে সে সম্প্রদায়ের উপর আক্রমণ করলাম এবং আমরা তাদের পরাজিত করলাম। আমি এবং একজন আনসার এক ব্যক্তির পিছু নিলাম। আমরা যখন তাকে ঘিরে ফেল্লাম তখন সে لا إلـه إلا الله বলল, আনসার তার মুখে কালিমা শুনে নিবৃত হলেন। কিন্তু আমি তাকে বল্লম দ্বারা এমন আঘাত করলাম যে, তাকে মেরেই ফেল্লাম। আমরা যুদ্ধ ক্ষেত্র থেকে ফিরে এলে নাবী (সাঃ) এর নিকট এ খবরটি পৌছলো। তিনি আমাকে ডেকে বললেন ঃ হে উসামা ! তুমি কি তাকে لا إله إلا الله বলার পরেও হত্যা করে ফেলেছ? আমি আরয করলাম, হে আল্লাহর রাসূল! সে ব্যক্তিতো আত্মরক্ষার জন্যে এ কথা বলেছিল। রাসূল (সাঃ) আবার বললেনঃ তুমি কি তাকে لا إلـه إلا الله বলার পরে হত্যা করেছ? এভাবে রাসূল (সাঃ) বার বার আমার প্রতি একথা বলতে থাকেন। শেষ পর্যন্ত আমার মনে এ আকাঙ্ক্ষা উদয় হলো যে, হায়! আজকের এ দিনের আগে আমি ইসলাম গ্রহণ না করতাম। [সহীহ মুসলিম: কিতাবুল ঈমান: ১৫৯-(৯৬)]

আর আল্লাহ (সুবঃ) এরশাদ করেন:

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِذَا ضَرَبْتُمْ فِي سَبِيلِ اللَّهِ فَتَبَيَّنُوا وَلَا تَقُولُوا لِمَنْ أَلْقَى إِلَيْكُمُ السَّلَامَ لَسْتَ مُؤْمِنًا

অর্থ: 'হে মুমিনগণ, তোমরা যখন আল্লাহর পথে বের হবে তখন তোমরা পরীক্ষা করবে, আর তোমাদের কেহ সালাম করলে তাকে তোমরা বল না যে তুমি মুমিন না'। [নিসা :৯৪]
এমনিভাবে হাদীসে এরশাদ হয়েছে:

من مات و هو يشهد أن لا إله إلا الله و أن محمدا رسول الله صادقا من قلبه دخل الجنة

অর্থ: 'যে ব্যক্তি মৃত্যুবরণ করল আর সে সাক্ষ্য দিত আল্লাহ ছাড়া আর কোন ইলাহ নেই এবং মুহাম্মাদ (সাঃ) আল্লাহর রাসূল সে জান্নাতে প্রবেশ করবে'। [মুসনাদে আহমাদ সহীহ সনদে: ২২০০৩; তাবারানী ৭৯/২০; নাসাঈ: ১১৩৪; ইবনে খুজায়মা: ২/৭৮৭]
এমনিভাবে হাদীসে এক ব্যক্তির ব্যাপারে এসেছে, যে কিয়ামত দিবসে ৯৯ টি গোনাহের খাতা বহন করে আনবে আর সে নিজেকে ধ্বংস প্রাপ্তদের অন্তর্ভুক্ত ভাববে। এই খাতা গুলোকে لَا إِلَهَ إِلَّا اللّٰهُ লিখিত একটি চিরকুটের সাথে ওজন দেয়া হবে। অতঃপর চিরকুটের পাল্লাই ভারি হবে। [সুনানে ইবনে মাজা: ৪৩০০, তিরমিযী: ২৬৩৯; সনদ: সহীহ]
আরো এক হাদীসে এসেছে,

يسري على كتاب الله في ليلة فلا يبقى في الأرض منه آية و يبقى طوائف من الناس الشيخ الكبير و العجوز الكبيرة يقولون أدركنا آباءنا على هذه الكلمة لا إله إلا الله فنحن نقولها قال صلة بن زفر لحذيفة فما تغني عنهم لا إله إلا الله و هم لا يدرون ما صيام و لا صدقة و لا نسك ..... فقال : يا صلة تنجيهم من النار

"হুযাইফা (রাঃ) বর্ণনা করেন, রাসূল (সাঃ) বলেছেন কোন এক রাত্রিতে কিতাবুল্লাহকে উঠিয়ে নেয়া হবে, তার থেকে একটি আয়াতও জমিনে অবশিষ্ট থাকবে না। বৃদ্ধ মানুষের একটি দল থাকবে যারা জানবে না যে, সিয়াম কী জিনিস, সদকা কী জিনিস আর কুরবানীই বা কী জিনিস। তারা বলবে আমরা আমাদের পূর্ব পুরুষদেরকে এই কালিমা (لَا إِلَهَ إِلَّا اللّٰـه) এর উপর পেয়েছি, তাই আমরা এই কালিমা পাঠ করি। সেলাহ (হাদীস বর্ণনাকারী) (রহঃ) জিজ্ঞাসা করলেন لَا إِلَهَ إِلَّـا اللّٰـه তাদের কী উপকারে আসবে ? অথচ তারা জানে না সালাত কী জিনিস,সাদাকা কী জিনিস, কুরবানী কী জিনিস! হযরত

হুযাইফা (রাঃ) উত্তরে বললেন, হে সেলাহ! 'কালিমা তাদেরকে জাহান্নাম থেকে মুক্তি দিবে।" [মুসতাদরাকে হাকেম: ৮৬৩৫; হাকেম বলেন ইমাম মুসলীমের শর্তানুসারে সহীহ; ইমাম যাহাবী সনদের ব্যাপারে চুপ থেকেছেন।]

আমাদের জবাব: আল্লাহ (সুবঃ) ইরশাদ করেন:

هُوَ الَّذِي أَنْزَلَ عَلَيْكَ الْكِتَابَ مِنْهُ آيَاتٌ مُحْكَمَاتٌ هُنَّ أُمُّ الْكِتَابِ وَأُخَرُ مُتَشَابِهَاتٌ فَأَمَّا الَّذِينَ فِي قُلُوبِهِمْ زَيْغٌ فَيَتَّبِعُونَ مَا تَشَابَهَ مِنْهُ ابْتِغَاءَ الْفِتْنَةِ وَابْتِغَاءَ تَأْوِيلِهِ وَمَا يَعْلَمُ تَأْوِيلَهُ إِلَّا اللَّهُ وَالرَّاسِخُونَ فِي الْعِلْمِ يَقُولُونَ آمَنَّا بِهِ

অর্থ: 'তিনিই তোমার প্রতি এই কিতাব অবতীর্ণ করেছেন যার কিছু আয়াত 'মুহকাম' এইগুলি কিতাবের মূল আর অন্যগুলি 'মুতাশাবিহ' যাদের অন্তরে বক্রতা রয়েছে শুধু তারাই ফিতনা এবং ভুল ব্যাখ্যার উদ্দেশ্যে মুতাশাবিহাতের অনুসরণ করে। আল্লাহ ব্যতীত অন্য কেহ এর ব্যাখ্যা জানে না। আর যারা জ্ঞানে সুগভীর তারা বলে আমরা ইহা বিশ্বাস করি" [আল ইমরান :৭]

সুতরাং আল্লাহ (সুবঃ) স্পষ্ট ভাষায় বর্ণনা করেছেন: তিনি মানুষের জন্য প্রেরিত শরীয়তে কিছু মুহকাম আয়াত (স্পষ্ট আয়াত) দিয়েছেন- যার উপর শরীয়তের মূল ভিত্তি। মতবিরোধের সময় তার (মুহকাম আয়াত) থেকেই ফয়সালা গ্রহণ করতে হবে। এর বিপরীতে রয়েছে কিছু মুতাশাবিহ আয়াত (অস্পষ্ট আয়াত) যেগুলোর অর্থ একাধিক হওয়ার সম্ভাবনা থাকার কারণে প্রমাণের ক্ষেত্রে অস্পষ্ট। যার অর্থ আল্লাহ ছাড়া অন্য কেউ জানেনা। এ ধরণের আয়াতের দ্বারা আল্লাহর উদ্দেশ্য হলো বান্দাদেরকে পরীক্ষা করা যে, তারা কোন আয়াতগুলোর অনুসরণ করে।

অতএব যারা ভ্রান্তিবিলাসে মত্ত এবং পথভ্রষ্ট তারা এই মুতাশাবিহ আয়াত সমূহের অনুসরণ করে, আর মুহকাম আয়াত সমূহ ছেড়ে দেয়। যাতে করে তারা এই আয়াতগুলোর অপব্যাখ্যা দিতে পারে এবং মানুষের মাঝে বিভ্রান্তি ছড়াতে পারে।

যারা সত্যের অনুসারী ও মজবুত ইলমের অধিকারী তারা মুতাশাবিহ আয়াত সমূহকে মুহকামের উপর ন্যস্ত করেন। কেননা মুহকাম আয়াত হলো কিতাবুল্লাহ্র মূল অংশ এবং এর উপরই তার ব্যাখ্যার ভিত্তি।

